বলে, স্মরণ কর ওই কালেমায়ে শাহাদাতকে যার উপর দৃঢ় প্রতিষ্ঠিত থেকে এ দুনিয়া থেকে বিদায় নিয়েছ; আমার সাক্ষ্য যে, আল্লাহ্ ছাড়া কোন উপাস্য নেই এবং নিশ্চয় হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তার বান্দা ও রাসুল (আরও স্মরণ করা যে,) নিশ্চয় তুমি আল্লাহ্ তা'আলাকে রব হিসেবে, ইসলামকে সত্য দ্বীন হিসেবে, হযরত মুহাম্মদ মোস্তফাকে সত্য নবী হিসেবে এবং কোরআনকে ইমাম ও আদর্শ হিসেবে সম্মতি দিয়ে গ্রহণ করে নিয়েছ। তখন নিশ্চয় মুনকার ও নকীর উভয়ে পরস্পরের হাত ধরে বলবে, চলো আমরা ফিরে যাই, অকাট্য প্রমাণের তালক্বীন তাকে দেয়া হয়েছে তার কাছে বসে থাকার কোনও প্রয়োজন নেই।

তখন জনৈক ব্যক্তি জিজ্ঞেস করলেন, 'এয়া রাসূলাল্লাহ্! যদি সে ওই মৃত ব্যক্তির মায়ের নাম না জানে, তখন কি বলবে? প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বললেন, তখন সে তাকে তার আদি মাতা হাওয়া আলায়হিস্ সালামকে সম্বোধন করে বলবে, হে হযরত হাওয়া আলায়হাস্ সালাম-এর ছেলে অমুক!

নবম অধ্যায়
আউলিয়ায়ে কেরাম বিষয়ক

আউলিয়ায়ে কেরাম বিষয়ক

প্রশ্ন : আউলিয়ায়ে কেরামের মাযার শরীফের সামনে পশু জবাই করার হুকুম কি?

উত্তরঃ এ বিষয়ে ওলামায়ে কেরাম বিস্তারিত আলোচনা করেছেন, আর তা হলোঃ এ জবাইটা যদি কোন ওলীর নামে হয় অথবা তাঁর নৈকট্য অর্জনের উদ্দেশ্যে হয়, তাহলে তা গায়রুল্লাহ্ (আল্লাহ্ ছাড়া অন্য কারও) নামে জবাই করার সমতুল্য, তাই জবাইকৃত পশু মূলত: মৃত পশুর ন্যায় হারাম এবং এ কাজ সম্পাদনকারী গুনাহ্গার হবে, তবে কাফির হবে না। হ্যাঁ, যদি এর মাধ্যমে ওই ওলীর প্রতি তা'যিম-সম্মান এবং তাঁর ইবাদত উদ্দেশ্য হয় তাহলে তা কুফর। যেমনিভাবে যদি কেউ ইবাদতের উদ্দেশ্যে কোন ওলীকে সাজদাহ্ করে।

আর যদি তার জবাইয়ের উদ্দেশ্য একমাত্র আল্লাহ্ তা'আলা হয়ে থাকে এবং জবাইকৃত পশুর গোশত গরীব-মিসকিনদের মাঝে সদক্বাহ্ করে দেয় ওই ওলীর রূহের প্রতি ইসালে সাওয়াব হিসেবে, তা শুধুমাত্র জায়েজ নয় বরং তা সকল ইমাম ও ফক্বীহ্গণের মতে মুস্তাহাব। কেননা তা এক প্রকার সদক্বাহ্, যা মৃত ব্যক্তিদের পক্ষ থেকে করা হয় এবং যা তাদের প্রতি অনুগ্রহ ও ইহসানের বহিঃপ্রকাশ। যার প্রতি প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম আমাদেরকে নির্দেশ দিয়েছেন এবং উৎসাহ্ প্রদান করেছেন। তাই তা বুঝার চেষ্টা কর।

প্রশ্ন : আউলিয়ায়ে কেরামের উদ্দেশ্যে নজর-মান্নত করার হুকুম কি?

উত্তরঃ ওলামায়ে কেরামের ভাষ্য হলো, আউলিয়ায়ে কেরাম ও ওলামায়ে ইজামের মাজার শরীফের উদ্দেশ্যে নজর-মান্নত করা বৈধ ও শরীয়তসম্মত। যদি মান্নতকারীর এ নজর-নেয়াজের উদ্দেশ্য হয় শুধুমাত্র তাঁদের মাজারে অবস্থানরত তাঁদের সন্তানগণ এবং ফকীর-মিসকিনগণ অথবা যদি তা দ্বারা তাঁদের মাজার নির্মাণ বা সংস্কার উদ্দেশ্য হয়, কেননা এর মাধ্যমে তাঁদের মাজার জিয়ারতের সুব্যবস্থা করা হয়ে থাকে। যা বৈধ এবং প্রত্যাশিতও।

অনুরূপভাবে তাও বৈধ হবে যদি মান্নতকারী শর্তহীনভাবে তা দান করে এবং সুনির্দিষ্ট কোন নিয়তও না করে, আর যদি তা বৈধ প্রয়োজনে ও কল্যাণে ব্যয় করা হয়। হ্যাঁ, যদি তা দ্বারা কবরকে সম্মান করা এবং আল্লাহ্ তা'আলাকে বাদ দিয়ে কবরবাসীর নৈকট্য অর্জন করা উদ্দেশ্য হয় অথবা মৃত ব্যক্তি বা ওই ওলীর জন্যই মান্নত ও নজর করা হয় তাহলে ওই মান্নত সম্পাদিত হবে না, কেননা, তা হারাম।

এ কথা প্রমাণিত ও সত্য ও সর্বজনজ্ঞাত যে, কোন ঈমানদার কখনও এ ধরনের মান্নত করে না, তারা একমাত্র আল্লাহ্ তা'আলার উদ্দেশ্যেই করে থাকেন, যদিও তা কোন মাজার প্রাঙ্গণেই হোক না কেন।

প্রশ্ন : যখন মুসলমানগণ কোন কিছু মৃতদের উদ্দেশ্যে জবাই করেন তাতে সাধারণত তাদের কি উদ্দেশ্য থাকতে পারে?

উত্তরঃ জেনে রেখ, এতে মুসলমানদের একমাত্র উদ্দেশ্য হলো, তাঁদের পক্ষ থেকে দান-খয়রাত করা এবং তার সাওয়াব তাঁদের রূহে বখশিশ করা। তাই যখনি কোন মুসলমান কোন নবী বা ওলীর উদ্দেশ্যে কোন পশু জবাই করে অথবা তাঁদের জন্য কোন কিছু মান্নত করে মূলত তার উদ্দেশ্য হলো, তাঁদের পক্ষ থেকে সাজদা করা এবং তার মাধ্যমে প্রাপ্ত সাওয়াবকে তাঁদের রূহের উদ্দেশ্যে ন্যস্ত করা। ফলে তা মৃতদের জন্য জীবতদের পক্ষ থেকে হাদিয়া ও উপকারই। যার প্রতি শরীয়ত নির্দেশ প্রদান করেছে।

এ কথার উপর আহলে সুন্নাত এবং ওলামায়ে উম্মত ঐক্যমত পোষণ করেছেন যে, জীবিতদের পক্ষ থেকে মৃতদের জন্য সাজদা অত্যন্ত উপকারী এবং তা তাদের রূহে অবশ্যই পৌঁছে।

প্রশ্ন : মৃতদের প্রতি দান-খয়রাতের সাওয়াব পৌঁছার পক্ষে দলীল কি?

উত্তরঃ এর উপর অসংখ্য বিশুদ্ধ হাদিস বর্ণিত হয়েছে।

ইমাম মুসলিম তার কিতাবে হযরত আবু হোরায়রা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণনা করেন,

عَنْ أَبِي هُرَيْرَةَ رضي الله عنه أَنَّ رَجُلًا قَالَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أَبِي مَاتَ وَتَرَكَ مَالًا وَلَمْ يُوصِ فَهَلْ يُكَفِّرُ عَنْهُ أَنْ أَتَصَدَّقَ عَنْهُ؟ قَالَ نَعَمْ" (৫৯)

59- رواه مسلم (1630)،

এক ব্যক্তি প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে প্রশ্ন করলেন, ইয়া রাসূলাল্লাহ্! আমার পিতা মারা গেছেন কিন্তু তিনি কোন ওসীয়ত করে যাননি, আমি যদি তাঁর পক্ষ থেকে সাদকা করি তাহলে কি তা তাঁকে উপকার দেবে? উত্তরে প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, অবশ্যই।

হযরত সা'দ বিন ওবাদাহ্ প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করে বললেন, ইয়া রাসূলাল্লাহ্!

إِنَّ أُمِّي افْتُلِتَتْ نفسُها، وأظنُّها لو تكلَّمَتْ تصدَّقَتْ؛ فهل لها أجرٌ إن تصدَّقتُ عنها؟ قال: نعمْ(৬০)

'আমার মা হঠাৎ ইন্তেক্বাল করলেন, আমি জানি যদি তিনি বেঁচে থাকতেন তাহলে অবশ্যই দান-সাদকাহ্ করতেন, যদি আমি তাঁর পক্ষ থেকে দান-সাদকাহ্ করি তাহলে কি তাতে তিনি উপকৃত হবেন? প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম উত্তরে বললেন, হ্যাঁ, তখন তিনি আবার তাঁকে প্রশ্ন করলেন,

فَأَيُّ الصَّدَقَةِ أَفْضَلُ؟،قَالَ» :الْمَاءُ«، قَالَ :فَحَفَرَ بِئْرًا، وَقَالَ :هَذِهِ لِأُمِّ سَعْدٍ. (৬১)

এয়া রাসূলাল্লাহ! কোন সাদকাহটি সবচেয়ে বেশী উপকারদায়ক? তিনি বললেন, পানি। তখন তিনি একটি কূপ খনন করে দিলেন এবং বললেন, এটি هذه لأمِّ سَعْد সা'দের মায়ের উদ্দেশ্যে উৎসর্গকৃত।(৬২)

60- رواه البخاري (1388) ، ومسلم (1004. (قال النووي رحمه الله : " وفي هذا الحديث : أن الصدقة عن الميت تنفع الميت ويصله ثوابها , وهو كذلك بإجماع العلماء , وكذا أجمعوا على وصول الدعاء وقضاء الدين بالنصوص الواردة في الجميع " انتهى من " شرح مسلم للنووي " .وقال ابن قدامه رحمه الله : " وأي قربة فعلها , وجعل ثوابها للميت المسلم , نفعه ذلك , إن شاء الله , أما الدعاء , والاستغفار , والصدقة , وأداء الواجبات , فلا أعلم فيه خلافا , إذا كانت الواجبات ، مما يدخله النيابة " انتهى من " المغني " (226/2.)

61- سنن النسائي - الوصايا (3664) سنن النسائي - الوصايا (3665) سنن النسائي - الوصايا (3666) سنن أبي داود - الزكاة (1681)

৬২ -এ হাদিসটি ইমাম মুসলিম তাঁর 'সহীহ্ মুসলিম' এ বর্ণনা করেন। খ-৩, পৃ. ১২৫৪, হাদিস নং-১৬৩০। ইমাম নামাযী তাঁর সুনানে নাসায়ীতে খ-৬,পৃ.২৫২, হাদিস নং-৩৬৫২, ইবনে কুজাইমা তাঁর 'সহীহ'তে খ-৪, পৃ. ১২৩, পৃ.-২৪৯৮, এবং ইবনু মাজাহ, তার 'সুনানে ইবনে মাজা, 'খ-২, পৃ.৯০৬, পৃ.-২৭১৬।)

দশম অধ্যায়
শপথ বা কসম এবং মান্নত বিষয়ক

শপথ বা কসম এবং মান্নত বিষয়ক

প্রশ্ন : আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারও নামে শপথ করার হুকুম কি?

উত্তরঃ আলিমগণ মতবিরোধ করেছেন ওই ব্যক্তিবর্গকে নিয়ে শপথ করার বিষয়ে যাদের জন্য বিশেষ হুরমত বা মর্যাদা রয়েছে আল্লাহ্ তা'আলার দরবারে, যেমন নবী-রসূল, আউলিয়ায়ে কেরাম বা অন্যান্যরা ।

কেউ বলেছেন, তা মাকরূহ, আবার কেউ বলেছেন, হারাম, কিন্তু হযরত ইমাম আহমদ ইবনে হাম্বল রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর মশহুর বা প্রসিদ্ধ রায় বা অভিমত হলো হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর নামে শপথ করা জায়েয এবং কৃত শপথ পালন না করা শপথ ভঙ্গের শামিল, কেননা মুহাম্মদুর রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম হলেন কালিমায়ে শাহাদতের দু'টি অংশের একটি এবং কোন আলিম একথা বলেন নি যে, আল্লাহ্ ছাড়া অন্য কারও নামে শপথ করা কুফরী ।

হ্যাঁ, তবে যদি শপথকারী তা দ্বারা ওই ধরনের সম্মান প্রদর্শন করতে চায় যা একমাত্র আল্লাহ্ তা'আলার জন্য সংরক্ষিত। আর এ ধরনের শপথ কোন মুসলমান কখনও করেন না, আর এরই উপর ভিত্তি করে হাদিসে বর্ণিত হয়েছে, «مَنْ حَلَفَ بِغَيْرِ اللَّهِ فَقَدْ أَشْرَكَ»[৬৩] যে আল্লাহ্ ছাড়া অন্য কারও নামে শপথ করেছে, সে মুশরিক হয়ে গেল ।

প্রশ্ন : কিছু লোক কবর বা কবরবাসীর নামে শপথ করে থাকে, তাদের উদ্দেশ্য কি?

উত্তরঃ জেনে রেখ, তারা এর মাধ্যমে এমন কোন শপথের উদ্দেশ্য রাখে না যাকে প্রকৃতপক্ষে 'শপথ' বলা হয় বা যায় বরং প্রকৃতপক্ষে তারা এর মাধ্যমে আল্লাহ্ তা'আলার নিকট তাঁদের ওসীলাহ ও সুপারিশ কামনা করে থাকে । কেননা,

---

63- سنن الترمذي - النذور والأيمان (1535) (سنن أبي داود - الأيمان والنذور (3251) (مسند أحمد - مسند المكثرين من الصحابة (34/2) (مسند أحمد - مسند المكثرين من الصحابة (87/2) (مسند أحمد - مسند المكثرين من الصحابة (69/2) (مسند أحمد - مسند المكثرين من الصحابة (142/2) (مسند أحمد - مسند المكثرين من الصحابة (125/2) (عب) 15929 , (طب) 8902 , وصححه الألباني في الإرواء: 2562 , وصحيح الترغيب والترهيب: 2953

তাঁদের জন্য রয়েছে আল্লাহ্ তা'আলার নিকট বিশেষ পদ মর্যাদা ও সম্মান; তাঁদের জীবদ্দশায় এবং তাঁদের ইন্তিকালের পরও। কারণ আল্লাহ্ তা'আলা তাঁদেরকে ওসীলা করে দিয়েছেন তার বান্দাদের চাহিদা পূরণের জন্য, তাঁদের সুপারিশ ও দোয়ার বরকতে।

যেমন কেউ বলল, হে আল্লাহ্ আমি তোমার উপর শপথ করে বসলাম অথবা আমি তোমার শপথ করছি অমুকের অথবা এ কবরবাসী, মাজারবাসী ইত্যাদি আর তা এমন কিছু বাক্য যা কখনও হারামের দিকে নিয়ে যায় না। কুফর এবং শিরক তো অনেক দূরের কথা। তাই একথা জেনে রেখো এবং সতর্ক থেকো ধ্বংসে পতিত হওয়া থেকে; কোন মুসলমানকে কাফির ও মুশরিক বলার কারণে। আল্লাহ্ তা'আলা আমাদেরকে মার্জনা করেন কুফর ও শিরক ছাড়া সকল প্রকার গুনাহ্ থেকে।

একাদশ অধ্যায়
আউলিয়ায়ে কেরামের কারামত প্রসঙ্গে

আউলিয়ায়ে কেরামের কারামত

প্রশ্ন : আউলিয়ায়ে কেরামের জীবদ্দশায় এবং তাঁদের ইন্তিকালের পরে কি কোন প্রকার কারামত সংঘঠিত হয়?

উত্তরঃ আমাদের এ দৃঢ় বিশ্বাস রাখা আবশ্যক যে, নিশ্চয় ওলীগণের কারামত সত্য ও বাস্তব অর্থাৎ তা বৈধ, সম্ভব এবং সম্পাদনযোগ্য তাঁদের হায়াতে এবং তাঁদের ইন্তিকালের পরেও। একমাত্র তা নিয়ে যাদের চক্ষু অন্ধ হয়ে গিয়েছে এবং অন্তর বিনষ্ট হয়ে গিয়েছে তারা ছাড়া এ বিষয় নিয়ে বিতর্ক ও বিরোধ করতে পারে না।

প্রশ্ন : এ কথার স্বপক্ষে দলিল কি?

উত্তরঃ তার দলিল দু'ভাবে পেশ করা যায়, প্রথমতঃ ক্বোরআনুল করিমে আল্লাহ্ তা'আলা বর্ণনা করেছেন, হযরত মারইয়াম আলায়হাস্ সালামের ঘটনা। আল্লাহ্ তা'আলা এরশাদ করেন

كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ وَجَدَ عِندَهَا رِزْقًا ۖ قَالَ يَا مَرْيَمُ أَنَّىٰ لَكِ هَٰذَا ۖ قَالَتْ هُوَ مِنْ عِندِ اللَّهِ ۖ إِنَّ اللَّهَ يَرْزُقُ مَن يَشَاءُ بِغَيْرِ حِسَابٍ

যখন তাঁর (মারইয়াম আলায়হাস্ সালাম) মেহরাবে হযরত জাকারিয়া আলায়হিস্ সালাম প্রবেশ করে দেখতে পেলেন, তাঁর (মারইয়াম আলায়হিস্ সালাম) নিকট অসংখ্য রিয্ক, তিনি বললেন, এ মরিয়াম তোমার জন্য এগুলো কোথা হতে এসেছে? তিনি জবাবে বললেন, তা আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে। নিশ্চয় আল্লাহ্ যাকে চান তাকে গণনাহীন রিয্ক দিয়ে থাকেন। [আল-ই ইমরান, আয়াত-৩৭]

তাফসীরকারকগণ বলেন, হযরত মরিয়াম আলায়হাস্ সালামের নিকট পাওয়া যেত গ্রীস্মকালে শীতকালের ফল-ফলাদি এবং শীতকালে গ্রীস্মকালের ফল-ফলাদি। আর তা তাঁর নিকট আসতো অস্বাভাবিকভাবে, এটা হলো কারামত, যা দ্বারা আল্লাহ্ তা'আলা তাঁকে সম্মানিত করেছেন।

আল্লাহ্ তা'আলা তার সম্পর্কে এরশাদ করেছেন وَهُزِّي إِلَيْكِ بِجِذْعِ النَّخْلَةِ تُسَاقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا তুমি তোমার দিকে খেজুর গাছকে নাড়া দাও তখন তোমার নিকট ঝড়ে পড়তে থাকবে তাজা খেজুরসমূহ। [সূরা মরিয়াম, আয়াত-২৫]

অনুরূপ কারামতের প্রমাণ হলো, আসহাবে ক্বাহাফ-এর ঘটনা যা আল্লাহ্ তা'আলা স্বীয় কিতাব ক্বোরআন মাজীদে বিবৃত করেছেন।[৬৪]

64- أَمْ حَسِبْتَ أَنَّ أَصْحَابَ الْكَهْفِ وَالرَّقِيمِ كَانُوا مِنْ آيَاتِنَا عَجَبًا (9) إِذْ أَوَى الْفِتْيَةُ إِلَى الْكَهْفِ فَقَالُوا رَبَّنَا آتِنَا مِن لَّدُنكَ رَحْمَةً وَهَيِّئْ لَنَا مِنْ أَمْرِنَا رَشَدًا (10) فَضَرَبْنَا عَلَىٰ آذَانِهِمْ فِي الْكَهْفِ سِنِينَ

তাঁরা এ গর্তে তিনশত নয় বছর নিদ্রিত ছিলেন কোন ধরনের খানা-পানি ছাড়া। আল্লাহ্ তা'আলা দায়িত্ব গ্রহণ করে নিয়েছে তাঁদের পৃষ্ঠদেশ কোন ধরনের ব্যথা অনুভব না করে। সূর্য উদয় ও অস্তকালে যাতে তাঁদের নিকট সূর্যের তাপ পৌঁছতে না পারে তারও ব্যবস্থা করে দিয়েছেন। (সূরা কাহাফ, আয়াত ০৯-২৫)

একইভাবে পবিত্র ক্বোরআনুল করিমে হযরত খিযীর আলায়হিস্ সালামের কারামত। (সূরা কাহাফ, আয়াত ৬০-৮২)[৬৫]

عَدَدًا (11) ثُمَّ بَعَثْنَاهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحِزْبَيْنِ أَحْصَىٰ لِمَا لَبِثُوا أَمَدًا (12) نَّحْنُ نَقُصُّ عَلَيْكَ نَبَأَهُم بِالْحَقِّ ۚ إِنَّهُمْ فِتْيَةٌ آمَنُوا بِرَبِّهِمْ وَزِدْنَاهُمْ هُدًى (13) وَرَبَطْنَا عَلَىٰ قُلُوبِهِمْ إِذْ قَامُوا فَقَالُوا رَبُّنَا رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَن نَّدْعُوَ مِن دُونِهِ إِلَٰهًا ۖ لَّقَدْ قُلْنَا إِذًا شَطَطًا (14) هَٰؤُلَاءِ قَوْمُنَا اتَّخَذُوا مِن دُونِهِ آلِهَةً ۖ لَّوْلَا يَأْتُونَ عَلَيْهِم بِسُلْطَانٍ بَيِّنٍ ۖ فَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا(15) وَإِذِ اعْتَزَلْتُمُوهُمْ وَمَا يَعْبُدُونَ إِلَّا اللَّهَ فَأْوُوا إِلَى الْكَهْفِ يَنشُرْ لَكُمْ رَبُّكُم مِّن رَّحْمَتِهِ وَيُهَيِّئْ لَكُم مِّنْ أَمْرِكُم مِّرْفَقًا (16 (۞) وَتَرَى الشَّمْسَ إِذَا طَلَعَت تَّزَاوَرُ عَن كَهْفِهِمْ ذَاتَ الْيَمِينِ وَإِذَا غَرَبَت تَّقْرِضُهُمْ ذَاتَ الشِّمَالِ وَهُمْ فِي فَجْوَةٍ مِّنْهُ ۚ ذَٰلِكَ مِنْ آيَاتِ اللَّهِ ۗ مَن يَهْدِ اللَّهُ فَهُوَ الْمُهْتَدِ ۖ وَمَن يُضْلِلْ فَلَن تَجِدَ لَهُ وَلِيًّا مُّرْشِدًا (17) وَتَحْسَبُهُمْ أَيْقَاظًا وَهُمْ رُقُودٌ ۚ وَنُقَلِّبُهُمْ ذَاتَ الْيَمِينِ وَذَاتَ الشِّمَالِ ۖ وَكَلْبُهُم بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيدِ ۚ لَوِ اطَّلَعْتَ عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَلَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا (18) وَكَذَٰلِكَ بَعَثْنَاهُمْ لِيَتَسَاءَلُوا بَيْنَهُمْ ۚ قَالَ قَائِلٌ مِّنْهُمْ كَمْ لَبِثْتُمْ ۖ قَالُوا لَبِثْنَا يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ۚ قَالُوا رَبُّكُمْ أَعْلَمُ بِمَا لَبِثْتُمْ فَابْعَثُوا أَحَدَكُم بِوَرِقِكُمْ هَٰذِهِ إِلَى الْمَدِينَةِ فَلْيَنظُرْ أَيُّهَا أَزْكَىٰ طَعَامًا فَلْيَأْتِكُم بِرِزْقٍ مِّنْهُ وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا (19) إِنَّهُمْ إِن يَظْهَرُوا عَلَيْكُمْ يَرْجُمُوكُمْ أَوْ يُعِيدُوكُمْ فِي مِلَّتِهِمْ وَلَن تُفْلِحُوا إِذًا وَكَذَٰلِكَ أَعْثَرْنَا عَلَيْهِمْ لِيَعْلَمُوا أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَأَنَّ السَّاعَةَ لَا رَيْبَ فِيهَا إِذْ يَتَنَازَعُونَ بَيْنَهُمْ أَمْرَهُمْ ۖ فَقَالُوا ابْنُوا عَلَيْهِم بُنْيَانًا ۖ رَّبُّهُمْ أَعْلَمُ بِهِمْ ۚ قَالَ الَّذِينَ غَلَبُوا عَلَىٰ أَمْرِهِمْ لَنَتَّخِذَنَّ عَلَيْهِم مَّسْجِدًا (21 (سَيَقُولُونَ ثَلَاثَةٌ رَّابِعُهُمْ كَلْبُهُمْ وَيَقُولُونَ خَمْسَةٌ سَادِسُهُمْ كَلْبُهُمْ رَجْمًا بِالْغَيْبِ ۖ وَيَقُولُونَ سَبْعَةٌ وَثَامِنُهُمْ كَلْبُهُمْ ۚ قُل رَّبِّي أَعْلَمُ بِعِدَّتِهِم مَّا يَعْلَمُهُمْ إِلَّا قَلِيلٌ ۗ فَلَا تُمَارِ فِيهِمْ إِلَّا مِرَاءً ظَاهِرًا وَلَا تَسْتَفْتِ فِيهِم مِّنْهُمْ أَحَدًا (22)وَلَا تَقُولَنَّ لِشَيْءٍ إِنِّي فَاعِلٌ ذَٰلِكَ غَدًا (23) إِلَّا أَن يَشَاءَ اللَّهُ ۚ وَاذْكُر رَّبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَىٰ أَن يَهْدِيَنِ رَبِّي لِأَقْرَبَ مِنْ هَٰذَا رَشَدًا (24)وَلَبِثُوا فِي كَهْفِهِمْ ثَلَاثَ مِائَةٍ سِنِينَ وَازْدَادُوا تِسْعًا(25)

65- وَإِذْ قَالَ مُوسَىٰ لِفَتَاهُ لَا أَبْرَحُ حَتَّىٰ أَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ أَوْ أَمْضِيَ حُقُبًا (60) فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوتَهُمَا فَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا(61) فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتَاهُ آتِنَا غَدَاءَنَا لَقَدْ لَقِينَا مِن سَفَرِنَا هَٰذَا نَصَبًا (62 (قَالَ أَرَأَيْتَ إِذْ أَوَيْنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْحُوتَ وَمَا أَنسَانِيهُ إِلَّا الشَّيْطَانُ أَنْ أَذْكُرَهُ ۚ وَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ عَجَبًا (63) قَالَ ذَٰلِكَ مَا كُنَّا نَبْغِ ۚ فَارْتَدَّا عَلَىٰ آثَارِهِمَا قَصَصًا (64) فَوَجَدَا عَبْدًا مِّنْ عِبَادِنَا آتَيْنَاهُ رَحْمَةً مِّنْ عِندِنَا وَعَلَّمْنَاهُ مِن لَّدُنَّا عِلْمًا (65) قَالَ لَهُ مُوسَىٰ هَلْ أَتَّبِعُكَ عَلَىٰ أَن تُعَلِّمَنِ مِمَّا عُلِّمْتَ رُشْدًا (66) قَالَ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا (67) وَكَيْفَ تَصْبِرُ عَلَىٰ مَا لَمْ تُحِطْ بِهِ خُبْرًا (68) قَالَ سَتَجِدُنِي إِن شَاءَ اللَّهُ صَابِرًا وَلَا أَعْصِي لَكَ أَمْرًا (69) قَالَ فَإِنِ اتَّبَعْتَنِي فَلَا تَسْأَلْنِي عَن شَيْءٍ حَتَّىٰ أُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا (70) فَانطَلَقَا حَتَّىٰ إِذَا رَكِبَا فِي السَّفِينَةِ خَرَقَهَا ۖ قَالَ أَخَرَقْتَهَا لِتُغْرِقَ أَهْلَهَا لَقَدْ جِئْتَ شَيْئًا إِمْرًا (71) قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا (72) قَالَ لَا تُؤَاخِذْنِي بِمَا نَسِيتُ وَلَا تُرْهِقْنِي مِنْ أَمْرِي عُسْرًا (73) فَانطَلَقَا حَتَّىٰ إِذَا لَقِيَا غُلَامًا فَقَتَلَهُ قَالَ أَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ لَّقَدْ جِئْتَ شَيْئًا نُّكْرًا(74) (۞) قَالَ أَلَمْ أَقُل لَّكَ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا (75 (قَالَ إِن سَأَلْتُكَ عَن شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصَاحِبْنِي ۖ قَدْ بَلَغْتَ مِن لَّدُنِّي عُذْرًا(76) فَانطَلَقَا حَتَّىٰ إِذَا أَتَيَا أَهْلَ قَرْيَةٍ اسْتَطْعَمَا أَهْلَهَا فَأَبَوْا أَن يُضَيِّفُوهُمَا فَوَجَدَا فِيهَا جِدَارًا يُرِيدُ أَن يَنقَضَّ فَأَقَامَهُ ۖ قَالَ لَوْ شِئْتَ لَاتَّخَذْتَ عَلَيْهِ أَجْرًا (77) قَالَ هَٰذَا

হযরত জুল কারনাইন আলায়হিস্ সালামের কারামত ।

(সূরা কাহাফ, আয়াত ৮৩-৯৮)[৬৬]

হযরত আসিফ ইবনে বরখিয়া রাদ্বিয়াল্লাহু আনহুর কারামত বর্ণনা করা হয়েছে ।

(সূরা আন নামল, আয়াত-৪০)[৬৭]

প্রশ্ন : কারামত প্রমাণের দ্বিতীয় প্রকারের দলিলগুলো কি কি?

উত্তর: মুতাওয়াতির (সন্দেহাতীতভাবে প্রমাণিত) দলীলগুলো, যা সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, তবে তাবেয়ীন এবং এ পর্যন্ত অসংখ্য আল্লাহর প্রিয় বান্দাদের থেকে কারামত প্রকাশের বিষয়ে বর্ণিত হয়েছে। যা সারা বিশ্ববাসীর নিকট পরিচিত এবং সর্বজন স্বীকৃত ।

ইমাম বোখারী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর সহীহ বোখারীতে বর্ণনা করেন যে, হযরত খুবাইব আলায়হিস্ সালাম অমৌসুমে মৌসুমী ফল-ফলাদি খেতেন অথচ তিনি মক্কার একটি জেলে লোহার শিকল পরিহিত বন্দী অবস্থায় এবং সে সময়ে মক্কায় কোন ধরনের ফল-ফলাদির অস্থিত্বও ছিলনা । নিঃসন্দেহে

فِرَاقُ بَيْنِي وَبَيْنِكَ ۚ سَأُنَبِّئُكَ بِتَأْوِيلِ مَا لَمْ تَسْطِع عَّلَيْهِ صَبْرًا (78) أَمَّا السَّفِينَةُ فَكَانَتْ لِمَسَاكِينَ يَعْمَلُونَ فِي الْبَحْرِ فَأَرَدتُّ أَنْ أَعِيبَهَا وَكَانَ وَرَاءَهُم مَّلِكٌ يَأْخُذُ كُلَّ سَفِينَةٍ غَصْبًا (79) وَأَمَّا الْغُلَامُ فَكَانَ أَبَوَاهُ مُؤْمِنَيْنِ فَخَشِينَا أَن يُرْهِقَهُمَا طُغْيَانًا وَكُفْرًا(80) فَأَرَدْنَا أَن يُبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ زَكَاةً وَأَقْرَبَ رُحْمًا (81) وَأَمَّا الجِدَارُ فَكَانَ لِغُلَامَيْنِ يَتِيمَيْنِ فِي الْمَدِينَةِ وَكَانَ تَحْتَهُ كَنزٌ لَّهُمَا وَكَانَ أَبُوهُمَا صَالِحًا فَأَرَادَ رَبُّكَ أَن يَبْلُغَا أَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنزَهُمَا رَحْمَةً مِّن رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهُ عَنْ أَمْرِي ۚ ذَٰلِكَ تَأْوِيلُ مَا لَمْ تَسْطِع عَّلَيْهِ صَبْرًا(82)

66- وَيَسْأَلُونَكَ عَن ذِي الْقَرْنَيْنِ ۖ قُلْ سَأَتْلُو عَلَيْكُم مِّنْهُ ذِكْرًا(83) إِنَّا مَكَّنَّا لَهُ فِي الْأَرْضِ وَآتَيْنَاهُ مِن كُلِّ شَيْءٍ سَبَبًا (84) فَأَتْبَعَ سَبَبًا (85) حَتَّىٰ إِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِي عَيْنٍ حَمِئَةٍ وَوَجَدَ عِندَهَا قَوْمًا ۗ قُلْنَا يَا ذَا الْقَرْنَيْنِ إِمَّا أَن تُعَذِّبَ وَإِمَّا أَن تَتَّخِذَ فِيهِمْ حُسْنًا (86) قَالَ أَمَّا مَن ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهُ ثُمَّ يُرَدُّ إِلَىٰ رَبِّهِ فَيُعَذِّبُهُ عَذَابًا نُّكْرًا (87) وَأَمَّا مَنْ آمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهُ جَزَاءً الْحُسْنَىٰ ۖ وَسَنَقُولُ لَهُ مِنْ أَمْرِنَا يُسْرًا (88) ثُمَّ أَتْبَعَ سَبَبًا (89) حَتَّىٰ إِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلَىٰ قَوْمٍ لَّمْ نَجْعَل لَّهُم مِّن دُونِهَا سِتْرًا (90) كَذَٰلِكَ وَقَدْ أَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا (91) ثُمَّ أَتْبَعَ سَبَبًا (92) حَتَّىٰ إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِن دُونِهِمَا قَوْمًا لَّا يَكَادُونَ يَفْقَهُونَ قَوْلًا (93) قَالُوا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوجَ وَمَأْجُوجَ مُفْسِدُونَ فِي الْأَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلَىٰ أَن تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا (94) قَالَ مَا مَكَّنِّي فِيهِ رَبِّي خَيْرٌ فَأَعِينُونِي بِقُوَّةٍ أَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا (95) آتُونِي زُبَرَ الْحَدِيدِ ۖ حَتَّىٰ إِذَا سَاوَىٰ بَيْنَ الصَّدَفَيْنِ قَالَ انفُخُوا ۖ حَتَّىٰ إِذَا جَعَلَهُ نَارًا قَالَ آتُونِي أُفْرِغْ عَلَيْهِ قِطْرًا (96) فَمَا اسْطَاعُوا أَن يَظْهَرُوهُ وَمَا اسْتَطَاعُوا لَهُ نَقْبًا(97) قَالَ هَٰذَا رَحْمَةٌ مِّن رَّبِّي ۖ فَإِذَا جَاءَ وَعْدُ رَبِّي جَعَلَهُ دَكَّاءَ ۖ وَكَانَ وَعْدُ رَبِّي حَقًّا (98)

67- قَالَ الَّذِي عِندَهُ عِلْمٌ مِّنَ الْكِتَابِ أَنَا آتِيكَ بِهِ قَبْلَ أَن يَرْتَدَّ إِلَيْكَ طَرْفُكَ ۚ فَلَمَّا رَآهُ مُسْتَقِرًّا عِندَهُ قَالَ هَٰذَا مِن فَضْلِ رَبِّي لِيَبْلُوَنِي أَأَشْكُرُ أَمْ أَكْفُرُ ۖ وَمَن شَكَرَ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِ ۖ وَمَن كَفَرَ فَإِنَّ رَبِّي غَنِيٌّ كَرِيمٌ(40)

তা এমন এক ধরনের রিযক যা আল্লাহ্ তা'আলা তাঁকে দান করেছেন এবং যা তাঁর কারামতেরই একটি উজ্জ্বল প্রমান ।

فقال عُبَيْدُ اللَّهِ بْنُ عِيَاضٍ : قالت بِنْتَ الحَارِثِ : " وَاللَّهِ مَا رَأَيْتُ أَسِيرًا قَطُّ خَيْرًا مِنْ خُبَيْبٍ ، وَاللَّهِ لَقَدْ وَجَدْتُهُ يَوْمًا يَأْكُلُ مِنْ قِطْفِ عِنَبٍ فِي يَدِهِ ، وَإِنَّهُ لَمُوثَقٌ فِي الحَدِيدِ، وَمَا بِمَكَّةَ مِنْ ثَمَرٍ " وَكَانَتْ تَقُولُ: " إِنَّهُ لَرِزْقٌ مِنَ اللَّهِ رَزَقَهُ خُبَيْبًا [৬৮] . "

অনুরূপ ইমাম বোখারী তাঁর সহীহ্ বোখারীতে বর্ণনা করেছেন, হযরত আছিম রহমাতুল্লাহি আলায়হি যখন শাহাদত বরণ, করেন তখন মুশরিকগণ তাঁর শরীরের একটি টুকরা কেটে নিতে চেয়েছিল তাঁর মৃত্যুর নিশ্চিত প্রমানস্বরূপ । তখন আল্লাহ্ তা'আলা একদল মৌমাছি প্রেরণ করে তাঁকে তাদের থেকে রক্ষা করেন । ফলে তারা তাঁর কোন অংশ কেটে নিতে পারেনি । নিঃসন্দেহে এটিও হযরত আছিমের কারামতের এক অনন্য দৃষ্টান্ত ।

وكان عاصِمٌ قَتَل عَظيمًا مِن عُظَمائِهم يومَ بدرٍ، فبَعَثَ اللهُ عليهِ مثلَ الظُّلَّةِ مِن الدَّبْرِ، فحَمَتْه مِن رُسُلِهم، فلم يَقدِروا مِنه على شيءٍ. [৬৯]

হযরত আনাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ : كَانَ عَبَّادُ بْنُ بِشْرٍ ، وَأُسَيْدُ بْنُ حُضَيْرٍ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَحَدَّثَا عِنْدَهُ حَتَّى إِذَا خَرَجَا أَضَاءَتْ لَهُمَا عَصَا أَحَدِهِمَا فَمَشَيَا فِي ضَوْئِهَا ، فَلَمَّا تَفَرَّقَ بِهِمَا الطَّرِيقُ أَضَاءَتْ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا عَصَاهُ فَمَشَى فِي ضَوْئِهَا. " [৭০]

হযরত ওসাইদ ইবনে হাদির এবং আব্বাস ইবনে বিশর প্রিয় নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের দরবারে উপস্থিত ছিলেন, তখন ছিল তিমিরাচ্ছান্ন রাত । তখন আমরা তাঁর সাথে আলাপ-আলোচনার পর যখন তাঁরা উভয়ে বের হলেন, তখন তাঁদের একজনের লাঠি এতবেশি আলোকিত হয়ে গেল যে, তাঁরা উভয়ে এর আলোতে পথ চলতে থাকলেন এবং যখন তাঁরা আলাদা

68- وروى البخاري (3045)

[সহীহ্ বোখারী, খ-৩, পৃ. ১১০৮, হাদীস- ২৮৮০]

69- (البخاري المصدر:صحيح البخاري الجزء أو الصفحة 4086)

[বোখারী শরীফ, খ-৩, পৃ. ১১০৮, হাদীস- ২৮৮০]

70- صحيح البخاري « كتاب مناقب الأنصار « باب منقبة أسيد بن حضير وعباد بن بشر رضي الله عنهما, رقم الحديث-3594

আলাদা রাস্তা ধরে চলছিলেন তখন তাঁদের উভয়ের লাঠিদ্বয় আলোকিত হয়ে গেল, আর তাঁরা এরই আলোতে নিজ নিজ গৃহে পৌঁছে গেলেন। [৭১]

ওলীগণের কারামত অসংখ্য অগণিত, আর তা সবই হলো মূলত আমাদের প্রিয়নবী হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এবং অন্যান্য নবীগণের মুজিযা। কেননা,

كل مَا جَازَ أَنْ يَكُونَ مُعْجِزَةً لِنَبِيٍّ جَازَ أَنْ يَكُونَ كَرَامَةً لِوَلِيٍّ

'যা কোন নবীর মুজিযা' তা একজন ওলীর জন্য কারামত হওয়া সত্ত্বেও সিদ্ধ ও শরীয়তসম্মত। তাঁদের মধ্যে এমন অনেক আছেন, যাঁরা জ্বলন্ত আগুনে প্রবেশ করার পরও আগুন তাঁদেরকে স্পর্শও করতে পারেনি।

তাঁদের মধ্যে এমনও আছেন যাঁরা মৃতকে জীবিত করেছেন, তাঁদের কারও জন্য সারা পৃথিবী একটি মাত্র কদম। তাঁদের কেউ বাতাসের উপর এবং পানির উপর চলতে পারেন, আবার এমনও আছেন যাঁদেরকে জ্বিন ও অন্যান্য সৃষ্টিও শ্রদ্ধা করে এবং মান্য করে।

ইবনে তাইমিয়্যা তার الفرقانُ بينَ أولياءِ الرَّحمَنِ وأولياءِ الشَّيْطانِ নামক কিতাবে এক শতাধিক কারামত উল্লেখ করেছেন যা বিভিন্ন সাহাবায়ে কেরাম ও তাবেয়ীনদের কাছ থেকে প্রকাশিত হয়েছে এবং অতঃপর তিনি লিখলেন, 'আমরা বর্তমানে যে সমস্ত কারামতগুলো দেখছি তা এত অধিক সংখ্যক যে, তা বর্ণনা করা অসম্ভব।

উল্লেখ্য যে, আলেমগন বলেছেন, কোন অলৌকিক ঘটনা যখন কোন কাফের বা ফাসেকের হাতে প্রকাশিত হয় তা হলো যাদু ও ইসদেরাজ। আর যখন ঈমানদার আল্লাহর ওলীর হাতে প্রকাশ পায় তাহলো- কারামত।

৭১ -[সহীহ্ ইবনে হিব্বান, ৪/৩৭৭, হাদিস-২০৩০, মুসনাদে আহমদ, ৩/১৩৮, হাদিস-১২৪২৭, ৩/২৭২, হাদিস-১৩৮৯৭, মুসতাদরেক হাকিম, ৩/৩২৭, হাদিস-৫২৬১, মসনদে দ্বায়ালমী, ১/২৭১, হাদিস-২০৩৫, নাসায়ী তাঁর সুনানে কুবরা, ৫/৬৮, হাদিস-৮২৪৫ এবং মুসনাদে আবদ ইবনে হামিদ ১/৩৭৩, হাদিস-১২৪৪]

দ্বাদশ অধ্যায়
নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে স্বপ্ন যোগে দর্শন লাভ করা প্রসঙ্গে

নবী করীম সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লামকে স্বপ্ন যোগে দর্শন লাভ করা প্রসঙ্গে

প্রশ্ন : প্রিয়নবীকে জাগ্রত অবস্থায় দেখা কি সম্ভব?

উত্তর: প্রিয়নবীকে জাগ্রত অবস্থায় দেখা সম্ভব এবং প্রমানিত, কারণ অনেক আলিমগণ উল্লেখ করেছেন যে, অনেক সুফিয়ায়ে কেরামগণ প্রিয়নবীকে প্রথমে স্বপ্নযোগে দেখেছেন, অতঃপর তাঁকে জাগ্রত অবস্থায়ও দেখেছেন এবং তাঁরা প্রিয়নবীর নিকট তাঁদের বিভিন্ন বিষয় ও সমস্যা নিয়ে ফয়সালাও প্রার্থনা করেছেন।

প্রশ্ন : তা সম্ভব হওয়ার বিষয়ে দলিল কি?

উত্তর: তার দলীল হলো: বুখারী, মুসলিম এবং অন্যান্যরা বর্ণনা করেছেন, প্রিয়নবী সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেছেন,

فعن أبي هريرة رضي الله عنه أن النبي صلى الله عليه وسلم قال: مَنْ رَآنِي فِي الْمَنَامِ فَسَيَرَانِي فِي الْيَقَظَةِ وَلَا يَتَمَثَّلُ الشَّيْطَانُ بِي [৭২]

যে আমাকে স্বপ্নে দেখেছে সে অনতিবিলম্বে আমাকে জাগ্রতাবস্থায় দেখতে পাবে, আর শয়তান কখনও আমার আকৃতি ধারণ করতে পারেনা।” [৭৩]

আলিমগণ এ হাদিসের অর্থ করতে গিয়ে বলেন, এটা একটা সুসংবাদ যে, তাঁর উম্মতের মধ্যে যাঁরা তাঁকে স্বপ্নযোগে দর্শন লাভ করার সৌভাগ্য অর্জন করেছেন, তারা নিশ্চয় তাঁকে জাগ্রত অবস্থায় দেখতে পাবেন ইনশা-আল্লাহ্, যদিওবা মৃত্যুর পূর্ব মুহূর্তে হলেও। এ হাদিসকে আখিরাতে বা বরযখে তাঁকে দেখার উপর ব্যাখ্যা করা শুদ্ধ নয়। কেননা সকল উম্মত ক্বিয়ামতের দিনে ও বরযখে তাঁকে দেখতে পাবে। তাই এ হাদীসে সর্বোত্তম দলিল হলো, প্রিয়নবী সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম সারা বিশ্বে হাযির-নাযির। কারণ বিশ্বের পূর্ব-পশ্চিমের সকল দর্শন লাভে ধন্যদের নিকট তিনি উপস্থিত।

হযরত ইমাম জালালুদ্দিন সুয়ূতী বলেন, ‘এ বিষয়ে সকল হাদিসকে একত্রিত করলে এ কথা সুস্পষ্টভাবে প্রমাণিত হয় যে, প্রিয়নবী সাল্লাল্লাহু তা‘আলা

72- رواه البخاري (6993)، ومسلم (2266) ولفظه: (مَنْ رَآنِي فِي الْمَنَامِ فَسَيَرَانِي فِي الْيَقَظَةِ - أَوْ لَكَأَنَّمَا رَآنِي فِي الْيَقَظَةِ - لَا يَتَمَثَّلُ الشَّيْطَانُ بِي

৭৩ -[বুখারী-১/৫৩, হাদীস শরীফ--১১০ ও মুসলিম-৪/১৭৭৫, হা-২২৬৬]

আলায়হি ওয়াসাল্লাম জীবিত। স্বীয় শরীর মুবারক ও রূহ মুবারক উভয়ের উপস্থিতিতে।

হযরত আনাস ইবনে মালেক রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বর্ণনা করেন

وقال البيهقي: اَنَّ النَّبِىَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَىٌّ بِجَسَدِهٖ□ وَرُوحِهٖ□، وَاَنَّهٗ□ يَتَصَرَّفُ وَيَسِيْرُ حَيْثُ شَاءَ فِىْ اَقْطَارِ الْاَرْضِ وَفِى الْمَلَكُوْتِ وَهُوَ بِهَيْئَتِهٖ الَّتِىْ كَانَ عَلَيْهَا قَبْلَ وَفَاتِهٖ□ لَمْ يَتَبَدَّلْ مِنْهُ شَىْءٌ، وَاَنَّهٗ□ مُغَيَّبٌ عَنِ الْاَبْصَارِ كَمَا غُيِّبَتِ الْمَلَائِكَةُ مَعَ كَوْنِهِمْ اَحْيَاءً بِاَجْسَادِهِمْ، فَاِذَا اَرَادَ اللَّهُ رَفْعَ الْحِجَابِ عَمَّنْ اَرَادَ اِكْرَامَهٗ□ بِرُؤْيَتِهٖ□ رَاٰهُ عَلٰى هَيْئَتِهِ الَّتِىْ هُوَ عَلَيْهَا، لَا مَانِعَ مِنْ ذٰلِكَ [৭৪]

নবীগণ আলাইহিমুস্ সালাম জীবিত, তাঁরা তাঁদের কবর শরীফে নামায আদায় করেন। [৭৫]

প্রিয়নবী সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম আরও এরশাদ করেন,

عَنْ أَوْسِ بْنِ أَوْسٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " إِنَّ مِنْ أَفْضَلِ أَيَّامِكُمْ يَوْمَ الْجُمُعَةِ ، فِيهِ خُلِقَ آدَمُ ، وَفِيهِ قُبِضَ ، وَفِيهِ النَّفْخَةُ ، وَفِيهِ الصَّعْقَةُ ، فَأَكْثِرُوا عَلَيَّ مِنَ الصَّلَاةِ فِيهِ ، فَإِنَّ صَلَاتَكُمْ مَعْرُوضَةٌ عَلَيَّ " قَالَ : قَالُوا : يَا رَسُولَ اللَّهِ ، وَكَيْفَ تُعْرَضُ صَلَاتُنَا عَلَيْكَ وَقَدْ أَرِمْتَ - يَقُولُونَ : بَلِيتَ - ؟ فَقَالَ : " إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ حَرَّمَ عَلَى الْأَرْضِ أَجْسَادَ الْأَنْبِيَاءِ [৭৬]

তোমাদের জন্য সর্বশ্রেষ্ঠ দিন হলো জুমার দিন। এ দিনে হযরত আদম আলায়হিস্ সালামকে সৃষ্টি করা হয়েছে এবং এ দিনে তাঁর ইন্তিকাল ও এ দিনেই ক্বিয়ামতে সিঙ্গায় ফুক দেয়া হবে, আর এ দিনেই ক্বিয়ামত কায়েম হবে। তাই তোমরা আমার প্রতি অধিকহারে দুরূদ প্রেরণ করো। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, কিভাবে আপনার প্রতি আমাদের দুরূদ ও সালাম পেশ করা হবে অথচ আপনি স্বীয় কবর শরীফে মাটির সাথে মিশে আছেন? তখন প্রিয় নবী সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম উত্তরে বললেন, নিশ্চয় আল্লাহ্ তা‘আলা মাটির

74- الحاوي للفتاوي « الفتاوى الصوفية « تنوير الحلك في إمكان رؤية النبي والملك

৭৫ -[আবূ ইয়ালা ও রাজ্জাক মসনদে হাদীসটি বর্ণনা করেন, দেখুন, মাজমায়ুয যাওয়ায়েদ, ৮/২১১]

76- رواه أبو داود (1047) وصححه ابن القيم في تعليقه على سنن أبي داود (273/4) . وصححه الألباني في صحيح أبي داود (925. (د وغيرهم وقال السخاوي : وصححه ابن خزيمة وابن حبان والحاكم والنووي وآخرون . اهـ . وصححه النووي والألباني والأرنؤوط.

উপর হারাম করে দিয়েছেন নবীগণ আলায়হিমুস্ সালামের শরীর মুবারককে স্পর্শ করাকে।[৭৭]

وقال البيهقي: اَنَّ النَّبِـيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ حَـيٌّ بِـجَسَدِهِ وَرُوحِهِ، وَاَنَّه يَتَصَرَّفُ وَيَسِيْرُ حَيْثُ شَاءَ فِـيْ اَقْطَارِ الْاَرْضِ وَفِى الْمَلَكُوْتِ وَهُوَ بِـهَيْئَتِهِ الَّتِـيْ كَانَ عَلَيْهَا قَبْلَ وَفَاتِه لَـمْ يَتَبَدَّلْ مِنْهُ شَـيْءٌ، وَاَنَّه مُغَيَّبٌ عَنِ الْاَبْصَارِ كَمَا غُيِّبَتِ الْمَلَائِكَةُ مَعَ كَوْنِـهِمْ اَحْيَاءً بِاَجْسَادِهِمْ، فَاِذَا اَرَادَ اللّٰهُ رَفْعَ الْـحِجَابِ عَمَّنْ اَرَادَ اِكْرَامَه بِرُؤْيَتِه رَاٰهُ عَلٰى هَيْئَتِهِ الَّتِـيْ هُوَ عَلَيْهَا، لَا مَانِعَ مِنْ ذٰلِكَ[৭৮]

তিনি যেভাবে চান সেভাবে সারা বিশ্বে ও সকল ঊর্ধ্ব জগতে বিচরণ করেন, তিনি ইন্তিকালের পূর্বে যে অবস্থায় ছিলেন ঠিক সেই অবস্থায় বিদ্যমান থেকেই। আর তিনি মানুষের চক্ষু থেকে অদৃশ্য যেমনিভাবে ফেরেশতাগণ অদৃশ্য এবং যখন আল্লাহ্ তা'আলা পর্দা উঠিয়ে নেন তাদের থেকে যাদেরকে তাঁর নূরানী দর্শন দ্বারা ধন্য করতে চান তখন তারা তাঁকে তাঁর আসল ও মূল আকৃতি ও অবস্থায় দেখতে পান।

৭৭ -[সুনানে নাসায়ী, ৩/৯১, হা-১৩৭৪, সহীহ্ ইবনে হিব্বান, ৩/১৯২, হা-৯১০ এবং সহীহ্ ইবনে খুজায়মা, ৩/১১৮, হা-১৭৩৩, অন্যান্যরাও বর্ণনা করেছেন]

78- الحاوي للفتاوي « الفتاوى الصوفية « تنوير الحلك في إمكان رؤية النبي والملك

ত্রয়োদশ অধ্যায়
হযরত খিদ্বির আলায়হিস্ সালাম প্রসঙ্গ

হযরত খিদ্বির আলায়হিস্ সালাম

প্রশ্ন : হযরত খিদ্বির আলায়হিস্ সালাম কি জীবিত না মৃত?

উত্তর: জমহুর ওলামাগণ একথার উপর এজমা বা ঐক্যমত পোষণ করেছেন যে, হযরত খিদ্বির আলায়হিস্ সালাম এখনও জীবিত এবং একথা সাধারণ অসাধারণ সকলের নিকট প্রসিদ্ধ ।

হযরত ইবনে আতাউল্লাহ্ তাঁর 'লাতায়েফ' নামক কিতাবে বলেছেন,

واعلم أن بقاء الخضر قد أجمع عليه هذه الطائفة وتواتر عن أولياء كل عصر لقاؤه والأخذ عنه ، واشتهر ذلك إلى أن بلغ الأمر إلى حد التواتر الذي لايمكن جحده ، والحكايات في ذلك كثيرة

প্রত্যেক যুগের আউলিয়ায়ে কেরামের তাঁর সাথে সাক্ষাত করা এবং তাঁর কাছ থেকে ইলম হাসিল করার বিষয়টি সন্দেহতীতভাবে প্রমাণিত সত্য এবং তা এত বেশী প্রসিদ্ধি লাভ করেছে যে, তা বর্ণনার দিক থেকে তাওয়াতুর (সন্দেহাতীতভাবে প্রমাণিত) পর্যায়ে পৌঁছে গেছে, যাকে অস্বীকার করা অসম্ভব । জনাব ইবনুল কাইয়ুম তার مثير الغرام السكن(মুছিরুল গারাম আস্ সাকন) নামক কিতাবে চারটি বিশুদ্ধ রেওয়ায়ত বর্ণনা করেছেন তাঁর জীবিত থাকার প্রমাণ স্বরূপ ।

ইমাম বায়হাক্বী 'দালায়েলুন নাবুয়্যাহ্' গ্রন্থে উল্লেখ করেন,

"عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَلِيِّ بْنِ الْحُسَيْنِ عَنْ أَبِيهِ عَنْ عَلِيِّ بْنِ أَبِى طَالِب رَضِيَ اللَّه عَنْهُ قَالَ : لَمَّا تُوُفِّيَ النَّبِيّ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ وَجَاءَتْ التَّعْزِيَة جَاءَهُمْ آتٍ يَسْمَعُونَ حِسّه وَلَا يَرَوْنَ شَخْصه فَقَالَ : السَّلَام عَلَيْكُمْ أَهْل الْبَيْت وَرَحْمَة اللَّه وَبَرَكَاته " كُلّ نَفْس ذَائِقَة الْمَوْت وَإِنَّمَا تُوَفَّوْنَ أُجُورَكُمْ يَوْم الْقِيَامَة " إِنَّ فِي اللَّه عَزَاء مِنْ كُلّ مُصِيبَة وَخَلَفًا مِنْ كُلّ هَالِك وَدَرَكًا مِنْ كُلّ فَائِت فَبِاَللَّهِ فَثِقُوا وَإِيَّاهُ فَارْجُوا فَإِنَّ الْمُصَاب مَنْ حُرِمَ الثَّوَاب وَالسَّلَام عَلَيْكُمْ وَرَحْمَة اللَّه وَبَرَكَاته قَالَ جَعْفَر بْن مُحَمَّد فَأَخْبَرَنِي أَبِي أَنَّ عَلِيّ بْن أَبِي طَالِب قَالَ : أَتَدْرُونَ مَنْ هَذَا ؟ هَذَا الْخَضِر عَلَيْهِ السَّلَام . (৭৯)

79- تفسير ابن كثير في تفسير قوله تعالى: كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ۗ وَإِنَّمَا تُوَفَّوْنَ أُجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ ۖ فَمَن زُحْزِحَ عَنِ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ۗ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ (سورة آل عمران-185)

عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ جَدِّهِ ، قال : " لَمَّا تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَاءَتِ التَّعْزِيَةُ سَمِعُوا قَائِلا يَقُولُ :: السلام عليكم أهل البيت ورحمة الله وبركاته، إِنَّ فِي اللَّهِ عَزَاءً

'যখন প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম ইন্তিকাল করেন তখন উপস্থিত সকলে ঘরের একপাশ থেকে একটি আওয়াজ শুনতে পান, 'হে আহলে বায়ত আপনাদের প্রতি সালাম, রহমত ও বরকত, প্রত্যেক মানুষ মরনশীল এবং নিশ্চয় তোমাদেরকে তোমাদের প্রতিদান ক্বিয়ামত দিবসে পরিপূর্ণভাবে প্রদান করা হবে । নিশ্চয় প্রত্যেক মুসিবতে রয়েছে আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে সান্ত্বনা এবং প্রত্যেক ধ্বংসের বদলা ও প্রত্যেক হারানোর খোঁজ । তাই আপনারা আল্লাহ্ তা'আলার উপর দৃঢ় বিশ্বাসী ও ভরসাকারী হোন এবং তাঁরই নিকট প্রত্যাশা করুন, কেননা প্রকৃত মুসিবতগ্রস্থ সেই ব্যক্তিই যে অধৈর্যের কারণে সাওয়াব থেকে বঞ্চিত হয়েছে, তখন হযরত আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বললেন, 'তোমরা কি জান, এ বক্তা কে? তিনি হলেন হযরত খিদ্বির আলায়হিস্ সালাম । (৮০)

مِنْ كُلِّ مُصِيبَةٍ , وَخَلَفًا مِنْ كُلِّ هَالِكٍ , وَدَرَكًا مِنْ كُلِّ مَا فَاتَ فَبِاللَّهِ فَثِقُوا , وَإِيَّاهُ فَارْجُوا فَإِنَّ الْمُصَابَ مَنْ حُرِمَ الثَّوَابَ"

السنن الكبرى للبيهقي « كِتَابُ الْجُمُعَةِ « جُمَّاعُ أَبْوَابِ حَمْلِ الْجَنَازَةِ « بَابُ النَّصْرَانِيَّةِ تَمُوتُ وَفِي بَطْنِهَا وَلَدٌ... رقم الحديث: 6555

وقال الشافعي في " مسنده " : أخبرنا القاسم بن عبد الله بن عمر ، عن جعفر بن محمد ، عن أبيه ، عن جده ، علي بن الحسين ، قال : لما توفي رسول الله صلى الله عليه وسلم ، وجاء التعزية ، سمعوا قائلا يقول : إن في الله عزاء من كل مصيبة ، وخلفا من كل هالك ، ودركا من كل فائت ، فبالله فثقوا ، وإياه فارجوا ، فإن المصاب من حرم الثواب . قال علي بن الحسين أتدرون من هذا؟ هذا الخضر

البداية والنهاية « ذكر قصتي الخضر وإلياس عليهما السلام, ذكر قصتي الخضر وإلياس ، عليهما السلام

السلام عليكم أهل البيت ورحمة الله وبركاته) كل نفس ذائقة الموت وإنما توفون أجوركم يوم القيامة) إن في الله عزاء من كل مصيبة ، وخلفا من كل هالك ، ودركا من كل فائت ، فبالله فثقوا ، وإياه فارجوا ، فإن المصاب من حرم الثواب ، والسلام عليكم ورحمة الله وبركاته . قال جعفر بن محمد : فأخبرني أبي أن علي بن أبي طالب قال : أتدرون من هذا ؟ هذا الخضر ، عليه السلام. (تفسير ابن كثير في تفسير قوله تعالى: كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ۗ وَإِنَّمَا تُوَفَّوْنَ أُجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ ۖ فَمَن زُحْزِحَ عَنِ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ۗ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ (سورة آل عمران-185(

৮০ -[ইমাম শাফেয়ী তাঁর 'সুনানে মাসুর'-এ ১/৩৩৪, মা'মর ইবনে রাশেদ তাঁর 'জামে'তে ১১/৩৯৩ এবং আবদুর রাজ্জাক তাঁর 'মুসান্নাফ' এ ৫/১৬৮]

চতুর্দশ অধ্যায়
পবিত্র ক্বোরআন ও আল্লাহ্ তা'আলার পবিত্র নাম দ্বারা আরোগ্য কামনা

পবিত্র ক্বোরআন ও আল্লাহ্ তা'আলার পবিত্র নাম দ্বারা আরোগ্য কামনা

জেনে রেখো, আল্লাহ্ তা'আলা আসমান থেকে এমন কোন শেফা বা আরোগ্য নাযিল করেননি, যেটি পবিত্র ক্বোরআনুল করীম থেকে অধিক উপকারী ও কার্যকর। আল কুরআন সকল রোগের নিরাময় এবং অন্তরসমূহের মরিচা ও ময়লাকে পরিস্কারকারী। আল্লাহ্ তা'আলা এরশাদ করেন, 'আমি নাযিল করি এ ক্বোরআন থেকে তা, যা হলো মু'মিনগণের জন্য আরোগ্য ও রহমত। [ইসরা-৮৩]

প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন,

أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ :مَنْ لَمْ يَسْتَشْفِ بِالْقُرْآنِ فَلَا شَفَاهُ اللَّهُ تَعَالَى[৮১]

যে ব্যক্তি ক্বোরআনুল করিম এর মাধ্যমে আরোগ্য কামনা করেনি আল্লাহ্ তা'আলা তাকে আরোগ্য দেবেন না। [৮২]

81- مكارم الاخلاق ص 418.وأورده الرازي أيضاً في تفسيره[21/390] والقاسمي في محاسن التأويل[497/6] وأورده الزمخشري في الكشاف تحت تفسيرهِ لسورة الإسراء.قال صاحب "تخريج أحاديث الكشاف:[2/288]" رَوَاهُ الثَّعْلبيّ أخبرنَا ابْن بَاقِل رَاقِم بن أَحْمد الْقَارِي حَدثنَا أَبُو مُحَمَّد عبد الله بن أَحْمد بن مُحَمَّد بن الْحسن حَدثنَا مُحَمَّد بن أَحْمد بن مدرك الْبُخَارِيّ حَدثنَا عبيد الله بن وَاصل حَدثنَا مُحَمَّد بن يُوسُف حَدثنَا أَحْمد بن الْحَارِث الغساني حَدثنَا سَاكِنة ابْن الجَعْد قَالَ

سَمِعت رَجَاء الغنوي يَقُول قَالَ رَسُول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) من لم يسْتَشف بالْقُرْآن فَلَا شفَاه الله(انْتَهَى "استشفوا بما حمد الله به نفسه قبل أن يحمده خلقه، وبما مدح الله به نفسه: {الحمد لله}، و {قل هو الله أحد}، فمن لم يشفه القرآن فلا شفاه الله." رواه أبو محمد الخلال في " فضائل قل هو الله أحد " (2 / 198) حدثنا أحمد بن عروة الكاتب أنبأنا عبد الله بن محمد بن سعيد الجمال حدثنا يزيد بن عمرو بن البراء أبو سفيان الشوف حدثنا أحمد بن الحارث الغساني حدثنا ساكنة بنت الجعد قالت: سمعت رجاء الغنوي يقول: فذكره، رواه الواحدي في " تفسيره " (2 /185/ 2) من طريق آخر عن أحمد بن الحارث الغساني، مقتصرا على الجملة الأخيرة منه.

وكذا أخرجه الثعلبي كما في " تخريج أحاديث الكشاف " للحافظ ابن حجر (ص 103 رقم 304. (قلت: وابن الحارث هذا قال ابن أبي حاتم في " الجرح والتعديل " (1 / 1 / 47) : سألت أبي عنه فقال: متروك الحديث، وقال النسائي: منكر الحديث، وقال البخاري والدولابي: فيه نظر، وقال العقيلي: له مناكير لا يتابع عليها، قال: ولا يعرف لرجاء الغنوي رواية، ولا صحت له صحبة،

وأورده السيوطي في " الجامع " برواية ابن قانع عن رجاء الغنوي، قال المناوي في شرحه: وقد أشار الذهبي في " تاريخ الصحابة " إلى عدم صحة هذا الخبر فقال في ترجمة رجاء هذا: له صحبة، نزل البصرة، وله حديث لا يصح في فضل القرآن، انتهى بنصه.

৮২ -কান্‌যুল ওম্মাল, হাদিস নং-২৮১০৬ এবং দারু কুত্বনী হযরত আবু হোরায়রা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণনা করেন

প্রশ্ন : বিভিন্ন রোগের কারণে তাবীজ দেয়া ও ঝড় ফুক করার হুকুম কি?

উত্তর: ওলামাগণ তাবীজ ও ঝাড়ফুক করা বৈধ হবার ক্ষেত্রে ঐক্যমত প্রকাশ করেছেন, তবে নিম্নোক্ত তিনটি শর্ত থাকা আবশ্যক। আর তা হলো-

* তা যেন আল্লাহ্ তা'আলার কালাম, তাঁর নাম ও সিফাত দ্বারা হয়।
* তা যেন আরবী ভাষা বা অন্য কোন বোধগম্য ভাষায় হয়।
* এ বিশ্বাস রাখা যে, তাবীজ বা ঝাড়ফুকের সত্ত্বাগত কোন প্রভাব নেই বরং আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে যা নির্ধারিত তাই হবে।

প্রশ্ন : উল্লেখিত শর্তে ঝাড়ফুক বৈধতার ক্ষেত্রে কোন দলীল আছে কি?

উত্তর: তার বৈধতার দলীল হলো ইমাম মুসলিমের আওফ ইবনে মালেক থেকে বর্ণিত হাদিস।

عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ الْأَشْجَعِيِّ، قَالَ: كُنَّا نَرْقِي فِي الْجَاهِلِيَّةِ فَقُلْنَا يَا رَسُولَ اللهِ كَيْفَ تَرَى فِي ذَلِكَ فَقَالَ: «اعْرِضُوا عَلَيَّ رُقَاكُمْ، لَا بَأْسَ بِالرُّقَى مَا لَمْ يَكُنْ فِيهِ شِرْكٌ»[৮৩]

হযরত আওফ ইবনে মালেক বলেন, আমরা জাহেলী যুগে ঝাড়ফুক করতাম। তখন আমরা বললাম, এয়া রাসূলাল্লাহ্! এ বিষয়ে আপনার অভিমত কি? প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বললেন, তোমরা তোমাদের ঝাড়ফুকের বাক্য ও পদ্ধতিগুলো আমার নিকট পেশ কর। [প্রিয়নবীর নিকট তা পেশ করার পর ও শোনার পর] বললেন, ঝাড়ফুকে কোন ক্ষতি নেই, যদি তাতে কোন ধরনের শিরক বাক্য বা কর্ম না থাকে।[৮৪]

প্রশ্ন : নিষিদ্ধ ঝাড়ফুক কোনগুলো?

উত্তর: নিষিদ্ধ ঝাড়ফুক হলো, যেগুলো আরবী ছাড়া অন্য কোন ভাষায় হয়ে থাকে, ফলে তাতে বুঝা যায় এটি কি? হতে পারে এতে কোন ধরনের যাদু বা কুফরী বাক্য প্রবেশ করেছে।

হ্যাঁ, যদি অর্থ বুঝা যায়, যেমন আল্লাহ্ তা'আলার যিকর, তার নাম ও গুণাবলীর যিকর, তাহলে তা জায়েয বরং মুস্তাহাব ও বরকতময়।

প্রশ্ন : তাবীয লিখা ও তা গলায় ঝুলানোর হুকুম কি?

উত্তর: এ ধরনের তাবীজ লিখা জায়েয যাতে বোধগম্য নয় এমন প্রকার কোন নাম বা লিখা পাওয়া যায় না। এ ধরনের তাবীজ মানুষ ও পশু-পাখির গলায় ঝুলানো

83- أخرج مسلم في صحيحه (2200)

৮৪ -[সহীহ্ মুসলিম, ২/৪৬২, হা-২২০০ এবং সহীহ্ ইবনে হিব্বান ১৩/৪৬০, হা-৬০৯২ ও ১৩/৪৬৪, হা-৬০৯৪]

জায়েয। এটাই বিশুদ্ধ মাযহাব, যার উপর রয়েছেন মুসলিম মিল্লাতের বিজ্ঞ আলিমগণ।

ইবনুল কায়্যিম তার 'যাদুল মায়াদ' নামক কিতাবে লিখেছেন,

قَالَ المروزي: وَقَرَأَ عَلَى أبي عبد الله - وَأَنَا أَسْمَعُ - أبو المنذر عمرو بن مجمع، حَدَّثَنَا يونس بن حبان، قَالَ: سَأَلْتُ أبا جعفر محمد بن علي أَنْ أُعَلِّقَ التَّعْوِيذَ، فَقَالَ: إِنْ كَانَ مِنْ كِتَابِ اللَّهِ أَوْ كَلَامٍ عَنْ نَبِيِّ اللَّهِ فَعَلِّقْهُ وَاسْتَشْفِ بِهِ مَا اسْتَطَعْتَ.[৮৫]

ইবনে হিব্বান হযরত জাফর ইবনে মুহাম্মদ ইবনে আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম এর নিকট তাবীজ পরিধান করা বিষয়ে জিজ্ঞেস করলে তিনি বলেন, 'যদি আল্লাহ্ তা'আলার কিতাব এবং নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর বাণী হয়, তাহলে তা আপনি ব্যবহার করুন এবং তা দ্বারা আরোগ্য অর্জন করুন।

وقال الميموني: سمعت من سأل أبا عبد الله عن التمائم تعلق بعد نزول البلاء فقال: أرجو أن لا يكون به بأس"، [৮৬]

ইবনে হিব্বান আরও বলেন ইমাম আহমদ্ ইবনু হাম্বল রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে বালা-মুসিবতের সময়ে তাবীজ ব্যবহার করা বা গলায় ঝুলানোর বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, আশা করি এতে কোন প্রকার সমস্যা হবে না।

হযরত আবদুল্লাহ্ ইবনে ইমাম আহমদ বলেন,

قل الخلال : وحدثنا عبد الله بن أحمد ، قل : رأيت أبي يكتب التعويذ للذي يفزع وللحمى بعد وقوع البلاء .[৮৭]

আমি আমার বাবাকে দেখেছি তাবীজ লিখতে ভীত, বিচলিত ও মানসিক অস্থির ব্যক্তিদের জন্য এবং জ্বরে আক্রান্তদের জন্য, বিশেষ করে যখন কোন ধরনের বালা-মুসিবত উপস্থিত হয় তখন।

ইবনে তায়মিয়্যাহ তার 'ফাতাওয়া'তে লিখেন,

85- ابن القيم في زاد المعاد ج 4 ص (291)

86- وقال أبو داود: وقد رأيت على ابنٍ لأبي عبد الله وهو صغير تميمة في رقبته في أدم، قال الخلال: قد كتب هو من الحمى بعد نزول البلاء، والكراهة من تعليق ذلك قبل نزول البلاء هو الذي عليه العمل، وَقَالَ أَيْضًا : لَا بَأْسَ بِكَتْبِ قُرْآنٍ أَوْ ذِكْرٍ وَيُسْقَى مِنْهُ مَرِيضٌ أَوْ حَامِلٌ لِعُسْرِ الْوَلَدِ ، نَصَّ عَلَيْهِ فَلَمْ يَحْكِ فِيهِ خِلَافًا "، ونقله ابن مفلح في الآداب الشرعية: 460/2(،

87- زاد المعاد في هدي خير العباد » فصل الطب النبوي » فصل أنواع علاجه صلى الله عليه وسلم » القسم الثاني والثالث هديه صلى الله عليه وسلم في العلاج بالأدوية الروحانية الإلهية المفردة والمركبة منها ومن الأدوية الطبيعية » فصل في ذكر شيء من الأدوية والأغذية المفردة التي جاءت على لسانه صلى الله عليه وسلم مرتبة على حروف المعجم » حرف الكاف » كتاب للحمى

وَنَقَلُوا عَنْ ابْنِ عَبَّاسٍ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - أَنَّهُ كَانَ يَكْتُبُ كَلِمَاتٍ مِنْ الْقُرْآنِ وَالذِّكْرِ ، وَيَأْمُرُ بِأَنْ تُسْقَى لِمَنْ بِهِ دَاءٌ [৮৮]

হযরত ইবনে আব্বাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে রাবীগণ বর্ণনা করেছেন যে, তিনি কুরআনুল করিমের কতগুলো আয়াত ও যিকর থেকে কতগুলো শব্দ লিখতেন এবং নির্দেশ দিতেন যেন তা অসুস্থ ব্যক্তিকে পান করানো হয় ।

তাঁর এ কাজ প্রমাণ করে যে, এতে রয়েছে বরকত ও শেফা এবং হযরত ইমাম আহমদ ইবনে হাম্বল রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু এটি বৈধ হবার বিষয়ে দলিলসহ প্রমাণ পেশ করেছেন ।

প্রশ্ন : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ :مِنْ عَلَّقَ تَمِيمَةً فَقَدْ أَشْرَكَ. [৮৯]

যে ব্যক্তি কোন ধরনের তাবীজ ঝুলিয়েছে সে অবশ্যই কুফুরী করেছে, এ হাদিসের বর্ণনা মতে কোন ধরনের তাবীজকে নিষেধ করা হয়েছে?

উত্তর: বিজ্ঞ আলিমগণ বলেছেন,

قال العلماء المراد بالتميمة في هذا الحديث قَالَ الْبَيْهَقِيُّ وَيُقَالُ إنَّ التَّمِيمَةَ خَرَزَةٌ كَانُوا يُعَلِّقُونَهَا يَرَوْنَ أَنَّهَا تَدْفَعُ عَنْهُمْ الْآفَاتِ وَإِنَّمَا كَانَ ذَلِكَ مِنْ الشِّرْكِ لِأَنَّهُمْ أَرَادُوا دَفْعَ الْمَضَارّ وَجَلْبَ الْمَنَافِعِ مِنْ عِنْدِ غَيْرِ اللَّهِ ، وَلَا يَدْخُلُ فِي ذَلِكَ مَا كَانَ بِأَسْمَاءِ اللَّهِ وَكَلَامِهِ.

এ হাদিসে বর্ণিত তাবীজ দ্বারা বুঝানো হয়েছে ওই ধরনের গুটিকা বা কণ্ঠহার যা জাহেলী যুগে মানুষ স্বীয় কণ্ঠে ঝুলিয়ে দিত এবং তারা বিশ্বাস করতো যে, তা তাদেরকে বিপদাপদ থেকে রক্ষা করবে । এটা ছিল এক প্রকার শিরক, কেননা তারা তা দ্বারা ক্ষতি প্রতিরোধ এবং লাভ আনয়ন করতে চেয়েছিল আল্লাহ্ তা'আলাকে বাদ দিয়ে অন্য কারও নিকট থেকে, যা মূলত শিরক ।

সুতরাং আল্লাহ্ তা'আলার পবিত্র নাম ও তাঁর পবিত্র কালামের আয়াত লিখিত তাবীজ নিষেধজ্ঞার আওতায় পড়ে না ।

88- مجموع الفتاوى ابن تيمية " (12/ 599-560)وَهَذَا يَقْتَضِي أَنَّ لِذَلِكَ بَرَكَةً. وَالْمَاءُ الَّذِي تَوَضَّأَ بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُوَ أَيْضًا مَاءٌ مُبَارَكٌ؛ صُبَّ مِنْهُ عَلَى جَابِرٍ وَهُوَ مَرِيضٌ.

89- (رواه أحمد -16969).

পঞ্চদশ অধ্যায়

মিলাদুন্নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম উদ্‌যাপনের হুকুম

মিলাদুন্নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম উদ্‌যাপনের হুকুম

প্রশ্ন : মিলাদুন্নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম উদ্‌যাপন করা এবং এ উদ্দেশ্যে মাহফিল করার হুকুম কি?

উত্তরঃ মিলাদুন্নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম রয়েছে, ওই সমস্ত ঘটনাগুলো বর্ণনা করা যা প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম আগমনের পূর্বে সংঘঠিত হয়েছে এবং ওই সমস্ত মু'জিযা ও নিদর্শনাবলী বর্ণনা করা যা প্রিয়নবীর জন্মকালীন সময়ে সংঘঠিত হয়েছে। যা মূলত 'বিদাতে হাসানাহ্' বা উত্তম হিদায়ত, যার উপর আমলকারীকে পুণ্য ও সাওয়াব দান করা হয়। কেননা এতে রয়েছে, প্রিয়নবীর প্রতি সম্মান প্রদর্শন এবং তাঁর শুভ বেলাদতে খুশি ও আনন্দ প্রকাশ করা, যা বৈধ, প্রশংসিত ও নির্দেশিত।

প্রশ্ন : বিদ'আত কয় প্রকার?

উত্তরঃ ওলামাগণ বিদ'আতকে দু'ভাগে ভাগ করেছেন, একটি হলো حسنة হাসানা অপরটি قبيحة কবীহাহ্ (মন্দ)

প্রশ্ন : বিদ'আতে হাসানা কি?

উত্তরঃ ওই সমস্ত কর্মকান্ডের উদ্ভাবন যা ক্বোরআন ও সুন্নাহর সাথে বিরোধ হবে না এবং যা করাটা বিজ্ঞ আলিমগণের নিকটও বৈধ। কেননা এতে রয়েছে মানব জাতির জন্য এবং দ্বীন ইসলামের জন্য কল্যাণ ও উপকার। যেমন পবিত্র ক্বোরআনকে একটি জায়গায় একত্রিত করে একটি মাছহাফে লিপিবদ্ধ করা, জামাত সহকারে তারাবীর নামাযের প্রচলন করা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা এবং ওই সকল কল্যাণকর কাজ যা প্রিয়নবীর যুগে তথা প্রথম যুগে প্রচলিত ছিলনা।

হাদিস শরীফে বর্ণিত রয়েছে,

عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ رضي الله عنه قال: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : (مَنْ سَنَّ فِي الْإِسْلَامِ سُنَّةً حَسَنَةً فَعُمِلَ بِهَا بَعْدَهُ كُتِبَ لَهُ مِثْلُ أَجْرِ مَنْ عَمِلَ بِهَا ، وَلَا يَنْقُصُ مِنْ أُجُورِهِمْ شَيْءٌ . وَمَنْ سَنَّ فِي الْإِسْلَامِ سُنَّةً سَيِّئَةً

فَعُمِلَ بِهَا بَعْدَهُ كُتِبَ عَلَيْهِ مِثْلُ وِزْرِ مَنْ عَمِلَ بِهَا ، وَلَا يَنْقُصُ مِنْ أَوْزَارِهِمْ شَيْءٌ (৯০)

অর্থাৎ 'যে ব্যক্তি ইসলামে কোন নতুন প্রথা বা পদ্ধতির প্রচলন করছে যা উত্তম ও কল্যাণকর হবে, তাহলে ওই ব্যক্তির জন্য রয়েছে এ কর্মের প্রতিদান এবং ক্বিয়ামত পর্যন্ত পরবর্তীতে যারা এর উপর আমল করবে তাদের অর্জিত সাওয়াবের সমপরিমাণ সাওয়াব। হ্যাঁ, তবে তাদের প্রতিদানে কোন প্রকার কমানো হবে না।"(৯১)

প্রশ্ন : মন্দ বিদ'আত কি?

উত্তরঃ তাহলো যা ক্বোরআন ও সুন্নাহর নস এবং ইজমার সাথে বিরোধপূর্ণ। এরই উপর ভিত্তি করে প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম নিম্নোক্ত বাণীঃ

وَكُلُّ بِدْعَةٍ ضَلَالَةٌ وَكُلُّ ضَلَالَةٍ فِي النَّار

অর্থাৎ প্রত্যেক নব আবিস্কৃত বিদ'আত এবং প্রত্যেক বিদ'আত ভ্রষ্ঠতা। (৯২)

সুতরাং এ হাদিস দ্বারা উদ্দেশ্য হলো, ওই সমস্ত নব আবিস্কৃত যা বাতিল এবং ওই বিদ'আত যা নিন্দনীয় ও বর্জনীয়।

প্রশ্নঃ মিলাদুন্নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম উদ্‌যপনের সমর্থনে হাদিস শরীফে কোন দলীল আছে কি?

উত্তরঃ হ্যাঁ, অবশ্যই আছে। ইমাম হাফেযুল হাদিস আহমদ ইবনে হাজার আসকালানী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তার সমর্থনে একটি স্বতন্ত্র হাদিস বর্ণনা করেছেন। আর এটি হলো:

90- رواه مسلم (1017) جاء في صحيح الإمام مسلم عن جرير بن عبد الله البجلي رضي الله عنه قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سَنَّ سُنَّةَ خَيْرٍ فَاتُّبِعَ عَلَيْهَا فَلَهُ أَجْرُهُ وَمِثْلُ أُجُورِ مَنْ اتَّبَعَهُ غَيْرَ مَنْقُوصٍ مِنْ أُجُورِهِمْ شَيْئًا وَمَنْ سَنَّ سُنَّةَ شَرٍّ فَاتُّبِعَ عَلَيْهَا كَانَ عَلَيْهِ وِزْرُهُ وَمِثْلُ أَوْزَارِ مَنْ اتَّبَعَهُ غَيْرَ مَنْقُوصٍ مِنْ أَوْزَارِهِمْ شَيْئًا . " رواه الترمذي رقم 2675 وقال هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ ৯১ -[মুসলিম শরীফ, ২/৭০৬, হা-১০১৭]

92- عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي خُطْبَتِهِ يَحْمَدُ اللَّهَ، وَيُثْنِي عَلَيْهِ بِمَا هُوَ أَهْلُهُ، ثُمَّ يَقُولُ: مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ وَمَنْ يُضْلِلْهُ فَلَا هَادِيَ لَهُ إِنَّ أَصْدَقَ الْحَدِيثِ كِتَابُ اللَّهِ وَأَحْسَنَ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ وَشَرُّ الْأُمُورِ مُحْدَثَاتُهَا وَكُلُّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلُّ بِدْعَةٍ ضَلَالَةٌ وَكُلُّ ضَلَالَةٍ فِي النَّارِ ثُمَّ يَقُولُ: بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ وَكَانَ إِذَا ذُكِرَ السَّاعَةُ احْمَرَّتْ وَجْنَتَاهُ وَعَلَا صَوْتُهُ وَاشْتَدَّ غَضَبُهُ كَأَنَّهُ نَذِيرُ جَيْشٍ يَقُولُ صَبَّحَكُمْ مَسَّاكُمْ ثُمَّ قَالَ: مَنْ تَرَكَ مَالًا فَلِأَهْلِهِ وَمَنْ تَرَكَ دَيْنًا أَوْ ضَيَاعًا فَإِلَيَّ أَوْ عَلَيَّ وَأَنَا أَوْلَى بِالْمُؤْمِنِينَ((مسلم، أبو داود، النسائي، ابن ماجه، أحمد، الدارمي]

বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত রয়েছে-

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِاللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا أَيُّوبُ السَّخْتِيَانِيُّ عَنِ ابْنِ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهم عَنْهمَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهم عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا قَدِمَ الْمَدِينَةَ وَجَدَهُمْ يَصُومُونَ يَوْمًا يَعْنِي عَاشُورَاءَ فَقَالُوا هَذَا يَوْمٌ عَظِيمٌ وَهُوَ يَوْمٌ نَجَّى اللَّهُ فِيهِ مُوسَى وَأَغْرَقَ آلَ فِرْعَوْنَ فَصَامَ مُوسَى شُكْرًا لِلَّهِ فَقَالَ أَنَا أَوْلَى بِمُوسَى مِنْهُمْ فَصَامَهُ وَأَمَرَ بِصِيَامِهِ[৯৩]

'নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম মদিনা শরীফে হিযরত করার পর দেখতে পেলেন, ইয়াহুদীরা আশুরার দিন (মুহর্‌রম মাসের দশম দিন) রোজা পালন করছে। তাদেরকে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এ সম্পর্কে জিজ্ঞেস করালো তারা উত্তরে বললেন, এটি ওই দিন যেদিন আল্লাহ্ তা'আলা ফেরআউনকে সাগরে নিমজ্জিত করে হত্যা করেছিলেন এবং হযরত মুসা আলায়হিস্ সালামকে মুক্তি দিয়েছিলেন, তাই আমরা এ দিন আল্লাহর শুকরিয়া আদায়ার্থে রোজা পালন করি।

অতপর এ দিন নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম নিজেও রোযা রাখলেন এবং মুসলমানদেরকেও রোযা রাখার নির্দেশ দিলেন।

এ হাদিস শরীফটি বর্ণনা করার পর ইমাম ইবনে হাজর আসকালানী বলেন,

الإمام الحافظ المحدث جلال الدين السيوطي قال معقباً على كلام الحافظ ابن حجر العسقلاني" :وَقَدْ أَلَّفَ السُّيُوطِيُّ كِتَابًا فِي رَدِّ كَلَامِهِ سَمَّاهُ "حُسْنُ الْمَقْصَدِ فِي عَمَلِ الْمَوْلِدِ"، فَنَدَ فِيهِ مَا ادَّعَاهُ الْفَاكِهَانِيُّ مِنْ أَنَّهُ لَيْسَ هُنَاكَ نَصٌّ يُجِيزُ الاحْتِفَالَ بِالْمَوْلِدِ بِمَا أَجَابَ بِهِ شَيْخُ الإِسْلَامِ الْحَافِظُ ابْنُ حَجَرٍ بِأَنَّهُ قَدْ ظَهَرَ لَهُ تَخْرِيجُ عَمَلِ الْمَوْلِدِ عَلَى أَصْلٍ مِنَ السُّنَّةِ، وَهُوَ مَا ثَبَتَ فِي الصَّحِيحَيْنِ مِنْ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدِمَ الْمَدِينَةَ، فَوَجَدَ الْيَهُودَ يَصُومُونَ يَوْمَ عَاشُورَاءَ، فَسَأَلَهُمْ فَقَالُوا: هُوَ يَوْمٌ أَغْرَقَ اللهُ فِيهِ فِرْعَوْنَ وَنَجَّى مُوسَى، فَنَحْنُ نَصُومُهُ شُكْرًا لِلَّهِ تَعَالَى" فَيُسْتَفَادُ مِنْ هَذَا الْحَدِيثِ فِعْلُ الشُّكْرِ لِلَّهِ تَعَالَى عَلَى مَا مَنَّ بِهِ فِي يَوْمٍ مُعَيَّنٍ، مِنْ إِسْدَاءِ نِعْمَةٍ، أَوْ دَفْعِ نِقْمَةٍ، وَيُعَادُ ذَلِكَ فِي نَظِيرِ ذَلِكَ الْيَوْمِ مِنْ كُلِّ سَنَةٍ، وَالشُّكْرُ لِلهِ يَحْصُلُ بِأَنْوَاعِ الْعِبَادَةِ كَالسُّجُودِ وَالصِّيَامِ وَالصَّدَقَةِ وَالتِّلَاوَةِ، وَأَيُّ نِعْمَةٍ أَعْظَمُ مِنْ نِعْمَةِ بُرُوزِ النَّبِي صلى الله عليه وسلم. [৯৪]

93- "البخاري: صحيح البخاري « كتاب الصوم « باب صيام يوم عاشوراء رقم الحديث(1900/ 3145 ":(أخرجه البخاري (215/7 ومسلم (رقم 1130(

94- (الحاوي للفتاوى ج1 ص292.)

عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا قَدِمَ الْمَدِينَةَ وَجَدَهُمْ يَصُومُونَ يَوْمًا يَعْنِي عَاشُورَاءَ فَقَالُوا هَذَا يَوْمٌ عَظِيمٌ وَهُوَ يَوْمٌ نَجَّى اللَّهُ فِيهِ مُوسَى وَأَغْرَقَ آلَ فِرْعَوْنَ فَصَامَ مُوسَى شُكْرًا لِلَّهِ فَقَالَ : أَنَا أَوْلَى بِمُوسَى مِنْهُمْ فَصَامَهُ ، وَأَمَرَ بِصِيَامِهِ [৯৫]

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,'তোমরা আমার সাহাবীদের গালমন্দ করো না। সেই সত্তার কসম, যার হাতে আমার প্রাণ। যদি তোমাদের কেউ উহুদ পরিমাণ স্বর্ণও আল্লাহর পথে ব্যয় করে, তবে তা তাদের এক মুদ বা তার অর্ধেকরও সমকক্ষ হতে পারবে না।'(173)

কোন একজন ছাহাবী যদি একজন মিসকীনকে এক মুদ্দ (সামান্য) পরিমাণ খাদ্যদ্রব্য দান করে আর আপনি এক ওহোদ পরিমাণ স্বর্ণ দান করেন, তথাপিও আপনি ঐ ছাহাবীর এক মুদ্দ পরিমাণ দানের ধারে কাছেও যেতে পারবেন না। যদিও এটি সম্ভব নয় যে, আমাদের কারো ওহোদ পরিমাণ স্বর্ণ হবে এবং সে তা আল্লাহ্‌র রাস্তায় ব্যয় করবে।

সহীহ্ হাদীছে এসেছে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

عَنْ عَبْدِ اللَّهِ بن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: خَيْرُ النَّاسِ قَرْنِي، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ يَجِيءُ أَقْوَامٌ تَسْبِقُ شَهَادَةُ أَحَدِهِمْ يَمِينَهُ، وَيَمِينُهُ شَهَادَتَهُ (174)

'আমার যুগের মানুষই সর্বোত্তম মানুষ। অতঃপর তার পরের যুগের মানুষ, অতঃপর তার পরের যুগের মানুষ'(175)।

আরেক হাদীসে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

"النُّجُومُ أَمَنَةٌ لِلسَّمَاءِ فَإِذَا ذَهَبَتْ النُّجُومُ أَتَى السَّمَاءَ مَا تُوعَدُ وَأَنَا أَمَنَةٌ لِأَصْحَابِي فَإِذَا ذَهَبْتُ أَتَى أَصْحَابِي مَا يُوعَدُونَ وَأَصْحَابِي أَمَنَةٌ لِأُمَّتِي فَإِذَا ذَهَبَ أَصْحَابِي أَتَى أُمَّتِي مَا يُوعَدُونَ." (176)

172- "(صحيح البخاري » كتاب فضائل الصحابة » باب قول النبي صلى الله عليه وسلم لو كنت متخذا خليلاصحيح البخاري - المناقب (3470) صحيح مسلم - فضائل الصحابة (2541) سنن الترمذي - المناقب (3861) سنن أبي داود - السنة (4658) سنن ابن ماجه - المقدمة (161) مسند أحمد - باقي مسند المكثرين (11/3) مسند أحمد - باقي مسند المكثرين (55/3) مسند أحمد - باقي مسند المكثرين (64/3)

১৭৩ -[বুখারী : ৩৬৭৩; মুসলিম : ৬৬৫১]

174- روى البخاري (2652) ، ومسلم (2533)

১৭৫ -বুখারী-২৬৫২, মুসলিম-২৫৩৩

'নক্ষত্ররাজি হলো আসমানের জন্য নিরাপত্তাস্বরূপ, তাই যখন তারকারাজি ধ্বংস হয়ে যাবে, আসমানের জন্য যা প্রতিশ্রুত ছিল তা এসে যাবে। একইভাবে আমি আমার সাহাবীদের জন্য নিরাপত্তাস্বরূপ। অতএব আমি যখন চলে যাব তখন আমার সাহাবীদের ওপর তা আসবে যা তাদের ওয়াদা করা হয়েছিল। আর আমার সাহাবীরা আমার উম্মতের জন্য নিরাপত্তাস্বরূপ। যখন আমার সাহাবীরা চলে যাবে তখন আমার উম্মতের ওপর তা আসবে যা তাদের ওয়াদা করা হয়েছিল।' [177]

حديث أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: "افْتَرَقَتِ الْيَهُودُ عَلَى إِحْدَى أَوْ ثِنْتَيْنِ وَسَبْعِينَ فِرْقَةً، وَتَفَرَّقَتِ النَّصَارَى عَلَى إِحْدَى أَوْ ثِنْتَيْنِ وَسَبْعِينَ فِرْقَةً، وَتَفْتَرِقُ أُمَّتِي عَلَى ثَلاَثٍ وَسَبْعِينَ فِرْقَةً" (178)

"হাদীছ শরীফে আরো উল্লেখ আছে যে, অতি শীঘ্রই আমার উম্মত ৭৩ দলে বিভক্ত হবে। একটি দল ব্যতীত বাহাত্তরটি দলই জাহান্নামে যাবে। তখন ছাহাবায়ে কিরাম রদ্বিয়াল্লাহু তায়ালা আনহুমগণ বললেন, ইয়া রসুলাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! যে একটি দল নাযাতপ্রাপ্ত, সে দল কোন্‌টি? হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, আমি এবং আমার সাহাবা রদ্বিয়াল্লাহু তায়ালা আনহুম'র মত ও পথের উপর যারা কায়েম থাকবে। অর্থাৎ তারাই নাযাত প্রাপ্ত দল। (তিরমিযী শরীফ)

অপর এক হাদীস শরীফে বর্ণিত রয়েছে :

وحديث معاوية بن أبي سفيان رضي الله عنهما قال: ألا إن رسول الله صلى الله عليه وسلم قام فينا فقال: "أَلاَ إِنَّ مَنْ قَبْلَكُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ افْتَرَقُوا عَلَى ثِنْتَيْنِ وَسَبْعِينَ مِلَّةً، وَإِنَّ هَذِهِ الْمِلَّةَ سَتَفْتَرِقُ عَلَى ثَلاَثٍ وَسَبْعِينَ ، ثِنْتَانِ وَسَبْعُونَ فِي النَّارِ، وَوَاحِدَةٌ فِي الْجَنَّةِ، وَهِيَ الْجَمَاعَةُ"(179)

176- صحيح مسلم » كتاب فضائل الصحابة » باب بيان أن بقاء النبي صلى الله عليه وسلم أمان لأصحابه وبقاء أصحابه أمان للأمة. رقم الحديث 2531 أخرجه أحمد (398/4 ، رقم 19584) ، ومسلم (1961/4 ، رقم 2531) . وأخرجه أيضًا : البزار (104/8 ، رقم 3102) ، وابن حبان (234/16 ، رقم 7249.)

১৭৭ -[মুসলিম : ৬৬২৯; মুসনাদ আহমদ : ১৯৫৬৬]

178- رواه أبود داوود والترمذي وابن ماجة وأحمد ، وقال الترمذي: حسن صحيح.

179- و صحّحه الترمذي، و ابن حبان (14|140)، و الحاكم (1|128)، والمنذري، و الشاطبي في الاعتصام (2|189) و السيوطي في الجامع الصغير (2|20)، وجوّده الزين العراقي في تخريج أحاديث الإحياء.

"হযরত মুয়াবিয়া রদ্বিয়াল্লাহু তায়ালা আনহু হতে বর্ণিত আছে, বাহাত্তরটি দল হবে জাহান্নামী, আর একটি দল হবে জান্নাতী। আর সে দলটিই হচ্ছে জামা'আতে সাহাবা (তথা আহলে সুন্নাত ওয়াল জামা'আত)। [180]

ن النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ : " اللَّهَ اللَّهَ فِي أَصْحَابِي ، لا تَتَّخِذُوهُمْ غَرَضًا مِنْ بَعْدِي ، فَمَنْ أَحَبَّهُمْ فَبِحُبِّي أَحَبَّهُمْ ، وَمَنْ أَبْغَضَهُمْ فَبِبُغْضِي أَبْغَضَهُمْ ، وَمَنْ آذَاهُمْ فَقَدْ آذَانِي ، وَمَنْ آذَانِي فَقَدْ آذَى اللَّهَ ، وَمَنْ آذَى اللَّهَ فَيُوشِكُ أَنْ يَأْخُذَهُ. "

আবদুল্লাহ ইবন মুগাফফাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,'আমার সাহাবীদের ব্যাপারে তোমরা আল্লাহকে ভয় করো আল্লাহকে ভয় কর। আমার পরবর্তীকালে তোমরা তাঁদের সমালোচনার নিশানায় পরিণত করো না। কারণ যে তাদের ভালোবাসবে, সে আমার মুহাব্বতেই তাদের ভালোবাসবে। আর যে তাঁদের অপছন্দ করবে, সে আমাকে অপছন্দ করার ফলেই তাদের অপছন্দ করবে। আর যে তাঁদের কষ্ট দেবে সে আমাকেই কষ্ট দেবে। আর যে আমাকে কষ্ট দেবে সে যেন আল্লাহকেই কষ্ট দিল। আর যে আল্লাহকে কষ্ট দেবে অচিরেই আল্লাহ তাকে পাকড়াও করবেন।'[181]

উপরের উদ্ধৃতিগুলো থেকে আমরা জানলাম যে, আল্লাহ তা'আলা সাহাবীদের প্রশংসা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের ওপর তাঁর সন্তুষ্টি প্রকাশ করেছেন। আল্লাহ কর্তৃক তাঁদের স্তুতি ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক তাঁদের ভূয়সী প্রশংসাই প্রমাণ করে যে, তাঁরা হলেন ন্যায়নিষ্ঠ। সর্বোপরি আপন নবীর সঙ্গী ও তাঁর সহযোগী হিসেবে আল্লাহ যাদের ওপর সন্তুষ্ট হয়েছেন তাঁদের তো আর কোনো ন্যায়নিষ্ঠতা প্রমাণের প্রয়োজন নেই। এর চেয়ে বড় আর কোনো সনদ হতে পারে না। এর চেয়ে পূর্ণতার আর কোনো দলীল হতে পারে না। [182]

আবদুল্লাহ ইবন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর আরেকটি উক্তি এখানে প্রণিধানযোগ্য। তিনি বলেন,

قَالَ ابْنُ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ " مَنْ كَانَ مِنْكُمْ مُتَأَسِّيًا فَلْيَتَأَسَّ بِأَصْحَابِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؛ فَإِنَّهُمْ كَانُوا أَبَرَّ هَذِهِ الأُمَّةِ قُلُوبًا وَأَعْمَقَهَا عِلْمًا

১৮০-ইবনু হিব্বান-১৪/১৪০,হাকেম-১/১২৮

১৮১ -[তিরমিযী : ৪২৩৬; সহীহ ইবন হিব্বান : ৭২৫৬]

১৮২ -ইবন আবদিল বার, আল-ইস্তি'আব ফী মা'রিতিল আসহাব : ১/১]

وَأَقَلَّهَا تَكَلُّفًا وَأَقْوَمَهَا هَدْيًا وَأَحْسَنَهَا حَالا ، قَوْمًا اخْتَارَهُمُ اللَّهُ لِصُحْبَةِ نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَاعْرِفُوا لَهُمْ فَضْلَهُمْ وَاتَّبِعُوهُمْ فِي آثَارِهِمْ ؛ فَإِنَّهُمْ كَانُوا عَلَى الْهُدَى الْمُسْتَقِيمِ. "[183]

"তোমাদের মধ্যে কেউ যদি অনুসরণ করতে চায় তবে সে যেন হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণেরই অনুসরণ করে। কারণ, তাঁরাই ছিলেন এ উম্মতের মধ্যে আত্মার দিক থেকে সবচেয়ে বেশি নেককার, ইলমের দিক থেকে গভীরতর, লৌকিকতার দিক থেকে সল্পতম, আদর্শের দিক থেকে সঠিকতম, অবস্থার দিক থেকে শুদ্ধতম। তাঁরা এমন সম্প্রদায় আল্লাহ যাদেরকে আপন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সংস্পর্শধন্য হবার জন্য এবং তাঁর দ্বীন কায়েমের উদ্দেশ্যে বাছাই করেছেন। অতএব তোমরা তাঁদের মর্যাদা অনুধাবন করো এবং তাঁদের পদাঙ্ক অনুসরণ করো। কারণ, তাঁরা ছিলেন সীরাতে মুস্তাকীমের ওপর প্রতিষ্ঠিত। [184]

সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহু-এর সমালোচনা হারাম

সমস্ত প্রশংসা আল্লাহ তা'য়ালার জন্য যিনি রববুল আলামীন। দুরুদ ও সালাম রসূলুল্লাহ্ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি যিনি রহমাতুল্লিল আলামীন, তাঁর পরিবারবর্গ, সাহাবায়ে কিরাম এবং সালেহীন তথা সৎকর্মপরায়নগণের প্রতি, যাঁরা হলেন হেদায়তের পূর্ণশিখা।

হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবায়ে কিরাম রদ্বিয়াল্লাহু তায়ালা আনহুমের প্রতি মুহব্বত রাখা, তাঁদের প্রতি সুধারণা পোষণ করা হচ্ছে ঈমানের অঙ্গ। তাঁদের ইত্তেবা বা অনুসরণ করা ওয়াজিব। আর তাঁদের প্রতি বিদ্বেষ পোষণ করা, তাঁদেরকে কষ্ট দেয়া, সমালোচনা করা, নাকিছ বা অপূর্ণ বলা সম্পূর্ণ গোমরাহী ও ভ্রষ্টতা। এটাই আহ্লে সুন্নাত ওয়াল জামা'আতের আক্বীদা বা বিশ্বাস। এর বিপরীত আক্বীদা পোষণ করা বৃহত্তর মুসলিম ঐক্যের বিপরীতে অবস্থান গ্রহনের নামান্তর।

আহলে সুন্নাত ওয়াল জামা'আতের একটি মূলনীতি হচ্ছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবাদের ব্যাপারে তাদের অন্তর এবং বাক-যন্ত্র পুতঃপবিত্র ও সংযত

183- الشريعة للآجري 1686/4, كذا أخرجه أبو نعيم في الحلية (306،305/1

১৮৪ -আবূ নাঈম, হিলইয়াতুল আওলিয়া : ৩০৫/১; . মুহাম্মদ ইবন আবূ শাহবা, আল ইসরাঈলিয়্যাত ওয়াল মাওযূয়াত ফী কুতুবিত তাফসীর]

থাকবে, আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণীর প্রতিও তারা আমল করবে, রাফেযী- খারেজীদের ভ্রষ্ট তরীকা থেকে তারা মুক্ত থাকবে। কিতাব ও সুন্নায় সাহাবায়ে কিরামের যে ফযিলত বর্ণনা করা হয়েছে, আহলে সুন্নাত তা মেনে নেয় এবং বিশ্বাস করে যে, তারাই যুগের সর্বোত্তম প্রজন্ম।

যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন:

عَنْ عَبْدِ اللَّهِ بن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: خَيْرُ النَّاسِ قَرْنِي، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ يَجِيءُ أَقْوَامٌ تَسْبِقُ شَهَادَةُ أَحَدِهِمْ يَمِينَهُ، وَيَمِينُهُ شَهَادَتَهُ [185]

আবদুল্লাহ ইবন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি বলেন, আমার যুগের লোকেরাই সর্বোত্তম ব্যক্তি, অতঃপর যারা তাদের নিকটবর্তী। অতঃপর যারা তাদের নিকটবর্তী এরপরে এমন সব ব্যক্তি আসবে যারা কসম করার আগেই সাক্ষ্য দিবে, আবার সাক্ষ্য দেয়ার আগে কসম করে বসবে। [১৮৬]।

আল্লাহ তা'আলা সাহাবীদের প্রশংসা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের ওপর তাঁর সন্তুষ্টি প্রকাশ করেছেন। আল্লাহ কর্তৃক তাঁদের স্তুতি ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক তাঁদের ভূয়সী প্রশংসাই প্রমাণ করে যে তাঁরা হলেন ন্যায়নিষ্ঠ, তাঁরা ছিলেন ভূ-পৃষ্ঠের শ্রেষ্ঠতম ব্যক্তির শ্রেষ্ঠতম সহচর। সর্বোপরি আপন নবীর সঙ্গী ও তাঁর সহযোগী হিসেবে আল্লাহ যাদের ওপর সন্তুষ্ট হয়েছেন তাঁদের তো আর কোনো ন্যায়নিষ্ঠতা প্রমাণের প্রয়োজন নেই। এর চেয়ে বড় আর কোনো সনদ হতে পারে না। এর চেয়ে পূর্ণতার আর কোনো দলীল হতে পারে না। [১৮৭]

তাঁদের যাবতীয় অপ্রকাশ্য বিষয় সম্পর্কে সুপরিজ্ঞাত আল্লাহ কর্তৃক ন্যায়নিষ্ঠতার ঘোষণার পর আর কোনো সৃষ্টি কর্তৃক তাঁদেরকে ন্যায়নিষ্ঠ ঘোষণার প্রয়োজন নেই। আর তাঁদের মর্যাদা এমনই প্রশ্নাতীত যে তাঁদের মর্তবা সম্পর্কে যদি আয়াতগুলো নাযিল না করতেন আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপরোল্লিখিত হাদীসগুলো উচ্চারণ না করতেন, তথাপি তাঁদের হিজরত, জিহাদ, নুছরত, পদ ও প্রতিপত্তি ত্যাগ, পিতা ও পুত্রের বিরুদ্ধে লড়াই, দ্বীনের জন্য অবর্ণনীয় কল্যাণকামিতা

185- روى البخاري (2652) ، ومسلم (2533)

186 -বুখারী-২৬৫২, ৩৬৫১, ৬৪২৯, ৬৬৫৮ মুসলিম- ৪৪/৫২ হাঃ ২৫৩৩, আহমাদ ৪১৩০। আধুনিক প্রকাশনীঃ ২৪৬০, ইসলামী ফাউন্ডেশনঃ ২৪৭৬

১৮৭ -ইবন আবদিল বার, আল-ইস্তি'আব ফী মা'রিতিল আসহাব- ১/১

এবং ঈমান ও ইয়াকিনের দৃঢ়তা তাঁদের ন্যায়নিষ্ঠতা থেকে বিচ্যুত হওয়া ঠেকাত, তাঁদের পবিত্রতা ও মহানুভবতার পক্ষে সাক্ষী হত।

মোদ্দাকথা তাঁরা তো সকল সত্যায়নকারী ও সাফাইকারীর চেয়েই শ্রেষ্ঠ যারা তাঁদের পর এসেছে। এটাই উল্লেখযোগ্য আলেম এবং ফিকহবিদের মত।[১৮৮]

হযরত আবদুল্লাহ ইবন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুর একটি উক্তি এখানে প্রণিধানযোগ্য। তিনি বলেন,

عبد الله بن مسعود رضي الله عنه : " مَن كانَ مُسْتَنًّا ، فَلْيَسْتَنَّ بمن قد ماتَ ، فإنّ الحيَّ لا تُؤمَنُ عليه الفِتْنَةُ ، أولئك أصحابُ محمد صلى الله عليه وسلم، كانوا أفضلَ هذه الأمة : أبرّها قلوبًا، وأعمقَها علمًا، وأقلّها تكلّفًا، اختارهم الله لصحبة نبيّه ، ولإقامة دِينه ، فاعرفوا لهم فضلَهم، واتبعُوهم على أثرهم، وتمسّكوا بما استَطَعْتُم من أخلاقِهم وسيَرِهم ، فإنهم كانوا على الهُدَى المستقيم ."

"তোমাদের মধ্যে কেউ যদি অনুসরণ করতে চায় তবে সে যেন হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণেরই অনুসরণ করে। কারণ, তাঁরাই ছিলেন এ উম্মতের মধ্যে আত্মার দিক থেকে সবচেয়ে বেশি নেককার, ইলমের দিক থেকে গভীরতর, লৌকিকতার দিক থেকে স্বল্পতম, আদর্শের দিক থেকে সঠিকতম, অবস্থার দিক থেকে শুদ্ধতম। তাঁরা এমন সম্প্রদায় আল্লাহ যাদেরকে আপন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সংস্পর্শধন্য হবার জন্য এবং তাঁর দ্বীন কায়েমের উদ্দেশ্যে বাছাই করে নিয়েছেন। অতএব তোমরা তাঁদের মর্যাদা অনুধাবন করো এবং তাঁদের পদাঙ্ক অনুসরণ করো। কারণ, তাঁরা ছিলেন সীরাতে মুস্তাকীমের ওপর প্রতিষ্ঠিত।[১৮৯]

'তাঁরা ইলম, ইজতিহাদ, তাকওয়া ও জ্ঞান-বুদ্ধিতে আমাদের ওপরে। তাঁরা আমাদের চেয়ে উত্তম এমন বিষয়ে যে ব্যাপারে ইলম জানা গেছে কিংবা যা ইস্তিমবাত বা উদ্ভাবন করা হয়েছে। তাঁদের রায়গুলো আমাদের কাছে প্রশংসনীয়। আমাদের নিজেদের ব্যাপারেই আমাদের সিদ্ধান্তের চেয়ে তাঁরাই অগ্রাধিকার পাবার হকদার।'[১৯০]

আর এ সকল ফযীলতের কারনে ছাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুম সম্পর্কে বিখ্যাত ফক্বীহ সাহাবী হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুর বর্ণনা করতে গিয়ে বলেন, হযরত ছাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমের সমালোচনা করা, বিদ্বেষ করা কুফরী: আল্লাহ পাক কালামুল্লাহ শরীফে ইরশাদ করেন:

188 -খতীব বাগদাদী, আল-কিফায়া ফী ইলমির রিওয়ায়াহ্ ১১৮/১

১৮৯ -আবূ নাঈম, হিলইয়াতুল আওলিয়া : ৩০৫/১; ড.মুহাম্মদ ইবন আবূ শাহবা, আল ইসরাঈলিয়্যাত ওয়াল মাওযূয়াত ফী কুতুবিত তাফসীর

১৯০ -মুকাদ্দাম ইবনু সালাহ, ড. নূরুদ্দীন 'ঈতর সম্পাদনা, বৈরুত, প্রকাশকাল : ২০০০ ইং, পৃষ্ঠা-২৯৭

إِنَّ الَّذِينَ يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ عَذَابًا مُّهِينًا

"নিশ্চয়ই যারা আল্লাহ পাক ও তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কষ্ট দেয়, দুনিয়া ও আখিরাতে তাদের প্রতি আল্লাহ পাকের অভিসম্পাত এবং তাদের জন্য নির্ধারিত রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।" [সূরা আহযাব ৫৭]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন:

حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِيْ إِيَاسٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الأَعْمَشِ قَالَ سَمِعْتُ ذَكْوَانَ يُحَدِّثُ عَنْ أَبِيْ سَعِيْدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: لَا تَسُبُّوْا أَصْحَابِيْ فَلَوْ أَنَّ أَحَدَكُمْ أَنْفَقَ مِثْلَ أُحُدٍ ذَهَبًا مَا بَلَغَ مُدَّ أَحَدِهِمْ وَلَا نَصِيْفَهُ.

"তোমরা আমার সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমকে গালি দিও না। কেননা যদি তোমাদের কেউ উহুদ পাহাড় পরিমান স্বর্ণ আল্লাহ পাকের রাস্তায় দান করে, তবুও সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমের এক মুদ (১৪ ছটাক) বা অর্ধ মদ (৭ ছটাক) সমপরিমান গম দান করার ফযীলতের সমপরিমান ফযীলতও অর্জন করতে পারবে না।"[১৯১]

সমগ্র দুনিয়ার সকল মানুষের নেক আমল এক করলেও সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমের কয়েক মুহূর্তের আমলের সমান হবে না। হযরত আবদুল্লাহ ইবন উমর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন:

لا تَسُبُّوا أَصْحَابَ مُحَمَّدٍ فَلَمَقَامُ أَحَدِهِمْ سَاعَةً خَيْرٌ مِنْ عَمَلِ أَحَدِكُمْ عُمْرَهُ

'তোমরা হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীদের গালাগাল করো না। কেননা তাঁদের এক মুহূর্তের (ইবাদতের) মর্যাদা তোমাদের প্রত্যেকের জীবনের আমলের চেয়ে শ্রেষ্ঠ।'[১৯২]

এ ব্যাপারে ইবন হাযম রাহিমাহুল্লাহর একটি মূল্যবান বাক্য রয়েছে, তিনি বলেন, 'আমাদের কাউকে যদি যুগ-যুগান্তর ব্যাপ্ত সুদীর্ঘ হায়াত প্রদান করা হয় আর সে তাতে অব্যাহতভাবে ইবাদত করে যায়, তবুও তা ওই ব্যক্তির সমকক্ষ হতে পারবে না যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এক সেকেন্ড বা তার চেয়ে বেশি সময়ের জন্য দেখেছেন।'[১৯৩]

191 - বুখারী-৩৬৭৩.মুসলিম ৪৪/৫৪, হাঃ ২৫৪০ আধুনিক প্রকাশনীঃ ৩৩৯৮, ইসলামী ফাউন্ডেশনঃ ৩৪০৫

192 -ইবন মাজা : ১৬২; আহমাদ বিন হাম্বল, ফাযাইলুস ছাহাবা ১৫

১৯৩ -ইবন হাযম, আল-ফাছলু ফিল মিলাল ওয়াল আহওয়া ওয়ান নিহাল ২/৩৩

ইবন মুগাফফাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ الْمُزَنِيِّ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ :

"اللَّهَ اللَّهَ فِي أَصْحَابِي، اللَّهَ اللَّهَ فِي أَصْحَابِي، لَا تَتَّخِذُوهُمْ غَرَضًا بَعْدِي، فَمَنْ أَحَبَّهُمْ فَبِحُبِّي أَحَبَّهُمْ، وَمَنْ أَبْغَضَهُمْ، فَبِبُغْضِي أَبْغَضَهُمْ، وَمَنْ آذَاهُمْ فَقَدْ آذَانِي، وَمَنْ آذَانِي فَقَدْ آذَى اللَّهَ، وَمَنْ آذَى اللَّهَ فَيُوشِكُ أَنْ يَأْخُذَهُ " (194)

'আমার সাহাবীদের ব্যাপারে তোমরা আল্লাহকে ভয়, করো আল্লাহকে ভয় কর। আমার পরবর্তীকালে তোমরা তাঁদের সমালোচনার নিশানায় পরিণত করো না। কারণ, যে তাদের ভালোবাসবে সে আমার মুহাব্বতেই তাদের ভালোবাসবে। আর যে তাঁদের অপছন্দ করবে সে আমাকে অপছন্দ করার ফলেই তাঁদের অপছন্দ করবে। আর যে তাঁদের কষ্ট দেবে সে আমাকেই কষ্ট দেবে। আর যে আমাকে কষ্ট দেবে সে যেন আল্লাহকেই কষ্ট দিল। আর যে আল্লাহকে কষ্ট দেবে অচিরেই আল্লাহ তাকে পাকড়াও করবেন।' (১৯৫)

সুতরাং উক্ত দলীল থেকে বোঝা গেল, যারা হযরত ছাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমদের প্রতি বিন্দু মাত্র সমালোচনা করবে, উনাদের বিরুদ্ধে স্বজন প্রীতির অপবাদ দিবে, তারা নিশ্চিত কাফির হয়ে জাহান্নামে যাবে। আল্লাহ পাক আরো ইরশাদ করেন: لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ "একমাত্র কাফিররাই তাঁদের প্রতি বিদ্বেষ পোষন করে। (সূরা ফাতাহ ২৯)

এ আয়াত শরীফের ব্যাখ্যায় হাদীস শরীফে বর্নিত আছে:

قال الإمامُ مالك ـ رحمه الله ـ: «من أصبحَ في قلبِه غَيْظٌ علَى أحَدٍ مِن أصْحَابِ رَسُولِ الله ـ صلى الله عليه وسلم ـ فقد أصَابَتْه الآيَة (196)

ইমাম মালেক বলেন, যে ব্যক্তি হযরত সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমের প্রতি বিদ্বেষ পোষন করবে, সে এ আয়াতের হুকুমের আওতায় পড়বে।" (১৯৭)

হাদীস শরীফে বর্ণিত আছে:

أَنَس بْنِ مَالِكٍ -رَضِيَ اللَّهُ عَنْهُ- عَنْ النَّبِيِّ -صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ- قَالَ: آيَةُ الْإِيمَانِ حُبُّ الْأَنْصَارِ، وَآيَةُ النِّفَاقِ بُغْضُ الْأَنْصَارِ (198)

194- أخرجه الترمذي في المناقب، باب فيمن سب أصحاب النبي صلى الله عليه وسلم، ورواه أيضاً أحمد في المسند 87/4.

195 -তিরমিযী : ৪২৩৬; সহীহ ইবন হিব্বান- ৭২৫৬

196- حلية الأولياء» (6/ 327.) قال القرطبيُّ ـ رحمه الله ـ مُعلِّقا عليه: «قلتُ: لقد أحسنَ مالكٌ في مقالته وأصابَ في تأويله؛ فمن نَقص واحدًا منهم أو طَعن عليه في روايتِه فقد ردَّ على الله رَبِّ العالمين، وأبطل شرائع المسلمين» «الجامع لأحكام القرآن» (12/ 297.)

197 - হিলয়াতুল আওলিয়াল ৬/৩২৭

"হযরত সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমের প্রতি বিশেষ করে আনসারগনের প্রতি মুহব্বত ঈমান, আর উনাদের প্রতি বিদ্বেষ পোষন করা নিফাক তথা কুফরী।" (১৯৯)

ইমাম আবূ যুর'আ রাহিমাহুল্লাহ বলেন:

قال الإمام أبو زرعة العراقي أحد مشايخ مسلم: (200):إذا رأيت الرَّجلَ يَنْتَقِصُ أحدًا منْ أصحابِ رسولِ الله -صلى الله عليه وسلَّم- فاعْلَمْ أنَّه زِنْدِيقٌ؛ وذلك أنَّ الرَّسولَ -صلى الله عليه وسلَّم- عندنا حقٌّ، والقرآنُ حقٌّ، وإنَّما أدَّى إلينا هذا القرآنَ والسُّنَنَ أصحابُ رسولِ الله -صلى الله عليه وسلَّم-، وإنَّما يريدون أن يُجَرِّحُوا شهودَنا لِيُبْطِلُوا الكتابَ والسُّنَّةَ، والجَرْحُ بهم أَوْلَى، وهم زَنَادِقَةٌ. (201)

'যখন তুমি কোনো ব্যক্তিকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণের কোনো একজনের মর্যাদাহানী করতে দেখবে তখন বুঝে নেবে যে সে একজন ধর্মদ্রোহী নাস্তিক। আর তা এ কারণে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে সত্য, কুরআন সত্য। আর এ কুরআন ও সুন্নাহ আমাদের কাছে পৌঁছিয়েছেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবায়ে কিরাম। নিশ্চয় তারা চায় আমাদের প্রমাণগুলোয় আঘাত করতে। যাতে তারা কিতাব ও সন্নাহকে বাতিল করতে পারে। এরা হলো ধর্মদ্রোহী- নাস্তিক। এদেরকে আঘাত করাই শ্রেয়।' (২০২)

হুজুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উনার বিছাল শরীফের পর একটা মুরতাদ দল বের হবে যারা কিনা সাহাবী রদ্বিয়াল্লাহু আনহু উনাদের প্রতি বিদ্বেষ করবে। এদের সম্পর্কে হুজুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্বেই সতর্ক করে ভবিষ্যতবাণী করেছেন:

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: " إِنَّ اللَّهَ اخْتَارَنِي، وَاخْتَارَ أَصْحَابِي، وَإِنَّهُ سَيَجِيءُ قَوْمٌ يَنْتَقِصُونَهُمْ، وَيُعِيبُونَهُمْ، وَيَسُبُّونَهُمْ، فَلا تُجَالِسُوهُمْ، وَلا تُوَاكِلُوهُمْ، وَلا تُشَارِبُوهُمْ، وَلا تُصَلُّوا مَعَهُمْ، وَلا تُصَلُّوا عَلَيْهِمْ." (203)

198- رواه البخاري برقم (3500) ومسلم برقم (109)، وهذا لفظ البخاري

199 - বুখারী-৩৫০০, মুসলিম-১০৯

200- قال عنه الإمام أحمد بن حنبل: ما جاء الجسر أحفظ من أبي زرعة، وقال الإمام أبو حاتم: إن أبا زرعة ما خلف بعده مثله. (العواصم من القواسم، ص34، ط: الرياض 1404هـ).

201- الكفاية للخطيب البغدادي، ص: 49، ط: حيدر آباد الدكن (الهند) 1357.

২০২ -খতীব বাগদাদী, আল-কিফায়াহ ফী ইলমির রিওয়ায়াহ ১/১১৯

٢٠٣- الجامع لأخلاق الراوي وآداب السامع للخطيب ﷺ بَابُ : اتِّخَاذِ الْمُسْتَمْلِي ﷺ إِمْلاءُ فَضَائِلِ الصَّحَابَةِ وَمَنَاقِبِهِمْ ، ... رقم الحديث: ١٣٨٢

"অতি শীঘ্রই একটি দল বের হবে, যারা আমার সাহাবী রাদ্বিয়াল্লাহু আনহুমগনকে গালি দিবে, উনাদের নাকিছ বা অপূর্ণ বলবে। সাবধান ! সাবধান ! তোমরা তাদের মজলিসে বসবে না, তাদের সাথে পানাহার করবে না, তাদের সাথে বিয়ে-শাদীর ব্যবস্থা করবে না। অন্য রেওয়াতে আছে, তাদের পেছনে নামাজ পড়বে না এবং তাদের জন্য দোয়া করবে না।"[২০৪]

আরো ইরশাদ হয়েছে:

عَنْ نَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " : إِذَا رَأَيْتُمُ الَّذِينَ يَسُبُّونَ أَصْحَابِي فَقُولُوا: لَعْنَةُ اللَّهِ عَلَى شَرِّكُمْ" [205]

"যখন তোমরা কাউকে আমার সাহাবায়ে কিরাম রাদ্বিয়াল্লাহু আনহুমগনকে গালি দিতে দেখবে, তখন তোমরা বলো, এ নিকৃষ্ট কাজের জন্য তোমাদের প্রতি আল্লাহ পাকের লা'নত বর্ষিত হোক।"[২০৬]

হযরত আনাস ইবন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " : مَنْ سَبَّ أَصْحَابِي فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ، وَالْمَلَائِكَةِ، وَالنَّاسِ أَجْمَعِينَ، لا يَقْبَلُ اللَّهُ مِنْهُ صَرْفًا وَلا عَدْلا " ، قَالَ : الْعَدْلُ: الْفَرَائِضُ , وَالصَّرْفُ: التَّطَوُّعُ. [207]

'যে ব্যক্তি আমার সাহাবীকে গাল দেবে তার ওপর আল্লাহ, ফেরেশতা সকল মানুষের অভিশাপ। আল্লাহ তার নফল বা ফরয কিছুই কবুল করবেন না।'[২০৮]

হযরত আতা ইবন আবী রাবাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'যে আমার সাহাবীদের ব্যাপারে আমাকে সুরক্ষা দেবে, কিয়ামতের দিন আমি তার জন্য সুরক্ষাকারী হব। আর 'যে আমার সাহাবীকে গাল দেবে তার ওপর আল্লাহর অভিশাপ।' [২০৯]

বিখ্যাত সিরাত গ্রন্থ "শিফা"তে বর্ণিত আছে:[210] إِذَا ذُكِرَ أَصْحَابِي فَأَمْسِكُوا

"আমার সাহাবীদের আলোচনাকালে তোমরা সংযত থেকো।" [২১১]

204- কানযুল উম্মাল-32468

205- أخرجه الترمذي في المناقب.

২০৬ -তিরমীযি শরীফ সাহাবীদের অধ্যায়।

207- رواه الطبراني (3 / 174 / 1) عن الحسن بن قزعة عن عبد الله بن خراش عن العوام بن حوشب عن عبد الله بن أبي الهذيل عن ابن عباس مرفوعا.

208 -তাবরানী-২১০৮

209 -আহমাদ বিন হাম্বল, ফাযাইলুস ছাহাবা ১৭৩৩

২১০- رواه الطبراني في "الكبير" (2 / 96)

মহান আল্লাহ ঈমানদারগণকে সাহাবায়ে কেরাম -এর জন্য দো'আ প্রার্থনার আদেশ করেছেন এবং সত্যিকার মুমিনগণ তা বাস্তবায়নও করেছেন। কিন্তু কতিপয় লোক কুরআন ও হাদীস নির্দেশিত এই পথ প্রত্যাখ্যান করে চরম ধৃষ্টতার পরিচয় দিয়েছে। ক্ষমা প্রার্থনার পরিবর্তে তারা তাঁদেরকে দিয়েছে গালি এবং প্রশংসার পরিবর্তে করেছে নিন্দা।

আমাদের আলোচনার এটিই শেষ বিষয়। সাহাবীগণের মধ্যে যেসব মতানৈক্য হয়েছে, তদ্বিষয়ে আমাদের করণীয় কি? সালাফে ছালেহীনের এক ব্যক্তিকে যখন এ বিষয়ে জিজ্ঞেস করা হয়েছিল, তখন তিনি স্পষ্ট ভাষায় বলেছিলেন, আল্লাহ তা থেকে আমাদের তরবারীকে মুক্ত রেখেছেন। অতএব, আমরা তা থেকে আমাদের যবানকেও মুক্ত রাখব'।[২১২]

আরেকজনকে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি নিম্নোক্ত আয়াত তেলাওয়াত করেন:

تِلْكَ أُمَّةٌ قَدْ خَلَتْ ۖ لَهَا مَا كَسَبَتْ وَلَكُم مَّا كَسَبْتُمْ ۖ وَلَا تُسْأَلُونَ عَمَّا كَانُوا يَعْمَلُونَ

'তারা ছিল এক সম্প্রদায়, যারা গত হয়ে গেছে। তারা যা করেছে, তা তাদেরই জন্য। তারা কি করত, সে সম্পর্কে তোমরা জিজ্ঞাসিত হবে না' [২১৩]

সাহাবায়ে কেরাম সম্পর্কে আমাদের অন্তঃকরণকে নিষ্কলুষ রাখতে হবে। তাঁদের প্রতি হৃদয়ে কোন হিংসা-বিদ্বেষ বা ঘৃণা থাকবে না; থাকবে না কোন প্রকার শত্রুতা। বরং হৃদয়ের মণিকোঠায় স্থান পাবে শুধু ভালবাসা, অনুগ্রহ আর সহানুভূতি।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র মাতা-পিতার ও তাঁদের ঈমান প্রসঙ্গ

প্রতিটি মুসলমান তো বটেই প্রতিটি মানুষেরই জানা উচিত বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বংশ পরিচয় কী?। আমাদের উচিত হচ্ছে মহানবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সম্পর্কে সঠিক পরিচিতি অর্জন করা। তিনি মানব ও জ্বিন জাতিসহ সকল সৃষ্টির মধ্য হতে শ্রেষ্ঠ সৃষ্টি। তাঁকে সৃষ্টি করা না হলে পৃথিবীর কোন কিছু সৃষ্টি করা হত না। তাঁর নুর হতে পৃথিবীর

২১১- رواه الطبراني في "الكبير" (2 / 96)

212 -ঘটনাটি ওমর বিন আব্দুল আযীয (রহঃ) থেকে বর্ণনা করা হয়। দ্রঃ হিলইয়াতুল আওলিয়া, ৯/১১৪; আল-মুজালাসাহ/১৯৬৫।

২১৩ -(বাক্বারাহ ১৩৪ [দ্রঃ খাল্লাল, আস-সুন্নাহ, ২/৪৮১।]

সবকিছু সৃষ্টি করা হয়েছে। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বপ্রথম সৃষ্টি। তাঁর পূর্বে আল্লাহ তায়ালা কোন কিছু সৃষ্টি করেননি। হযরত আদম আলাহিস সালামও তাঁকে ওসিলা করে দোয়া করেছেন। নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ كُنْتُ نَبِيًّا وَآدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّينِ আমি তখনও নবী ছিলাম যখন আদম পানি ও মাটির মধ্যে মিশ্রিত ছিলেন। (২১৪)

عن ميسرة الفجر، قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، مَتَى كُتِبْتَ نَبِيًّا؟ قَالَ: «وَآدَمُ بَيْنَ الرُّوحِ وَالْجَسَدِ(২১৫)

শুধু আদম আলাহিস সালাম নন; বরং সকল নবী-রাসূল তাঁকে ওসিলা করে দোয়া করেছেন ও সমস্যার সমাধান পেয়েছেন।

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র বংশ সারা দুনিয়ার সব বংশাবলী থেকে অতি পবিত্র ও সম্ভ্রান্ত, সারা বিশ্বের সেরা ও উত্তম বংশ। তা এমনি একটি বাস্তব সত্য কথা যে, আপন পর সবাই অকপটে তা স্বীকার করত। তাঁর চরম দুশমন ও মক্কার কাফেরকুলও তা অমান্য করতে পারেনি। রোমের বাদশাহর সামনে হযরত আবু সুফিয়ান রাদ্বিয়াল্লাহু তাআলা আনহু কাফের থাকাবস্থায় তা স্বীকার করেছিলেন ও বলেছিলেন,

قَالَ كَيْفَ نَسَبُهُ فِيكُمْ؟، قُلْتُ هُوَ فِينَا ذُو نَسَبٍ

"তিনি আমাদের মধ্যে উচ্চ বংশীয় ব্যক্তি। বংশ গৌরব ও আভিজাত্যে কেউ তাঁর তুল্য নয়।

তখন রোম সম্রাট হিরাকল বলেছিলেনঃ

فَقَالَ لِلتَّرْجُمَانِ قُلْ لَهُ سَأَلْتُكَ عَنْ نَسَبِهِ فَذَكَرْتَ أَنَّهُ فِيكُمْ ذُو نَسَبٍ فَكَذَلِكَ الرُّسُلُ تُبْعَثُ فِي نَسَبِ قَوْمِهَا .(২১৬)

---

২১৪ -(আল কাফি; খঃ ১, পৃঃ ৪০০।)

২১৫- أخرجه الطبراني في الكبير (৮৩৩-৮৩৪) وأحمد في المسند (২০৫৯৬) وابن أبي عاصم في السنة (৪১০) والفريابي في القدر (১৭) والآجري في الشريعة ৯৪৫-৯৪৪-৯৪৩) وأخرجه الحاكم في المستدرك (৪২০৯) وقال ((هَذَا حَدِيثٌ صَحِيحُ الْإِسْنَادِ وَلَمْ يُخَرِّجَاهُ وَشَاهِدُهُ حَدِيثُ الْأَوْزَاعِيِّ الَّذِي)) ووافقه الذهبي.والحديث ذكره الهيثمي في مجمع الزوائد (১৩৮৪৮) وقال ((رَوَاهُ أَحْمَدُ وَالطَّبَرَانِيُّ، وَرِجَالُهُ رِجَالُ الصَّحِيحِ.((عن عبد الله بن شقيق، عن رجلقَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، مَتَى جُعِلْتَ نَبِيًّا؟ قَالَ: «وَآدَمُ بَيْنَ الرُّوحِ وَالْجَسَدِأخرجه أحمد في المسند (১৬৬২৩- ২৩২১২) وابن أبي عاصم في الآحاد والمثاني (২৯১৮) وابن أبي شيبة في المصنف (৩৬৫৫৩) وابن بطة في الإبانة(১৮৯৩) وهو أيضا أخرجه الهيثمي (১৩৮৪৯) وقال ((رَوَاهُ أَحْمَدُ، وَرِجَالُهُ رِجَالُ الصَّحِيحِ)) انتهى.

২১৬- صحيح البخاري - بدء الوحي (৭(صحيح مسلم - الجهاد والسير (১৭৭৩ (سنن الترمذي - الاستئذان والآداب (২৭১৭(سنن أبي داود - الأدب (৫১৩৬)

"তেমনি নবী রসূলগণ সর্বোচ্চ বংশ ও গোত্রে প্রেরীত হয়ে থাকেন।"

অথচ তিনি তখন চেয়েছিলেন যে, যদি কোন সুযোগ-সুবিধা হয়ে যায়, তাহলে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর কোন প্রকার দোষারোপ করবেন।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও বলেছেনঃ

عَنْ أَبِي هُرَيْرَةَ ، أَنَّ رَسُولَ اللَّهِ , قَالَ " : بُعِثْتُ مِنْ خَيْرِ قُرُونِ بَنِي آدَمَ قَرْنًا فَقَرْنًا حَتَّى كُنْتُ فِي الْقَرْنِ الَّذِي كُنْتُ فِيهِ(২১৭) ".

"আমি বনী আদমের সর্বোত্তম বংশে প্রেরীত হয়েছি। আমার যুগই সর্বশেষ্ঠ যুগ।"(২১৮)

আল্লাহ তাআলা তাঁর সর্বোচ্চ বংশোদ্ভুত হওয়ার দিকে ইঙ্গিত করে বলেছেনঃ اَللّٰهُ أَعْلَمُ حَيْثُ يَجْعَلُ رِسَالَتَهُ ۗ "আল্লাহ তাঁর রিসালত বা পয়গামের দায়িত্ব কাকে দিচ্ছেন সে ব্যাপারে অনেক জ্ঞাত।" (সূরা আন আমঃ ১২৪)

হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা নিজেও বহুবার আপন জবানে পাকে আপন বংশপরিচয় দিয়ে ইরশাদ করেছেন:

خَطَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ " : أَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ بْنِ هَاشِمِ بْنِ عَبْدِ مَنَافِ بْنِ قُصَيِّ بْنِ كِلابِ بْنِ مُرَّةَ بْنِ كَعْبِ بْنِ لُؤَيِّ بْنِ غَالِبِ بْنِ فِهْرِ بْنِ مَالِكِ بْنِ النَّضْرِ بْنِ كِنَانَةَ بْنِ خُزَيْمَةَ بْنِ مُدْرِكَةَ بْنِ إِلْيَاسَ بْنِ مُضَرَ بْنِ نِزَارٍ ، وَمَا افْتَرَقَ النَّاسُ فِرْقَتَيْنِ إِلا جَعَلَنِي اللَّهُ فِي الْخَيْرِ مِنْهُمَا حَتَّى خَرَجْتُ مِنْ بَيْنِ أَبَوَيْنِ ، وَلَمْ يُصِبْنِي مِنْ زَعْمِ الْجَاهِلِيَّةِ ، وَخَرَجْتُ مِنْ نِكَاحٍ وَلَمْ أَخْرُجْ مِنْ سِفَاحٍ مِنْ لَدُنَّ آدَمَ حَتَّى انْتَهَيْتُ إِلَى أَبِي وَأُمِّي ، وَأَنَا خَيْرُكُمْ نَفْسًا وَخَيْرُكُمْ أَبًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ(২১৯) "

"আমি হলাম মুহাম্মদ ইবনে আব্দিল্লাহ ইবনে আব্দিল মুত্তালিব ইবনে হাশিম ইবনে আবদে মানাফ"। অনুরুপভাবে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা কখনো কখনো 'আদনান' পর্যন্ত নিজের বংশ সূত্র বর্ণনা করেছেন।

২১৭- *صحيح البخاري - المناقب (3364) مسند أحمد - باقي مسند المكثرين (373/2) مسند أحمد - باقي مسند المكثرين (417/2)*

২১৮ -(সহীহ আল বুখারীঃ 8/১৫১)

২১৯- .(دلائل النبوة للبيهقي, رقم الحديث100تاريخ دمشق لابن عساكر, رقم الحديث-1429معرفة علوم الحديث للحاكم « ذِكْرُ النَّوْعِ التَّاسِعِ وَالثَّلاثِينَ مِنْ مَعْرِفَةِ... رقم الحديث: 360)

হযরত আব্বাস বিন আব্দুল মুত্তালিব রাদ্বিয়াল্লাহু তাআলা আনহুমা বলেন- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার কোন কারণে মিম্বরে দাঁড়িয়ে সমবেত লোকদেরকে জিজ্ঞেস করলেন-

عَنِ الْمُطَّلِبِ بْنِ أَبِي وَدَاعَةَ ، قَالَ : قَالَ الْعَبَّاسُ : بَلَغَهُ صلى الله عليه وسلم بَعْضُ مَا يَقُولُ النَّاسُ ، قَالَ : فَصَعِدَ الْمِنْبَرَ ، فَقَالَ : مَنْ أَنَا ؟ قَالُوا : أَنْتَ رَسُولُ اللهِ ، فَقَالَ : أَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ ، إِنَّ اللَّهَ خَلَقَ الْخَلْقَ فَجَعَلَنِي فِي خَيْرِ خَلْقِهِ ، وَجَعَلَهُمْ فِرْقَتَيْنِ ، فَجَعَلَنِي فِي خَيْرِ فِرْقَةٍ ، وَخَلَقَ الْقَبَائِلَ ، فَجَعَلَنِي فِي خَيْرِ قَبِيلَةٍ ، وَجَعَلَهُمْ بُيُوتًا ، فَجَعَلَنِي فِي خَيْرِهِمْ بَيْتًا ، فَأَنَا خَيْرُكُمْ بَيْتًا وَخَيْرُكُمْ نَفْسًا.

عَنْ عَبْدِ الْمُطَّلِبِ بْنِ رَبِيعَةَ بْنِ الْحَارِثِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ قَالَ : أَتَى نَاسٌ مِنَ الأَنْصَارِ النَّبِيَّ صلى الله عليه وسلم، فَقَالُوا : إِنَّا نَسْمَعُ مِنْ قَوْمِكَ حَتَّى يَقُولَ الْقَائِلُ مِنْهُمْ : إِنَّمَا مِثْلُ مُحَمَّدٍ مِثْلُ نَخْلَةٍ نَبَتَتْ فِي كِبَا - قَالَ حُسَيْنٌ : الْكِبَا : الْكُنَاسَةُ - . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَيُّهَا النَّاسُ ، مَنْ أَنَا ؟ . قَالُوا : أَنْتَ رَسُولُ اللهِ . قَالَ : أَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ - قَالَ: فَمَا سَمِعْنَاهُ قَطُّ يَنْتَمِي قَبْلَهَا - أَلاَ إِنَّ اللَّهَ خَلَقَ خَلْقَهُ ، فَجَعَلَنِي مِنْ خَيْرِ خَلْقِهِ ، ثُمَّ فَرَّقَهُمْ فِرْقَتَيْنِ فَجَعَلَنِي مِنْ خَيْرِ الْفِرْقَتَيْنِ ، ثُمَّ جَعَلَهُمْ قَبَائِلَ فَجَعَلَنِي مِنْ خَيْرِهِمْ قَبِيلَةً ، ثُمَّ جَعَلَهُمْ بُيُوتًا ، فَجَعَلَنِي مِنْ خَيْرِهِمْ بَيْتًا ، وَأَنَا خَيْرُكُمْ بَيْتًا وَخَيْرُكُمْ نَفْسًا. (২২০)

আমি কে? সাহাবীগণ বললেন- আপনি আল্লাহর রাসূল, আপনার উপর শান্তি বর্ষিত হোক। তখন তিনি বললেন- আমি আব্দুল্লাহ বিন আব্দুল মুত্তালিবের ছেলে মুহাম্মদ। আল্লাহ তাআলা তামাম মাখলূক সৃষ্টি করে আমাকে সর্বোত্তম সৃষ্টির অন্তর্ভূক্ত করেছেন অর্থাৎ মানুষ বানিয়েছেন। এরপর তাদেরকে দু'ভাগে আরব ও অনারবে বিভক্ত করে আমাকে উত্তম ভাগে আরবে রেখেছেন এবং আমাকে তাদের মধ্যে সর্বোত্তম গোত্রে পাঠিয়েছেন। এরপর সে গোত্রকে বিভিন্ন পরিবারে

২২০- تحفة الأحوذي (ج 9 / ص 14) (2) (ت) 3607 (3) (ت) 3532 (4) (حم) 1788 , (ت) 3607 , صحيح الجامع: 1472 , صحيح السيرة ص11 , وقال الشيخ شعيب الأرناؤوط: حسن لغيره

বিভক্ত করেছেন এবং আমাকে সর্বোত্তম পরিবারে প্রেরণ করেছেন। সুতরাং আমি ব্যক্তি ও বংশ সর্বদিক থেকে তোমাদের মধ্যে সর্বোত্তম। (২২১)

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهَا ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ : " قَالَ جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ : قَلَّبْتُ مَشَارِقَ الْأَرْضِ وَمَغَارِبَهَا فَلَمْ أَجِدْ رَجُلًا أَفْضَلَ مِنْ مُحَمَّدٍ ، وَقَلَّبْتُ مَشَارِقَ الْأَرْضِ وَمَغَارِبَهَا فَلَمْ أَجِدْ بَيْتًا أَفْضَلَ مِنْ بَنِي هَاشِمٍ(222)"

হযরত জিব্রাঈল আলাইহিস সালাম স্বয়ং বর্ণনা করেছেন, আমি সমগ্র জাহান তদন্ত করে দেখলাম, আমি কোথাও হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা অপেক্ষা উত্তম পুরুষ দেখিনি, তাঁর বংশ ও গোত্র অপেক্ষা উত্তম কোন বংশ বা গোত্র আমার নজরে পড়েনি, আর বনূ হাশেম অপেক্ষা শ্রেষ্ঠ কোন গোত্রই আমি দেখিনি। (২২৩)

হযরত জিব্রাঈল আলাইহিস সালাম যেই বনূ হাশেম গোত্র সম্পর্কে "সেটাই সর্বোচ্চ বংশ ও গোত্র" বলে মন্তব্য করেছেন, বাস্তবতাও যে বংশের পক্ষে সাক্ষ্য দেয়। সেই উচ্চতর বংশেই আমাদের আক্বা ও মাওলা বিশ্বকূল সরদার হুযুর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বেলাদত শরীফ হয়েছে।

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

عَنْ أَبِي هُرَيْرَةَ ، أَنَّ رَسُولَ اللَّهِ , قَالَ " : بُعِثْتُ مِنْ خَيْرِ قُرُونِ بَنِي آدَمَ قَرْنًا فَقَرْنًا حَتَّى كُنْتُ فِي الْقَرْنِ الَّذِي كُنْتُ فِيهِ(২২৪)."

"যুগে যুগে মানব সমাজের মধ্যে সর্বশ্রেষ্ঠ বংশ পরম্পরায় আমি প্রেরিত হয়েছি। অবশেষে যে যুগের মানব বংশে আমি এসেছি তাও শ্রেষ্ঠ।"

সাইয়্যিদুল মুরসালীন, ইমামুল মুরসালীন, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ:

২২১ -{সুনানে তিরমিযী, হাদীস নং-৩৫৩২, মুসনাদে আহমাদ, হাদীস নং-১৭৮৮, আল মু'জামুল কাবীর, হাদীস নং-৬৭৫, মুসান্নাফে ইবনে আবী শাইবা, হাদীস নং-৩২২৯৬}

২২২- (الأمالي المطلقة لابن حجر « قلبت مشارق الأرض ومغاربها فلم أجد رجلا أفضل من محمد... رقم الحديث66, الشفا 166/1 الشفاء 1 / 166 . مجمع الزوائد 7 / 218 ،ينابيع المودة لذوي القربى - القندوزي ج 1 ص 61)

২২৩ -(তাবরানী শরীফ, মাওয়াহিব,দালায়েলে আবু নাঈম)

২২৪- صحيح البخاري - المناقب (3364) مسند أحمد - باقي مسند المكثرين (373/2) مسند أحمد - باقي مسند المكثرين (417/2)

لم يلتق أبواي قط على سفاح، لم يزل الله ينقلني من الأصلاب الطيبة إلى الأرحام الطاهرة، مصفى مهذبًا، لا تتشعب شعبتان إلا كنت في خيرهما."[২২৫]

"আমার পিতা ও মাতাগণ কখনো যিনা বা ব্যভিচারে লিপ্ত হননি। সর্বদা মহান আল্লাহ পাক আমাকে পবিত্র পৃষ্ঠ মুবারক হতে পবিত্রা রেহেম শরীফে পবিত্রভাবে স্থানান্তরিত করেন। যখন দু'টি শাখা বের হতো অর্থাৎ দু'টি সন্তান জন্ম নিত, তখন আমি দু'টি শাখার মধ্যে যে শাখাটি উত্তম বা দু'টি সন্তানের মধ্যে যে সন্তানটি উত্তম তার পৃষ্ঠে বা রেহেম স্থান নিতাম।"

عن واثلة بن الأسقع - رضى الله عنه - قال: قال رسول الله - صلى الله عليه وسلم -: " قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ اصْطَفَى كِنَانَةَ مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ ، وَاصْطَفَى مِنْ كِنَانَةَ قُرَيْشًا ، وَاصْطَفَى مِنْ قُرَيْشٍ بَنِي هَاشِمٍ ، وَاصْطَفَانِي مِنْ بَنِي هَاشِمٍ " [২২৬]

হযরত রাসূলে মাকবুল সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান, "নিশ্চয়ই আল্লাহ তা'আলা ইসমাঈল আলায়হিস সালামের সন্তানদের মধ্যে বনী কেনানাকে পছন্দ করেছেন। আর বনী কেনানা থেকে কুরাইশকে, আর কুরাইশ থেকে বনী হাশিমকে, আর বনী হাশিম থেকে আমাকে পছন্দ করেছেন।"

ইবনে সাদের এক মুরসাল বর্ণনায় এতটুকু অতিরিক্ত রয়েছে যে, "বনী হাশিম থেকে আব্দুল মুত্তালিবকে পছন্দ করেছেন।" [২২৭]

হযরত আদম আলাহিস সালাম থেকে শুরু করে রসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাতা পিতা পর্যন্ত নারী পুরুষের যতগুলি স্তর রয়েছে প্রত্যেক স্তরের প্রতিটি নারী ও পুরুষ সৎ ও পবিত্র ছিলেন। কেউ কখনো ব্যবিচারে লিপ্ত হননি।

২২৫- السيوطي - الدر المنثور - الجزء : (5) - رقم الصفحة : (98) أخرجه أبو نعيم (1 / 11 - 12)

২২৬- ت) 3605 , (م) 1 - (2276) , (حم) 17027) أخرجه مسلمٌ (2276 / 1) ، والبخاري في (التاريخ الكبير) (1/ 1/ 4) ، والترمذي (3605 ، 3606) ، وأحمد (4/ 107) ، وابنُ أبي شيبة (11 / 478) ، وابن سعد في (الطبقات) (1/ 20) ، والطبراني في (الكبير) (ج22/ رقم 161) ، والبيهقي في (السنن الكبير) (7 / 134) ، وفي (الدلائل) (1/ 165) ، والخطيب (13 / 64) ، واللالكائي في (شرح الأصول) (1400) ، والجوزقاني في (الأباطيل) (1/ 170) ، والبغوي في (شرح السنة) (13 ، 194) من طريق الأوزاعي ، حدثني أبو عمار شداد ، عن واثلة بن الأسقع مرفوعًا به ، والله أعلم.

২২৭ -(মুসলিম-২২৭৬, তিরমীজি-৩৬০৬,মুসনাদে আহমাদ-১৬৯৮৬ ও ৮/১০৭, হা/ ১৭১১১,মিশকাত শরীফ*ফাযায়েলে সৈয়্যদিল মুরসালিন অধ্যায়)

রসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ

عَنْ جعفر ، عَنْ أبيهِ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " : خَرَجْتُ مِنْ نِكَاحٍ ، وَلَمْ أَخْرُجْ مِنْ سِفَاحٍ ، مِنْ لَدُنْ آدَمَ لَمْ يُصِبْنِي سِفَاحُ الْجَاهِلِيَّةِ. " [২২৮]

"আমি বিবাহের মাধ্যমে জন্ম গ্রহন করেছি, ব্যভিচারের মাধ্যমে নয়। হযরত আদম আলাহিস সালাম থেকে শুরু করে আমার পিতা মাতা পর্যন্ত কোন নারী পুরুষ ব্যভিচারে লিপ্ত হননি। আর জাহেলী যুগের ব্যভিচার আমাকে চুয়েঁও নি।"[২২৯]

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,"আমি সর্বদা পবিত্র পৃষ্ঠ মুবারক হতে পবিত্র রেহেম শরীফে স্থানান্তরিত হয়েছি। আমার পূর্ব পুরুষগণের মধ্যে হযরত আদম আলাইহিস সালাম ও হযরত হাওয়া আলাইহাস সালাম পর্যন্ত কোন পুরুষ বা মহিলা কেউই কাফির ছিলেন না।"

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমার পূর্ব পুরুষগণের কোন পুরুষ বা মহিলা কেউই চারিত্রিক দোষে দোষী ছিলেন না।" প্রতীয়মান হল যে,উল্লেখিত বংশগুলো পৃথিবীর অন্যান্য সকল বংশ অপেক্ষা উত্তম ও সম্মানিত।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র বংশ তালিকা

রসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র বংশধারা নিম্নরূপঃ হযরত মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইবনু আব্দিল্লাহ, ইবনু আব্দিল মুত্তালিব, ইবনু হাশিম, ইবনু আব্দি মানাফ, ইবনু কুসাই, ইবনু কিলাব, ইবনু মুররাহ, ইবনু কাআ'ব, ইবনু লুওয়াই, ইবনু গালিব, ইবনু ফেহের (কুরাইশ), ইবনু মালিক, ইবনু নযর, ইবনু কিনানা, ইবনু খুযাইমাহ, ইবনু মুদরিকাহ, ইবনু ইলিয়াস, ইবনু মুদ্বার, ইবনু নাযার, ইবনু মাআ'দ, ইবনু আদনান।"এই পর্যন্ত

২২৮- (أخرجه الرامهرمزي في "الفاصل بين الراوي والواعي" (ص 136) والجرجاني السهمي في " تاريخ جرجان " (ص 318 - 319) وأبو نعيم في " اعلام النبوة " (1 / 11) وابن عساكر في " تاريخ دمشق " (1 / 267 / 1 - 2) كلهم عن العدني به إلا أنه لم يقل " عن علي " في رواية عنه . وقد عزاه إلى " مسند العدني " السيوطي في " الدر المنثور " (2 / 294) و " الجامع الصغير " وعزاه للطبراني أيضا في " الأوسط " تبعا للهيثمي وقال هذا في " المجمع " (8 / 214)

২২৯ -(ইরওয়াউল গালীলঃ ১৯৭২, সহীহুল জামিউস্ সাগীরঃ ৩২২৫। তাবারানী, আবু নাঈম, ইবনে আসাকীর; ইমাম হাকেম এটাকে সহিহ বলেছেন।)

বংশ ধারা উম্মতের ঐক্যমতে প্রমাণিত এবং এখান থেকে আদম আলাইহিস সালাম পর্যন্ত বংশ তালিকায় মতানৈক্য থাকায় তার বিবরণ পরিত্যাগ করা হল।

সম্মানিত মাতার পক্ষ থেকে বংশ তালিকা নিম্নরূপ

হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইবনে আমিনা বিনতে ওয়াহাব ইবনে আব্দে মানাফ ইবনে যুহরা ইবনে কিলাব। এ দ্বারা বুঝা যায় যে, কিলাব ইবনে মুররা পর্যন্ত মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিতা-মাতার বংশীয় ধারা একসাথে মিলিত হয়ে যায়।

হযরত আদম আলাইহিস সালামের বিছাল শরীফের পূর্বে নূরে মুহম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাহক তাঁর পুত্র-সন্তান ও পরবর্তী নবী-রসূল হযরত শীশ আলাইহিস সালামকে নছীহত করতে গিয়ে বলেছিলেন, "যেন (হযরত শীশ আলাইহিস সালাম এই নূরের পরবর্তী বাহককে নছীহত করেন) এই নূর মুবারককে পবিত্র নারী ব্যতীত অন্য কোন নারীর নিকট নিবেদন না করেন।"

আদম আলাইহিস্ সালাম আপন পুত্র হযরত শীস আলাইহিস্ সালামকে লক্ষ্য করে বলেন:

واخرج ابْن عَسَاكِر عَن كَعْب الاحبار قَالَ ان الله انْزلْ على آدم عصيا بِعَدَد الْأَنْبِيَاء وَالْمُرْسلِينَ ثمَّ اقبل على ابْنه شِيث فَقَالَ أي بني انت خليفتي من بعدِي فَخذهَا بعمارة التَّقْوَى والعروة الوثقى فَكلما ذكرت الله فاذكر الى جنبه اسْم مُحَمَّد صلى الله عَلَيْهِ وَسلم فَإِنِّي رَأَيْت اسْمه مَكْتُوبًا على سَاق الْعَرْش وَأنا بَين الرّوح والطين ثمَّ إِنِّي طفت السَّمَوَات فَلم أر فِي السَّمَوَات موضعا إِلَّا رَأَيْت اسْم مُحَمَّد مَكْتُوبًا عَلَيْهِ وَأن رَبِّي اسكنني الْجنَّة فَلم ار فِي الْجنَّة قصرا وَلَا غرفَة إِلَّا اسْم مُحَمَّد مَكْتُوبًا عَلَيْهِ وَلَقَد رَأَيْت اسْم مُحَمَّد مَكْتُوبًا على نحور الْحور الْعين وعَلى ورق قصب آجام الْجنَّة وعَلى ورق شَجَرَة طُوبَى وعَلى ورق سِدْرَة الْمُنْتَهى وعَلى أطْرَاف الْحجب وَبَين اعين الْمَلَائِكَة فَأكْثر ذكره فان الْمَلَائِكَة تذكره فِي كل ساعاتها [২৩০]

"হে প্রিয় বৎস। আমার পরে তুমি আমার খলিফা। সুতরাং এই খেলাফতকে তাক্বওয়ার তাজ ও দৃঢ় এক্বিনের দ্বারা মজবুত করে ধরে রেখো। আর যখনই আল্লাহর নাম যিকির (উল্লেখ) করবে তার সাথেই হযরত মুহাম্মদ মোস্তফা

২৩০- شرح الزرقاني على المواهب اللدنية بالمنح المحمدية. جـ4 صـ238 الكتاب: الخصائص الكبرى. المؤلف: عبد الرحمن بن أبي بكر، جلال الدين السيوطي (المتوفى: 911هـ) الناشر: دار الكتب العلمية - بيروت. جـ1 صـ12-13)

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামও উল্লেখ করবে। তার কারন এ যে, আমি রূহ ও মাটির মধ্যবর্তী থাকা অবস্থায়ই তাঁর পবিত্র নাম আরশের পায়ায় (আল্লাহর নামের সাথে) লিখিত দেখেছি। এরপর আমি সমস্ত আকাশ ভ্রমন করেছি। আকাশের এমন কোন স্থান ছিলনা যেখানে হযরত মুহাম্মাদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাম মুবারক অংকিত পাইনি। আমার রব আমাকে বেহেস্তে বসবাস করতে দিলেন। বেহেস্তের এমন কোন প্রাসাদ ও কামরা পাইনি যেখানে হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাম মুবারক ছিলনা। আমি হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকতময় নাম আরোও লিখিত দেখেছি সমস্ত হুরের স্কন্ধ দেশে, বেহেস্তের সমস্ত বৃক্ষের পাতায়, বিশেষ করে তুলা বৃক্ষের পাতায় পাতায়, পর্দার কিনারায় এবং ফেরেশতাগনের চোখের মনিতে ঐ নাম মুবারক অংকিত দেখেছি। সুতরাং হে শীস ! তুমি এই নাম বেশী বেশী করে জপতে থাক। কেননা, ফেরেস্তাগন পূর্ব হতেই এই নাম জপনে মশগুল রয়েছেন।"[২৩১]

তিনি সবচেয়ে প্রসিদ্ধ ও পবিত্র পরিবারে জন্ম গ্রহণ করেছেন। তাঁর পিতা-মাতা নিষ্পাপ ও পবিত্র ব্যক্তি ছিলেন। তারা কখনো মূর্তিপূজা করেননি। সর্বদা তৌহিদে বিশ্বাসী ছিলেন এবং আল্লাহর এবাদত করতেন। রাসুলের বংশ নবীগণের সাথে সম্পর্কিত। যেমন: তাঁর পূর্ব পুরুষ ছিলেন হযরত ইসমাইল, হযরত ইব্রাহিম ও হযরত নুহ আলাহিস সালামের মত ব্যক্তিগণ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা এর পিতা মাতা ও পূর্ব পুরুষগণ তৌহিদে বিশ্বাসী ছিলেন

ইতিহাস থেকে জানা যায়- আখিরী রসূল, মহানবী হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পূর্ব পুরুষগণ কেউ কাফির-মুশরিক বা অপবিত্র ছিলেন না, প্রত্যেকেই ছিলেন পবিত্র থেকে পবিত্রতম। তাঁরা একত্ববাদী বা হানিফ ছিলেন এবং কোনো পিতাই কখনও কাফির ছিলেন না। তাঁরা আল্লাহর একত্ববাদে মনে প্রানে বিশ্বাস করে তদানুযায়ী জীবন যাপন করতেন। এমনকি তাঁদের উভয়ের বংশীয় পূর্ব পুরুষ ও মহিলাগণও তৌহিদে বিশ্বাসী ছিলেন। শির্ক-কুফরের

২৩১ -(জুরকানি শরীফ ২/২৩৮, খাসায়েস আল কুবরা: সুয়ূতী ১/১২-১৩)।

অপবিত্রতা তাঁদের কখনোই স্পর্শ করতে পারেনি। তাঁরা তা থেকে সম্পূর্ণ পবিত্রই ছিলেন।

আল্লাহ রাব্বুল আলামীন আপন হাবীবের পবিত্র নূরকে পাক পবিত্র পুরুষগনের ঔরসেই এবং পবিত্র মহীয়সী মায়েদের মাধ্যমে দুনিয়াতে পাঠিয়েছেন। কারন, কোন কাফির পুরুষ কিংবা নারীর এহেন সৌভাগ্য হতে পারেনা। সুতরাং রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মানিত পিতা-মাতা তাঁদের জীবদ্দশায় যেমন তৌহিদ-এ বিশ্বাসী ছিলেন,তাঁদের ইন্তিকালও হয়েছিল ঈমানের উপর। এ অকাট্য সত্য তথ্যের স্বপক্ষে নিম্নে কতিপয় প্রমাণ পেশ করা গেল।

পবিত্র কুরআনের আলোকে: পবিত্র কুরআন মজীদে আল্লাহ পাক এরশাদ ফরমান- وَتَقَلُّبَكَ فِي السَّاجِدِينَ"ওয়া তাক্বাল্লুবাকা ফিস্ সাজিদীন"। (শূয়ারা-২১৯) অর্থাৎ, হে নবী! আমি আপনাকে সিজদাকারীদের পৃষ্ঠের মাধ্যমে(ঔরসে) স্থানান্তরিত করেছি। এ আয়াত থেকে প্রমাণিত হচ্ছে যে, হযরত আদম আলাইহিস সালাম থেকে আরম্ভ করে হযরত আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু পর্যন্ত সকল পূর্বপুরূষই মু'মিন ছিলেন।[২৩২]

আল্লাহ রাব্বুল আলামীন আরও ইরশাদ করেন, لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِّنْ أَنفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُم بِالْمُؤْمِنِينَ رَءُوفٌ رَّحِيمٌ"লাক্বাদ জা'আকুম রাসূলুম মিন আনফুসিকুম আযীযুন আলাইহি মা'আনিত্তুম।" অর্থঃ-নিশ্চয় তোমাদের নিকট তাশরিফ আনয়ন করেছেন, তোমাদের মধ্য থেকে ঐ রাসূল, যাঁর নিকট তোমাদের কষ্টে পড়া কষ্টদায়ক। (সুরা তাওবা-১২৮. বঙ্গানুবাদঃ কানযুল ঈমান।)

এ আয়াতের 'আনফুসিকুম' শব্দটির 'ফা' অক্ষরটিতে 'যবর'ও বর্ণিত হয়েছে। তখন আয়াতের অর্থ দাঁড়ায় নিম্নরুপঃ "তোমাদের নিকট তোমাদের মধ্যে সর্বোতকৃষ্ট, অভিজাত ব্যক্তিবর্গ থেকে এক মহান রাসূল তাশরীফ আনয়ন করেছেন [২৩৩]

হযরত আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত,রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা নিজেও ইরশাদ করেন:

وعن أنس رضى الله عنه قال قرأ رسول الله صلى الله عليه وسلم "لقد جاءكم رسول من أنفسكم" بفتح الفاء وقال أنا أنفسكم نَسَبًا وَصِهْرًا وَحَسَبًا لَيْسَ فِي آبَائِي مِنْ لَدُنْ آدَمَ سِفَاحٌ، كُلُّهَا نِكَاحٌ

২৩২ -(তাফসীরে মাদারিক)

২৩৩ -(খাসায়িসুল কুবরা,তাফসীরে-ই-নঈমী)।

"আনা আনফাসূকুম" অর্থাৎ,আমি তোমাদের মধ্যে সর্বাপেক্ষা উত্তম বংশোদ্ভূত। (তাবরানী শরীফ) হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পূর্ব পুরুষদের মধ্যে হযরত আদম আলাইহিস সালাম থেকে হযরত আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু পর্যন্ত কেউ মন্দ ও অশ্লীল কর্মে লিপ্ত হননি। [২৩৪]

পবিত্র কুরআনে আরও ইরশাদ হয়েছে- إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ "ইন্নামাল মুশরিকুনা নাজাসুন"(তাওবা-২৮)।

অর্থঃ-নিঃসন্দেহে মুশরিকরা অপবিত্র।

কুরআন মজীদে যেহেতু আল্লাহ রাব্বুল আলামীন মুশরিকদেরকে অপবিত্র বলে ঘোষনা করেছেন, সেহেতু তিনি তাঁর প্রিয় নবীর নূরকে যেকোন নাপাক ব্যক্তির ঔরসে রাখবেন না, তা নিশ্চিতভাবে বলা যায়। এ কথার সমর্থনে রাসূলে পাকের এ হাদীস শরীফটি বিশেষভাবে প্রনিধানযোগ্য। তিনি ইরশাদ করেন-"আল্লাহ তায়ালা আমাকে সর্বদা পূত-পবিত্র পৃষ্ঠদেশ থেকে পবিত্র গর্ভেই স্থানান্তরিত করেছেন। পবিত্র পরিচ্ছন্ন-দুটি বংশীয় ধারার উভয়টির মধ্যে আমি উত্তম বংশের অন্তর্ভূক্ত"[২৩৫]

হাদীস শরীফের আলোকে

রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মানিত পিতা-মাতা, পিতামহ ও মাতামহগন, যাঁদের মাধ্যমে তাঁর পবিত্র ও বরকতময় নূর স্থানান্তরিত হয়ে হযরত আব্দুল্লাহ ও হযরত আমিনা রাদিয়াল্লাহু আনহুমা পর্যন্ত পৌছেছে, তাঁদের সম্পর্কে খোদ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ইরশাদ করেন:

২৩৪- الشفا بتعريف حقوق المصطفى المؤلف: عياض بن موسى بن عياض بن عمرون اليحصبي السبتي، أبو الفضل (المتوفى: 544هـ) الجامع الصغير لجلال الدين السيوطي." أنا محمد بن عبد الله، بن عبد المطلب، بن هاشم، بن عبد مناف، بن قصي، بن كلاب، بن مرة، بن إلياس، بن كعب، بن لؤي، بن غالب، بن فهر، بن مالك، بن النضر، بن كنانة، بن خزيمة، بن مدركة، بن مضر، بن نزار، بن معد، بن عدنان. وما افترق الناس فرقتين إلا جعلني الله في خيرهما، فأخرجت من بين أبوي فلم يصبني شيء من عهد الجاهلية، وخرجت من نكاح ولم أخرج من سفاح، من لدن آدم حتى انتيهت إلى أبي وأمي. فأنا خيركم نسبا، وخيركم أبا". أخرجه البيهقي في "سننه"، والطبراني في "معجمه" عن هشيم حدثني المديني عن أبي الحويرث عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: "ما ولدني شيء من سفاح الجاهلية وما ولدني إلا نكاح كنكاح الإسلام".

২৩৫ -(খাসাইসুল কুবরা)।

عَنِ ابْنِ عَبَّاسٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " : لَمْ يَلْتَقِ أَبَوَايَ فِي سِفَاحٍ ، لَمْ يَزَلِ اللَّهُ عَزَّ وَجَلَّ يُنَقِّلُنِي مِنْ أَصْلابٍ طَيِّبَةٍ إِلَى أَرْحَامٍ طَاهِرَةٍ ، صَافِيًا ، مُهَذَّبًا ، لا تَتَشَعَّبُ شُعْبَتَانِ إِلا كُنْتُ فِي خَيْرِهِمَا (২৩৬) . " .

"আমি সর্বদা পবিত্র পৃষ্ঠদেশ সমূহ থেকে পবিত্র মাতৃগর্ভ সমূহে স্থানান্তরিত হয়ে ভূ-পৃষ্ঠে আবির্ভূত হয়েছি।[২৩৭]

তিনি আরও ইরশাদ করেন, "আমি প্রতিটি যুগে মানবজাতির সর্বস্তরের সর্বশ্রেষ্ঠ বংশে আবির্ভূত হয়েছি।[২৩৮]

তিনি আরও ইরশাদ করেন, "আল্লাহ তায়ালা ধারাবাহিকভাবে পবিত্র পৃষ্ঠদেশ ও পবিত্র গর্ভে স্থানান্তরিত করে ভূ-পৃষ্ঠে আমার বরকতময় আবির্ভাব ঘটিয়েছেন।"[২৩৯]

হযরত আব্দুল্লাহ ও হযরত আমেনা রাদিয়াল্লাহু আনহুমা

কুরাইশ সর্দার হযরত আব্দুল মুত্তালিবের ছিল দশ পুত্র। এদের সকলেই ছিলেন বিশিষ্ট ও খ্যাতিমান। তাঁর সকল পুত্রের মধ্যে হযরত আব্দুল্লাহ খুবই প্রশংসনীয় গুণাবলী ও কেন্দ্রীয় মর্যাদার অধিকারী ছিলেন। তাঁর পিতা বিয়ে দিয়েছিলেন বনূ যুহরার সর্দার ওহাব এর কন্যা হযরত আমেনার সঙ্গে, যাঁকে সে সময় উচ্চ বংশ, সম্মান ও প্রভাব প্রতিপত্তির দিক দিয়ে কুরাইশদের ভিতর সবচেয়ে সম্মানিত মহিলা মনে করা হত।

রসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাতৃগর্ভে থাকাকালেই তাঁর পিতা হযরত আব্দুল্লাহ মাত্র পঁচিশ বছর বয়সে ইন্তেকাল করেন। তিনি সিরিয়া সফর থেকে ফেরার পথে মদীনা শরীফে অসুস্থ হয়ে পড়েন এবং তথায় ওফাত বরণ করেন। 'দার আল্ নাবেগা আলজা'দী' নামক স্থানে তাঁকে দাফন করা হয়।[২৪০]

২৩৬- السيوطي - الدر المنثور - الجزء : (5) - رقم الصفحة : (98(أخرجه أبو نعيم (1 / 11 - 12) دلائل النبوة لأبي نعيم « دَلائِلُ النُّبُوَّةِ لأَبِي نُعَيْمٍ الأَصْبَهَانِي « ... الفصل الثاني : ذِكْرُ فَضِيلَتِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ... رقم الحديث: 15

২৩৭ -(খাসাইসুল কুবরা, দালায়েলুন্ নবুয়্যত)

২৩৮ -(বুখারী শরীফ, সীফাতুন্নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা শীর্ষক অধ্যায়)

২৩৯ -(কিতাবুশ্ শেফা)

২৪০ -(আর রাহীকুল মাখতুম, ছফীউররাহমান মুবারকপুরী, পৃঃ ৫৩।)

হযরত আমেনা রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের পূর্বেই এমন বহু নিদর্শন দেখতে পান যদ্বারা বোঝা যেত যে, তাঁর সন্তানের ভবিষ্যৎ অত্যুজ্জল ও মর্যাদাকর হবে। [২৪১]

হযরত খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু

হযরত আবদুল্লাহর পিতা খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু নিজের জীবনের কঠিনতম সংকটে ও বিপদের সময়েও আল্লাহর ইবাদত ত্যাগ করেননি ও একত্ববাদের দ্বীনের সহায়তা করতে কুণ্ঠা বোধ করেননি। যখন আবরাহার হস্তি সওয়ার বিশাল বাহিনী কা'বা গৃহ ধ্বংসের উদ্দেশ্যে মক্কার দিকে অগ্রসর হয়, তখন পথিমধ্যে আব্দুল মুত্তালিবের কিছু উট তারা ধরে নিয়ে যায়। অতঃপর আব্দুল মুত্তালিব যখন উটগুলো ফিরিয়ে নিতে তার কাছে আসলেন তখন আবরাহা আশ্চার্যান্বিত হয়ে জিজ্ঞেস করল: উট ফেরত না চেয়ে কেন আমার বাহিনী ফেরত নিতে ও কা'বা ঘর ধ্বংস না করার আবেদন জানালে না? তখন আব্দুল মুত্তালিব আল্লাহর প্রতি পরিপূর্ণ ঈমান ও তাঁর ওপর ভরসা করে বললেন:

لَمَّا سَأَلَ أَبْرَهَةَ أَنْ يَرُدَّ لَهُ إِبِلَهُ ، فَقَالَ : سَأَلْتَنِي مَالَكَ ، وَلَمْ تَسْأَلْنِي الرُّجُوعَ عَنْ هَذَا الْبَيْتِ مَعَ أَنَّهُ شَرَفُكُمْ ؟ فَقَالَ : إِنَّ لِلْبَيْتِ رَبًّا يَحْمِيهِ.

"আমি হলাম এই উটগুলোর মালিক আর এই কা'বা ঘরেরও মালিক বা প্রভু রয়েছেন তিনি সেটা রক্ষা করবেন।"[২৪২]

এরপর তিনি মক্কার দিকে রওয়ানা দিলেন এবং কা'বা ঘরের কাছে এসে কা'বার দরজার কড়া ধরে বলেছিলেন:

وَرَجَعَ عَبْدُ الْمُطَّلِبِ إِلَى قُرَيْشٍ فَأَمَرَهُمْ بِالْخُرُوجِ مِنْ مَكَّةَ، وَالتَّحَصُّنِ فِي رُءُوسِ الْجِبَالِ، تَخَوُّفًا عَلَيْهِمْ مِنْ مَعَرَّةِ الْجَيْشِ. ثُمَّ قَامَ عَبْدُ الْمُطَّلِبِ فَأَخَذَ بِحَلْقَةِ بَابِ الْكَعْبَةِ، وَقَامَ مَعَهُ نَفَرٌ مِنْ قُرَيْشٍ يَدْعُونَ اللَّهَ وَيَسْتَنْصِرُونَهُ عَلَى أَبَرْهَةَ وَجُنْدِهِ...

فقال عبد المطلب وهو آخذ بحلقة باب الكعبة لاهُمَّ إِنَّ الْمَرْءَ يَمْنَعُ رَحْلَهُ فَامْنَعْ حَلالَكَ لا يَغْلِبَنَّ صَلِيبُهُمْ وَمِحَالُهُمْ غَدْوًا مِحَالَكَ جَرُّوا جَمِيعَ بِلادِهِمْ وَالْفِيلَ كَيْ يَسْبُوا عِيَالَكَ عَمَدُوا حِمَاكَ بِكَيْدِهِمْ جَهْلا وَمَا رَقَبُوا جَلالَكَ إِنْ كُنْتَ تَارِكُهُمْ وَكَعْبَتَنَا فَأَمْرٌ مَا بَدَا لَكَ قَالَ ابْنُ إِسْحَاقَ: ثُمَّ أَرْسَلَ عَبْدُ الْمُطَّلِبِ حَلْقَةَ بَابِ

---

২৪১ -(নবীয়ে রহমত- সাইয়েদ আবুল হাসান আলী নদভী- ১১৩)

২৪২ -(কামেলে ইবনে আসির)

الْكَعْبَةِ، وَانْطَلَقَ هُوَ وَمَنْ مَعَهُ مِنْ قُرَيْشٍ إِلَى شَعَفِ الْجِبَالِ يَتَحَرَّزُونَ فِيهَا يَنْتَظِرُونَ مَا أَبْرَهَةُ فَاعِلٌ..

"হে আমার প্রতিপালক! তুমি ছাড়া আমি কারো ওপর ভরসা করি না। হে আমার প্রভু! (সকলের জন্য নির্ধারিত) নিজের এই নিরাপদ আশ্রয় স্থলকে রক্ষা কর। এই ঘরের শত্রুরা তোমার সঙ্গে যুদ্ধে লিপ্ত, তাদেরকে তোমার ঘর ধ্বংস করা হতে বিরত রাখো।" (২৪৩)

এই কথাগুলো হযরত আব্দুল মুত্তালিবের আল্লাহর প্রতি বিশ্বাসী হওয়ার স্পষ্ট দলিল। ইয়াকুবী নিজ ইতিহাস গ্রন্থে খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু সম্পর্কে লিখেছেন: "আব্দুল মুত্তালিব মূর্তিপূজা থেকে দূরে ছিলেন এবং মহিমান্বিত ও গৌরবময় এক আল্লাহ ছাড়া কারো ইবাদত করতেন না।" (২৪৪)

أن جميع آبائه عليه السلام وأمهاته كانوا على التوحيد ، لم يدخلهم كفر ولا عيب ولا رجس ، ولا شيء مما كان عليه أهل الجاهلية - ذكر الباجوري في حاشيته على جوهرة التوحيد أنها بالغة مبلغ التواتر يعني المعنوي.

কা'বুল আহবার বর্ণনা করেন, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উনার নূর মুবারক হযরত খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহুর ললাট মুবারক-এ বেমেছালভাবে জ্বলজ্বল করতো, যা বর্ণনার উর্ধ্বে। নূরে মুহাম্মাদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকতে হযরত খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহুর শরীর মুবারক হতে মিশক আম্বরের সুঘ্রাণ পাওয়া যেত। আর হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নূরে পাক তাঁর কপালে সর্বদা চমকিত।

وعن كعب الأحبار أن نور رسول الله صلى الله عليه وسلم لما صار إلى عبد المطلب وأدرك نام يوما فى الحجر فانتبه مكحولا مدهونا قد كسى حلة البهاء والجمال فبقى متحيرا لايدرى من فعل به ذلك فأخذ أبوه بيده ثم انطلق به إلى كهنة قريش فأشاروا عليه بتزويجه فزوجه وكانت تفوح منه رائحة المسك الأذفر ونور رسول الله صلى الله عليه وسلم يضئ فى غرته وكانت قريش إذا أصابها قحط شديد تأخذ بيده فتخرج به إلى جبل ثبير فيتقربون به إلى الله تعالى ويسألونه أن يسقيهم الغيث فكان يغيثهم ويسقيهم ببركة نور محمد صلى الله عليه وسلم. (২৪৫)

---

২৪৩ -(কামেলে ইবনে আসির)

২৪৪ -(তারিখে ইয়াকুবি)

২৪৫- شرح الزرقاني على المواهب اللدنية بالمنح المحمدية1/155

হযরত খাজা আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু নূরে মুহাম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকতে অনেক বিশেষত্বের অধিকারী হয়েছেন। কাবা শরীফের মুতাওয়াল্লী হওয়া এবং হজ্ব পালনকারীর দেখাশুনা করার দায়িত্ব তাঁর উপর ন্যস্ত ছিল। তিনি নূরে মুহাম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকতে অনেক গুনের অধিকারী ছিলেন। তিনি শরাব পান,ব্যাভিচার এবং উলঙ্গঁপনা অবস্থায় কাবা শরীফের তাওয়াফ করা নিষিদ্ধ করেছেন।

উপরোক্ত হাদীস শরীফগুলো থেকে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মানিত পিতা-মাতা এবং পিতামহ ও মাতামহগনের সব ধরনের পাপাচার থেকে পবিত্রতারই প্রমাণ মিলে। তাই হযরত আদম আলাইহিস সালাম থেকে আরম্ভ করে হযরত আব্দুল্লাহ ও হযরত আমিনা রাদিয়াল্লাহু আনহুমা পর্যন্ত যারা যথাক্রমে আপন আপন ঔরস ও গর্ভে নূর নবীর নূর মুবারক বহন করেছেন, তাঁদের চারিত্রিক পবিত্রতা প্রসঙ্গে প্রত্যেকেরই বিশুদ্ধ আক্বীদা পোষণ করা দায়িত্ব-কর্তব্য।

নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের নূর প্রসঙ্গে

প্রশ্ন : নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম কি নূর?

উত্তর: হ্যাঁ, তিনি নূরও এবং বাশার (মানুষ)ও। এ দু'য়ের মধ্যকার কোন বিরোধ নেই। কেননা আল্লাহ্ তা'আলা ক্বোরআনে পাকে হযরত জিবরাঈল আলায়হিস্ সালামকে বাশার বলে উল্লেখ করেছেন। এরশাদ হচ্ছে- فَأَرْسَلْنَا إِلَيْهَا رُوحَنَا 'অতঃপর আমি তার (মরিয়াম) নিকট প্রেরণ করেছি আমার বিশেষ রূহ (জিবরাঈল)কে, আর সে তার সামনে একজন সুস্থ মানুষের রূপে আত্মপ্রকাশ করলো।" [সূরা মরিয়াম, আয়াত-১৭]

কারও নিকট অজানা নয় যে, হযরত জিবরাঈল আলায়হিস্ সালাম এবং সকল ফিরিশতা নূরের তৈরী, এতদ্বসত্ত্বেও তিনি মানব আকৃতি ধারণ করেছেন, অতএব একই সত্ত্বার মধ্যে নূর ও বাশার উভয়ের সম্মিলন ঘটতে কোন অসুবিধা নেই। সুতরাং যে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর বাশারিয়্যাত বা মানব হওয়াকে অস্বীকার করবে, সে কাফির এবং যে তাঁর নুরানীয়্যাত বা

তিনি নূরের সৃষ্টি হওয়াকে অস্বীকার করবে, সে গোমরাহ্, পথভ্রষ্ট ও বিভ্রান্তকারী।

প্রশ্ন : তাঁর নূরানীয়্যাতের দলীল কী?

উত্তর: তাঁর নূরানীয়্যাতের দলীল হলো আল্লাহ্ তা'আলার মহান বাণী। তিনি এরশাদ করেন, قَدْ جَاءَكُم مِّنَ اللَّهِ نُورٌ وَكِتَابٌ مُّبِينٌ নিশ্চয় তোমাদের নিকট আল্লাহর পক্ষ থেকে নূর এসেছে। (মায়েদা-১৫)

আর এখানে نُورٌ (নূর) থেকে উদ্দেশ্য হলো, নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম, যা তাফসীরে ইবনে আব্বাস, রাযী, ত্ববরী, জালালাইন, খাযেন ও আলুসীসহ বিভিন্ন নির্ভরযোগ্য তাফসীরগ্রন্থ দ্বারা প্রমাণিত।

তাফসীর কারকগণের অভিমত

১. তাফসীরে ইবনে আব্বাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমায় হযরত আবদুল্লাহ্ ইবনে আব্বাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমা বলেন,

النور الرسول يعني : محمدا صلى الله عليه وسلم

এখানে নূর মানে রাসূল তথা হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম[২৪৬]

২. তাফসীরে কবীর: হযরত ইমাম রাযী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর সুপ্রসিদ্ধ তাফসীরে বলেন

قد جاءكم من الله نور وكتاب مبين (وفيه أقوال : الأول : أن المراد بالنور محمد ، وبالكتاب القرآن . والثاني : أن المراد بالنور الإسلام ، وبالكتاب القرآن . الثالث : النور والكتاب هو القرآن ، وهذا ضعيف ؛ لأن العطف يوجب المغايرة بين المعطوف والمعطوف عليه ، وتسمية محمد والإسلام والقرآن بالنور ظاهرة ؛ لأن النور الظاهر هو الذي يتقوى به البصر على إدراك الأشياء الظاهرة ، والنور الباطن أيضا هو الذي تتقوى به البصيرة على إدراك الحقائق والمعقولات .

২৪৬ -(দেখুন.৭২ص. تنوير المقباس: محمد بن يعقوب الفيروزآبادي তানভীরুল মিক্ইয়াস) পৃ. ৭২]

এ আয়অতের উদ্দেশ্য নিয়ে বিভিন্ন মতামত বিদ্যমান, তন্মধ্যে প্রথম মতটি হলো, (نور) নূর দ্বারা হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এবং (كتاب) কিতাব দ্বারা ক্বোরআনুল কারীমকে বুঝানো হয়েছে।[২৪৭]

৩. তাফসীরে ত্ববারী, ইমাম ইবনে জাবীর আত ত্ববারী এ আয়াতের ব্যাখ্যায় বলেন-

قال الطبري في هذه الآية: الْقَوْلُ فِي تَأْوِيلِ قَوْلِهِ تَعَالَى: {قَدْ جَاءَكُمْ مِنَ اللَّهِ نُورٌ وَكِتَابٌ مُبِينٌ} [المائدة: 15] يَقُولُ جَلَّ ثَنَاؤُهُ لِهَؤُلَاءِ الَّذِينَ خَاطَبَهُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ: قَدْ جَاءَكُمْ يَا أَهْلَ التَّوْرَاةِ وَالْإِنْجِيلِ مِنَ اللَّهِ نُورٌ , يَعْنِي بِالنُّورِ مُحَمَّدًا صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ , الَّذِي أَنَارَ اللَّهُ بِهِ الْحَقَّ , وَأَظْهَرَ بِهِ الْإِسْلَامَ , وَمَحَقَ بِهِ الشِّرْكَ فَهُوَ نُورٌ لِمَنِ اسْتَنَارَ بِهِ يُبَيِّنُ الْحَقَّ , وَمِنْ إِنَارَتِهِ الْحَقَّ تَبْيِينُهُ لِلْيَهُودِ كَثِيرًا مِمَّا كَانُوا يُخْفُونَ مِنَ الْكِتَابِ .

অর্থাৎ এখানে نُورٌ দ্বারা হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করা হয়েছে।[২৪৮]

৪. তাফসীরে জালালাইন; এ আয়াতের ব্যাখ্যায় ইমাম জালালুদ্দীন সুয়ূত্বী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন,

قد جاءكم من الله نور هو النبي - صلى الله عليه وسلم وكتاب قرآن مبين بين ظاهر .

নিশ্চয় তোমাদের নিকট নূর এসেছে, "এখানে نور দ্বারা هو النبي - صلى الله عليه وسلم নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর নুরকে বুঝানো হয়েছে।[২৪৯]

৫. তাফসীরে খাযেন, ইমাম আলী ইবনে মুহাম্মদ আল খাযেন, তাঁর তাফসীরে বলেন, এখানে نور দ্বারা হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে বুঝানো হয়েছে। তাঁকে আল্লাহ্ তা'আলা নূর হিসেবে আখ্যায়িত করেছেন এ জন্যই যে, কেননা পৃথিবীবাসী তাঁর মাধ্যমে হেদায়তপ্রাপ্ত হবে যেমনিভাবে আলো দ্বারা অন্ধকারে পথের দিশা পাওয়া যায়।[২৫০]

২৪৭ -[তাফসীরে কাবীর, খ-১১, পৃ. ১৮৯]
২৪৮ -[জামেউল বয়ান, (ত্ববারী) খ-৬, পৃ.-৯২]
২৪৯ -[তাফসীরে জালালাইন, পৃ. ৯৭]
২৫০ -[তাফসীরে খাযেন, খ-২, পৃ. ২৮]

৬. তাফসীরে নাসাফী, ইমাম আবদুল্লাহ্ ইবনে নাসাফী তার তাফসীর গ্রন্থে বলেন,

أو النور محمد صلى الله عليه وسلم; لأنه يهتدى به، كما سمي سراجا .

অথবা এখানে نور দ্বারা হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম। কেননা তাঁর মাধ্যমে মানুষ আলোর দিশা পাবে। যেমনিভাবে অন্য আয়াতে তাঁকে سراج (সিরাজ) বা প্রদীপ হিসেবে আখ্যায়িত করেছেন।[২৫১]

৭. তাফসীরে রূহুল মা'আনী, শেখ মাহমুদ আলূসী রহমাতুল্লাহি তা'আলা তাঁর প্রসিদ্ধ তাফসীর রূহুল মা'আনীতে বলেন,

قد جاءكم من الله نور عظيم، وهو نور الأنوار، والنبي المختار - صلى الله تعالى عليه وسلم - وإلى هذا ذهب قتادة ، واختاره الزجاج وقال أبو علي الجبائي : عنى بالنور القرآن لكشفه وإظهاره طرق الهدى واليقين، واقتصر على ذلك الزمخشري ، وعليه فالعطف في قوله تعالى :وكتاب مبين لتنزيل المغايرة بالعنوان منزلة المغايرة بالذات، وأما على الأول فهو ظاهر.

'নিশ্চয় আল্লাহর পক্ষ থেকে তোমাদের নিকট এসেছে এক মহান নূর। যিনি হলেন সকল নূরের নূর বা সকল আলোর আলো এবং এখতিয়ারের অধিকারী নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম।[২৫২]

হাদীস শরীফের আলোকে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর নূরানীয়্যাত

১. ইমাম নাবলুসী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি ইমাম আবদুলগনী নাবলূসী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর 'আল হাদীক্বাহ্ আন্ নাদিয়্যাহ' নামক কিভাবে বর্ণনা করেন,

إن الله تعالى خلق كل شيء من نوره صلى الله عليه وسلم

আর তাঁরই নূর থেকে সকল কিছু সৃষ্টি করা হয়েছে, যার সমর্থনে অনেক বিশুদ্ধ হাদীস বর্ণিত হয়েছে।[২৫৩]

২৫১ -[মাদারেকুত্ তানযীল, খ-১, পৃ. ২৭৬]
২৫২ -[রূহুল মা'আনী, খ-৬, পৃ. ৮৭]
২৫৩ -[আল হাদীকাহ্ আন্ নাদীয়্যাহ্, খ-২, পৃ. ৩৭৫]

হে হাদীস শরীফটি ইমাম বুখারী ও ইমাম মুসলিম রহমাতুল্লাহি আলায়হিমার শিক্ষা গুরু বিশ্ববিখ্যাত মুহাদ্দিস হযরত আবদুর রায্যাক তাঁর 'মুসান্নাফ' এ রেওয়ায়ত করেছেন।

২. ইমাম বায়হাক্বী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি, ইমাম বায়হাক্বী রহমাতুল্লাহি তা'আলা আলায়হিও এ হাদীস শরীফটি তাঁর 'দালায়েলুন্ নবুয়্যাহ্' নামক কিতাবে বর্ণনা করেছেন।[২৫৪]

৩. **নিসাপুরী:** নিযামুদ্দীন হাসান নিসাপুরী তাঁর 'গারায়েবুল ক্বোরআন' এ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ (আমিই সর্বপ্রথম মুসলমান) এ আয়াতের ব্যাখ্যায় বলেন, এ আয়াতের ব্যাখ্যা 'আল্লাহ্ তা'আলা সর্বপ্রথম আমার নূরকেই সৃষ্টি করেছেন,' ওই হাদীসের অনুরূপ।[২৫৫]

৪. **আল্লামা আল বিকরী:** আল্লামা আবুল হাসান ইবনে আবদুল্লাহ্ আল বিকরী তাঁর আল আন্ওয়ার ফী মাওলিদিন নাবীয়্যিল মুখতার' নামক কিতাবে উপরোক্ত বর্ণনাটি উল্লেখ করে বলেন, হযরত ইমাম আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু এরশাদ করেন,

كان الله ولا شيء معه فأول ما خلق نور حبيبه محمد صلى الله عليه وآله وسلم قبل خلق الماء والعرش والكرسي والسموات والأرض واللوح والقلم والجنة والنار والملائكة وآدم وحواء بأربعة وعشرين وأربع مائة ألف عام

একমাত্র আল্লাহ্ তা'আলাই ছিলেন, আর কিছুই ছিলনা, অতঃপর সর্বপ্রথম তাঁর প্রিয় হাবীবের নূর মুবারককে সৃষ্টি করেন, পানি, আরশ, কুরসী, লাওহ, ক্বলম, জান্নাত, দোযখ, হিজাব, বাদল এমনকি আদম আলায়হিস্ সালাম ও হাওয়া আলায়হাস্ সালাম-এর সৃষ্টির চার হাজার বছর পূর্বে।" [২৫৬]

৫. হযরত মুজাদ্দিদ এ আলফে সানী, ইমাম রাব্বানী, মুজাদ্দিদ এ আলফেসানী শেখ ফারুক সিরহিন্দী তাঁর 'মাকতুবাত' এ বলেন, 'রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন, আমাকে মহান আল্লাহর নুর থেকে সৃষ্টি করা হয়েছে, আর সকল মুমিনকে আমার নূর থেকে। কেননা তিনিই হলেন সকল সৃষ্টি ও মহান আল্লাহ্ তা'আলার মধ্যকার একমাত্র মাধ্যম। প্রিয়নবী

২৫৪ -[শরহে যুরক্বানী আলাল মাওয়াহিব, খ-১, পৃ. ৪৬]
২৫৫ -[গারায়েবুল ক্বোরআন, খ-৮, পৃ.-৮৮]
256- الأنوار في مولد النبي محمد صلى الله عليه وسلم, صـ5
[আল আনওয়ার-৫]

সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর মাধ্যম ছাড়া কেউ তার লক্ষ্যে পৌঁছা অসম্ভব।'[২৫৭]

৬. ইমাম শা'রানী, ইমাম আবদুল ওয়াহ্হাব শা'রানী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর 'ইয়াওমা কীত ওয়াল জাওয়াহির' নামক কিতাবে বলেন, যদি প্রশ্ন করা হয় যে, একটি হাদীসে أول ما خلق الله نوري (আল্লাহ্ তা'আলা সর্বপ্রথম আমার নূরকেই সৃষ্টি করেছেন) বলা হয়েছে, আবার অন্য হাদীসে أول ما خلق الله العقل (আল্লাহ্ সর্বপ্রথম আক্বল (বিবেক)কে সৃষ্টি করেছেন) বলা হয়েছে, এর সমাধান কী?

তার উত্তর হলো, উভয় হাদীসের অর্থ এক ও অভিন্ন। কেননা নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর হাক্বীক্বতকে কখনও العقل الأول (প্রথম আক্বল) শব্দ দ্বারা ব্যক্ত করা হয়েছে। আবার কখনও নূর দ্বারা।[২৫৮]

ইলমে গায়ব

প্রশ্ন : নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম কি গায়ব জানেন?

উত্তর: হ্যাঁ, নিশ্চয় আল্লাহ্ তা'আলা তাঁর নবী-রসূলগণ এবং বিশেষ ব্যক্তিবর্গকে এমন কিছু গায়বের ইলম দান করেন, যা অন্য কাউকে সাধারণত দান করে থাকেন না।

প্রশ্ন : তার দলীল কী?

উত্তর: প্রথমত, আল ক্বোরআনুর কারীম: আল্লাহ্ তা'আলা এরশাদ করেন:

عَالِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلَىٰ غَيْبِهِ أَحَدًا. إِلَّا مَنِ ارْتَضَىٰ مِن رَّسُولٍ فَإِنَّهُ يَسْلُكُ مِن بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ رَصَدًا

অদৃশ্যের জ্ঞাতা, সুতরাং আপন অদৃশ্যের উপর কাউকেও ক্ষমতাবান করেন না, আপন মনোনীত রাসূলগণ ব্যতীত [সূরা জিন, আয়াত-২৭]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন:

২৫৭ -[মাকতুবাত, খ-৯, পৃ. ১৫৩]
২৫৮ -[ইয়াক্বীত, খ-২, পৃ.-২০]

وَمَا كَانَ اللَّهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلَٰكِنَّ اللَّهَ يَجْتَبِي مِن رُّسُلِهِ مَن يَشَاءُ ۖ فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۚ وَإِن تُؤْمِنُوا وَتَتَّقُوا فَلَكُمْ أَجْرٌ عَظِيمٌ

"এবং আল্লাহর শান এ নয় যে, হে সর্বসাধারণ! তোমাদেরকে অদৃশ্যের জ্ঞান দিয়ে দেবেন। তবে আল্লাহ্ নির্বাচিত করে নেন তাঁর রাসূলগনের মধ্য থেকে যাকে চান, [আল-ই ইমরান, আয়া-১৭৯]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন: ذَٰلِكَ مِنْ أَنبَاءِ الْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ এসব অদৃশ্যের সংবাদ যা আমি আপনার প্রতি ওহী করেছি।" [সূরা হুদ, আয়াত-৪৯]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন: وَعَلَّمَكَ مَا لَمْ تَكُن تَعْلَمُ ۚ وَكَانَ فَضْلُ اللَّهِ عَلَيْكَ عَظِيمًا এবং আপনাকে শিক্ষা দিয়েছেন যা কিছু আপনি জানতেন না আর আপনার উপর আল্লাহর মহা অনুগ্রহ রয়েছে। [সূরা নিসা, আয়াত-১১৩]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন: مَّا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِن شَيْءٍ ۚ ثُمَّ إِلَىٰ رَبِّهِمْ يُحْشَرُونَ 'আমি এ কিতাবে কোন কিছু লিপিবদ্ধ করতে ত্রুটি করিনি।

[সূর আন্'আম, আয়াত-৩৮]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন: وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِينٍ এবং এ নবী অদৃশ্য বিষয় বর্ণনা করার ব্যাপারে কৃপণ নন।" [সূরা তাকবীর, আয়াত-২৪]

আল্লাহ্ তা'আলা এরশাদ করেন: وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ আর আমি আপনার প্রতি কিতাব নাযিল করেছি প্রত্যেক কিছুর বর্ণনাকারী স্বরূপ। [৮৯-নাহল]

হাদীস শরীফের আলোকে ইলমে গায়ব

১. রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ قَالَ: "سَمِعْتُ عُمَرَ -رضي الله عنه- يَقُولُ: قَامَ فِينَا النَّبِيُّ -صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ- مَقَامًا، فَأَخْبَرَنَا عَنْ بَدْءِ الْخَلْقِ حَتَّى دَخَلَ أَهْلُ الْجَنَّةِ مَنَازِلَهُمْ وَأَهْلُ النَّارِ مَنَازِلَهُمْ، حَفِظَ ذَلِكَ مَنْ حَفِظَهُ، وَنَسِيَهُ مَنْ نَسِيَهُ."[২৫৯]

তারেক ইবনে শিহাব বলেন, আমি হযরত ওমর ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলতে শুনেছি, তিনি বলেন, একদিন নবী করীম সাল্লাল্লাহু

259- صحيح البخاري - بدء الخلق (3020) سنن الترمذي - المناقب (3951) مسند أحمد - أول مسند البصريين (426/4) مسند أحمد - أول مسند البصريين (432/4) مسند أحمد - أول مسند البصريين (433/4) مسند أحمد - أول مسند البصريين (436/4)

তা'আলা আলায়হি ওয়াসাল্লাম আমাদের নিকট খুতবা দিতে দাঁড়ালেন, তখন তিনি তাঁর এ খুতবায় আমাদেরকে জানিয়ে দিলেন, সৃষ্টির প্রারম্ভ থেকে শুরু করে জান্নাতবাসীদের জান্নাতের নিজ নিজ স্থানে প্রবেশ এবং জাহান্নামীদের জাহান্নামের নির্ধারিত স্থানে প্রবেশ করা পর্যন্ত আদ্যোপান্ত সকল ঘটনাবলী।[২৬০]

২. রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

نَعَمْ عُرِضَ عَلَيَّ مَا هُوَ كَائِنٌ مِنْ أَمْرِ الدُّنْيَا، وَأَمْرِ الْآخِرَةِ،[২৬১]

আমার নিকট পেশ করা হলো দুনিয়া ও আখিরাতের সকল বিষয়াদি যা সংঘটিত হয়েছে ও যা সংঘটিত হবে।[২৬২]

৩. রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

حَدَّثَنِي أَبُو زَيْدٍ يَعْنِي عَمْرَو بْنَ أَخْطَبَ ، قَالَ " : صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفَجْرَ وَصَعِدَ الْمِنْبَرَ ، فَخَطَبَنَا حَتَّى حَضَرَتِ الظُّهْرُ ، فَنَزَلَ فَصَلَّى ثُمَّ صَعِدَ الْمِنْبَرَ ، فَخَطَبَنَا حَتَّى حَضَرَتِ الْعَصْرُ ثُمَّ نَزَلَ ، فَصَلَّى ثُمَّ صَعِدَ الْمِنْبَرَ ، فَخَطَبَنَا حَتَّى غَرَبَتِ الشَّمْسُ ، فَأَخْبَرَنَا بِمَا كَانَ وَبِمَا هُوَ كَائِنٌ فَأَعْلَمُنَا أَحْفَظُنَا. " [২৬৩]

অতপর হুযূর-ই করীম আমাদেরকে জানিয়ে দিলেন অতীতে যা ঘটেছে এবং আগামীতে যা ঘটবে তার সম্পর্কে।[২৬৪]

৪. রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

فَتَجَلَّى لِي كُلُّ شَيْءٍ وَعَرَفْتُ[২৬৫]

---

২৬০ -[বুখারী শরীফ, ১/৪৫৩]

261- مسند أحمد: مسند العشرة المبشرين بالجنة / مسند الخلفاء الراشدين / حديث رقم 15

262 -[মুসনাদ-এ আহমদ, ১/৪]

263- رواه مسلم 2892 (صحيح مسلم « كِتَاب الفِتَن وَأَشْرَاطِ السَّاعَةِ « بَاب إِخْبَارِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ... رقم الحديث: 5153

২৬৪ -সহীহ্ মুসলিম ২/৩৯০

265- وقد أخرجه الترمذي في "سننه" (3235) من طريق مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: احْتُبِسَ عَنَّا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ غَدَاةٍ مِنْ صَلاَةِ الصُّبْحِ حَتَّى كِدْنَا نَتَرَاءَى عَيْنَ الشَّمْسِ ، فَخَرَجَ سَرِيعًا فَثُوِّبَ بِالصَّلاَةِ ، فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَجَوَّزَ فِي صَلاَتِهِ ، فَلَمَّا سَلَّمَ دَعَا بِصَوْتِهِ فَقَالَ لَنَا: عَلَى مَصَافِّكُمْ كَمَا أَنْتُمْ ثُمَّ انْفَتَلَ إِلَيْنَا فَقَالَ: أَمَا إِنِّي سَأُحَدِّثُكُمْ مَا حَبَسَنِي عَنْكُمُ الغَدَاةَ: أَنِّي قُمْتُ مِنَ اللَّيْلِ فَتَوَضَّأْتُ فَصَلَّيْتُ مَا قُدِّرَ لِي فَنَعَسْتُ فِي صَلاَتِي فَاسْتَثْقَلْتُ ، فَإِذَا أَنَا بِرَبِّي تَبَارَكَ وَتَعَالَى فِي أَحْسَنِ صُورَةٍ ، فَقَالَ: يَا مُحَمَّدُ قُلْتُ: لَبَّيْكَ رَبِّ ، قَالَ: فِيمَ يَخْتَصِمُ المَلَأُ الأَعْلَى؟ قُلْتُ: لاَ أَدْرِي رَبِّ ، قَالَهَا ثَلاَثًا قَالَ: فَرَأَيْتُهُ وَضَعَ كَفَّهُ بَيْنَ كَتِفَيَّ حَتَّى وَجَدْتُ بَرْدَ أَنَامِلِهِ بَيْنَ ثَدْيَيَّ ، فَتَجَلَّى لِي كُلُّ شَيْءٍ وَعَرَفْتُ ، فَقَالَ: يَا مُحَمَّدُ ، قُلْتُ: لَبَّيْكَ رَبِّ ، قَالَ: فِيمَ يَخْتَصِمُ المَلَأُ الأَعْلَى؟ قُلْتُ: فِي الكَفَّارَاتِ ، قَالَ: مَا هُنَّ؟ قُلْتُ: مَشْيُ الأَقْدَامِ إِلَى الجَمَاعَاتِ ، وَالجُلُوسُ فِي المَسَاجِدِ بَعْدَ الصَّلَوَاتِ ، وَإِسْبَاغُ الوُضُوءِ فِي المَكْرُوهَاتِ ، قَالَ: ثُمَّ فِيمَ؟ قُلْتُ: إِطْعَامُ الطَّعَامِ ، وَلِينُ الكَلاَمِ ، وَالصَّلاَةُ بِاللَّيْلِ

অতএব, আপনার নিকট উদ্ভাসিত হয়ে গেল সকল কিছু এবং আমি এসবকে চিনতে পারলাম।[২৬৬]

৬. রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন,

إِنَّ اللهَ زَوَى لِي الأَرْضَ، فَرَأَيْتُ مَشَارِقَهَا وَمَغَارِبَهَا[২৬৭]

নিশ্চয় আল্লাহ্ তা'আলা আমার সম্মুখে এ পৃথিবীকে তুলে ধরলেন। আর আমি এর দিকে তাকালাম, ফলে আমি দেখতে পেলাম যা কিছু এতে বর্তমানে বিদ্যমান এবং ক্বিয়ামত পর্যন্ত যা কিছু হবে সবই, যেমনিভাবে আমি আমার হাতের তালুর দিকে তাকালে দেখতে পাই।[২৬৮]

৭. নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

وَالنَّاسُ نِيَامٌ. قَالَ: سَلْ. قُلْتُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ فِعْلَ الخَيْرَاتِ ، وَتَرْكَ المُنْكَرَاتِ ، وَحُبَّ المَسَاكِينِ ، وَأَنْ تَغْفِرَ لِي وَتَرْحَمَنِي ، وَإِذَا أَرَدْتَ فِتْنَةً فِي قَوْمٍ فَتَوَفَّنِي غَيْرَ مَفْتُونٍ ، وَأَسْأَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُحِبُّكَ ، وَحُبَّ عَمَلٍ يُقَرِّبُ إِلَى حُبِّكَ ، قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّهَا حَقٌّ فَادْرُسُوهَا ثُمَّ تَعَلَّمُوهَا.

وأخرجه الإمام أحمد في "مسنده" (3484) من طريق أبي قلابة عن ابن عباس ، والدارمي في "سننه" (2195) من طريق عبد الرحمن بن عائش ، والطبراني في "الدعاء" (1416) من طريق أبي عبيدة بن الجراح ، وابن أبي عاصم في "السنة" (470) من طريق ثوبان ، والطبراني في "المعجم الكبير" (317/1) من طريق أبي رافع ، والدارقطني في "الرؤية" (257) من طريق أبي هريرة ، وابن أبي عاصم في "السنة" (465) من طريق جابر بن سمرة ، وأبو بكر النجاد في "الرد على خلق القرآن" (78) و (79) من طريق أبي أمامة وأنس رضي الله عنهم.

২৬৬ -[তিরমিযী, ২/১৫৬, মুসনাদে আহমদ-৫/২৪৩]

267- عَنْ ثَوْبَانَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ -: "إِنَّ اللهَ زَوَى لِي الأَرْضَ، فَرَأَيْتُ مَشَارِقَهَا وَمَغَارِبَهَا، وَإِنَّ أُمَّتِي سَيَبْلُغُ مُلْكُهَا مَا زُوِيَ لِي مِنْهَا، وَأُعْطِيتُ الكَنْزَيْنِ الأَحْمَرَ وَالأَبْيَضَ، وَإِنِّي سَأَلْتُ رَبِّي لِأُمَّتِي أَنْ لا يُهْلِكَهَا بِسَنَةٍ عَامَّةٍ، وَأَنْ لا يُسَلِّطَ عَلَيْهِمْ عَدُوًّا مِنْ سِوَى أَنْفُسِهِمْ، فَيَسْتَبِيحَ بَيْضَتَهُمْ، وَإِنَّ رَبِّي قَالَ: يَا مُحَمَّدُ، إِنِّي إِذَا قَضَيْتُ قَضَاءً فَإِنَّهُ لا يُرَدُّ، وَإِنِّي أَعْطَيْتُكَ لِأُمَّتِكَ أَنْ لا أُهْلِكَهُمْ بِسَنَةٍ عَامَّةٍ، وَأَنْ لا أُسَلِّطَ عَلَيْهِمْ عَدُوًّا مِنْ سِوَى أَنْفُسِهِمْ، يَسْتَبِيحُ بَيْضَتَهُمْ، وَلَوِ اجْتَمَعَ عَلَيْهِمْ مَنْ بِأَقْطَارِهَا - أَوْ قَالَ: مَنْ بَيْنَ أَقْطَارِهَا - حَتَّى يَكُونَ بَعْضُهُمْ يُهْلِكُ بَعْضًا، وَيَسْبِي بَعْضُهُمْ بَعْضًا."

أخرجه مسلم رقم (2889) 4 / 2215 ، وأبو داود رقم (4252) 97/4 ، والترمذي رقم (2176) 4 / 472 ، وأحمد رقم (22448) 278/5 ، ورقم (22505) 5/ 284، وابن حبان رقم (6714) 15 / 109 ، وابن حبان رقم (7238) 220/16 ، وابن أبي شيبة رقم (31694) 311/6 ، والحاكم في المستدرك رقم (8390) 496/4، والبيهقي في السنن الكبرى رقم (18398) 181/9، والطبراني في مسند الشهاب رقم (1113) 2 / 166 ، وأخرجه أحمد أيضاً من حديث شداد بن أوس رقم (17156) 4 / 123.

২৬৮ -[তাবরানী....মাওয়াহেবুল লাদুনিয়্যাহ্, ৩/৫৫৯]

قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِّي أَرَى مَا لَا تَرَوْنَ، وَأَسْمَعُ مَا لَا تَسْمَعُونَ وَاللَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا،[২৬৯]

'আমি যা জানি যদি তোমরা তা জানতে তাহলে তোমরা খুব কমই হাসতে এবং অধিক হারে কান্না করতে।[২৭০]

৮. নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদদ করেন:

عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «هَلْ تَرَوْنَ قِبْلَتِي هَا هُنَا، وَاللَّهِ مَا يَخْفَى عَلَيَّ رُكُوعُكُمْ وَلاَ خُشُوعُكُمْ، وَإِنِّي لأَرَاكُمْ وَرَاءَ ظَهْرِي»[২৭১]

"তোমরা কি আমার সামনের দিকে দেখতে পাচ্ছ? আল্লাহর শপথ করে বলছি, আমার নিকট অজানা নয় তোমাদের খুশু' (অন্তরের একাগ্রতা) ও তোমাদের রুকূ' কেননা আমি তোমাদেরকে আমার পেছন থেকে ঠিক ওইভাবে দেখি যেভাবে সামনে দেখি।[২৭২]

৯. নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বদরের পূর্বে রাত্রিতে উপস্থিত সাহাবাগণের উদ্দেশ্যে বলেন,

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، كَانَ يُرِينَا مَصَارِعَ أَهْلِ بَدْرٍ، بِالْأَمْسِ، يَقُولُ: «هَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا، إِنْ شَاءَ اللهُ»، قَالَ: فَقَالَ

269- حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ قَالَ: حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ الْمُهَاجِرِ، عَنْ مُجَاهِدٍ، عَنْ مُوَرِّقٍ، عَنْ أَبِي ذَرٍّ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِّي أَرَى مَا لَا تَرَوْنَ، وَأَسْمَعُ مَا لَا تَسْمَعُونَ أَطَّتِ السَّمَاءُ، وَحُقَّ لَهَا أَنْ تَئِطَّ مَا فِيهَا مَوْضِعُ أَرْبَعِ أَصَابِعَ إِلَّا وَمَلَكٌ وَاضِعٌ جَبْهَتَهُ سَاجِدًا لِلَّهِ، وَاللَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا، وَمَا تَلَذَّذْتُمْ بِالنِّسَاءِ عَلَى الْفُرُشِ وَلَخَرَجْتُمْ إِلَى الصُّعُدَاتِ تَجْأَرُونَ إِلَى اللَّهِ، لَوَدِدْتُ أَنِّي كُنْتُ شَجَرَةً تُعْضَدُ» وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ، وَعَائِشَةَ، وَابْنِ عَبَّاسٍ، وَأَنَسٍ. هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ. وَيُرْوَى مِنْ غَيْرِ هَذَا الوَجْهِ أَنَّ أَبَا ذَرٍّ، قَالَ: «لَوَدِدْتُ أَنِّي كُنْتُ شَجَرَةً تُعْضَدُ»، وَيُرْوَى عَنْ أَبِي ذَرٍّ مَوْقُوفًا...سنن الترمذي - الزهد (2312) مسند أحمد - مسند الأنصار رضي الله عنهم (173/5)

২৭০ -[মুসলিম, ২/২৬৩]

271- صحيح البخاري - (741) صحيح مسلم - الصلاة (424) مسند أحمد - باقي مسند المكثرين (234/2) مسند أحمد - باقي مسند المكثرين (244/2) مسند أحمد - باقي مسند المكثرين (303/2) مسند أحمد - باقي مسند المكثرين (365/2) مسند أحمد - باقي مسند المكثرين (375/2) مسند أحمد - باقي مسند المكثرين (379/2) مسند أحمد - باقي مسند المكثرين (449/2) مسند أحمد - باقي مسند المكثرين (505/2)

২৭২ -বুখারী শরীফ, ১/৫৯

عُمَرُ: فَوَالَّذِي بَعَثَهُ بِالْحَقِّ مَا أَخْطَئُوا الْحُدُودَ الَّتِي حَدَّ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ،[২৭৩]

এটি হলো অমুকের নিহত হবার স্থান, এটি হলো তমুকের নিহত হবার স্থান, এ বলে তিনি বদর ভূমির বিভিন্ন স্থানে চিহ্ন এঁকে দিলেন। যুদ্ধ শেষ হবার পর সাহাবাগন বললেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের নির্ধারিত স্থান থেকে বিন্দুমাত্র এদিক-ওদিক হয়নি।[২৭৪]

ওলামায়ে কেরামের দৃষ্টিতে ইলমে গায়ব

১.

ويجوز أن يكون الله تعالى أطلع حبيبه عليه الصلاة والسلام على وقت قيامها على وجه كامل، لكن لا على وجه يحاكي علمه تعالى به إلا أنه سبحانه أوجب عليه صلى الله تعالى عليه وسلم كتمه لحكمة، ويكون ذلك من خواصه عليه الصلاة والسلام، وليس عندي ما يفيد الجزم بذلك،

সৃষ্টিতে জানার মত যা কিছু আছে সব কিছু না জেনে রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর ইন্তেকাল হয়নি।[২৭৫]

২. আল্লামা আবদুল আযীয দাব্বাগ রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন:

يقول الدباغ : كيف يخفى أمر الخمس عليه صلى الله عليه وسلم و الواحد من أهل التصريف من أمته الشريفة لا يمكنه التصرف إلا بمعرفة هذه الخمس.[২৭৬]

273- عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: كُنَّا مَعَ عُمَرَ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ، فَتَرَاءَيْنَا الْهِلَالَ، وَكُنْتُ رَجُلًا حَدِيدَ الْبَصَرِ، فَرَأَيْتُهُ وَلَيْسَ أَحَدٌ يَزْعُمُ أَنَّهُ رَآهُ غَيْرِي، قَالَ: فَجَعَلْتُ أَقُولُ لِعُمَرَ، أَمَا تَرَاهُ؟ فَجَعَلَ لَا يَرَاهُ، قَالَ: يَقُولُ عُمَرُ: سَأَرَاهُ وَأَنَا مُسْتَلْقٍ عَلَى فِرَاشِي، ثُمَّ أَنْشَأَ يُحَدِّثُنَا عَنْ أَهْلِ بَدْرٍ، فَقَالَ: إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، كَانَ يُرِينَا مَصَارِعَ أَهْلِ بَدْرٍ، بِالْأَمْسِ، يَقُولُ: «هَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا، إِنْ شَاءَ اللهُ»، قَالَ: فَقَالَ عُمَرُ: فَوَالَّذِي بَعَثَهُ بِالْحَقِّ مَا أَخْطَئُوا الْحُدُودَ الَّتِي حَدَّ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: فَجُعِلُوا فِي بِئْرٍ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ، فَانْطَلَقَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى انْتَهَى إِلَيْهِمْ، فَقَالَ: «يَا فُلَانَ بْنَ فُلَانٍ وَيَا فُلَانَ بْنَ فُلَانٍ هَلْ وَجَدْتُمْ مَا وَعَدَكُمُ اللهُ وَرَسُولُهُ حَقًّا؟ فَإِنِّي قَدْ وَجَدْتُ مَا وَعَدَنِي اللهُ حَقًّا»، قَالَ عُمَرُ: يَا رَسُولَ اللهِ كَيْفَ تُكَلِّمُ أَجْسَادًا لَا أَرْوَاحَ فِيهَا؟ قَالَ: «مَا أَنْتُمْ بِأَسْمَعَ لِمَا أَقُولُ مِنْهُمْ، غَيْرَ أَنَّهُمْ لَا يَسْتَطِيعُونَ أَنْ يَرُدُّوا عَلَيَّ شَيْئًا»صحيح مسلم - الجنة وصفة نعيمها وأهلها (2873) سنن النسائي - الجنائز (2074) مسند أحمد - مسند العشرة المبشرين بالجنة (27/1)

২৭৪ -মুসলিম শরীফ, ২/১১২

২৭৫ -[রুহুল মাআনী-১৫/১৪২]

নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর নিকট 'উলূমে খামসাহ্' (পাঁচটি এমন বিষয় যেগুলোর জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলার নিকট সংরক্ষিত বলে দাবী করা হয়।) কিভাবে গোপন থাকতে পারে অথচ তাঁর উম্মতগণের মধ্যে যাঁরা তাসাররুফ বা ক্ষমতা প্রয়োগের অধিকারী তাঁরাও সৃষ্টিতে যা তাসাররুফ করে তা এ 'উলূমে খামসাহ্' বিষয়ে জ্ঞান রাখার ফলেই তাঁরা তা আঞ্জাম দিতে সক্ষম হন।[২৭৭]

৩. ইমাম জালালুদ্দিন সুয়ূত্বী রহমাতুল্লাহি আলায়হি বলেন:

قال الحافظ السيوطي في الخصائص الكبرى : ذهب بعضهم الى أنه صلى الله عليه وسلم أوتي علم الخمس أيضا وعلم وقت الساعة والروح وأنه أمر بكتم ذلك. اهـ

কিছু সংখ্যক ওলামায়ে কেরামের অভিমত হলো নিশ্চয় প্রিয়নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে 'উলূমে খামসাহ্' এর ইলমও দেয়া হয়েছে, এমনকি তাঁকে কেয়ামতের সময় ও রূহ সম্পর্কেও জ্ঞান দেয়া হয়েছে; কিন্তু তিনি তা গোপন করতে নির্দেশিত হন।[২৭৮]

৪. আল্লামা শেখ মানাভী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন:

وفي فيض القدير بشرح الجامع الصغير للمناوي في الكلام على حديث خمس لا يعلمهن الا الله .. الخ ما نصه : خمس لا يعلمهن الا الله على وجه الاحاطة والشمول كليا , وجزئيا فلا ينافيه إطلاع الله بعض خواصه على كثير من المغيبات حتى من هذه الخمس لأنها جزئيات معدودة وان كان للمعتزلة في ذلك مكابرة اهـ.

পাঁচটি বিষয় যা আল্লাহ্ ছাড়া কেউ জানেনা, 'এ হাদীসের ব্যাখ্যা হলো, পরিপূর্ণ ও আংশিক সকল বিষয়কে ব্যাপক ও সর্বদিক থেকে আয়ত্ব ও শামিল করে

276- يقول الدباغ : الولي داخل في الآية مع الرسول وعن قوله تعالى : (إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الأَرْحَامِ وَمَا تَدْرِي نَفْسٌ مَاذَا تَكْسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ (يقول الدباغ : كيف يخفى أمر الخمس عليه صلى الله عليه وسلم و الواحد من أهل التصريف من أمته الشريفة لا يمكنه التصرف إلا بمعرفة هذه الخمس. قال تعالى : (إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ) ، وقال النبي صلى الله عليه وسلم في الخمس : (لا يعلمهن إلا الله . (قل الدباغ : إنَّما قال ذلك النبي صلى الله عليه وسلم لأمر ظهر له في الوقت و إلا فهو صلى الله عليه وسلم لا يخفى عليه وشئ من الخمس المذكورة في الآية الشريفة ، و كيف يخفى عليه ذلك و الأقطاب السبعة من أمته الشريفة يعلمونها و هم دون الغوث فكيف بالغوث فكيف بسيد الأولين و الآخرين الذي هو سبب كل شئ و منه كل شئ ؟

২৭৭ -আল্ ইবরীয়, ২৮৩

২৭৮ -খাসায়েসে কুবরা ২/১৯৫

নেয়া। উপরোক্ত বক্তব্য দ্বারা বুঝা যায় যে, আল্লাহ্ তা'আলা তাঁর বিশেষ বান্দাদেরকে অনেক অদৃশ্য বিষয়াদির জ্ঞান দান করা, এমনকি 'উলূমে খামসাহ্' বিষয়ে জ্ঞান দান করা অসম্ভব কিছু নয়, কেননা তাহলো মূলত: ইলমের অংশ বিশেষ আর এ বিষয়কে ফেরকায়ে মু'তাযিলার অস্বীকার করাটা মূলত: দাম্ভিকতা ছাড়া আর কিছুই নয়।[২৭৯]

৫. আল্লামা শিহাবুদ্দিন খিফাজী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন:

اطّلاع العبد المخصوص على غيب من غيوب الله، ليس بجثمانيته ولا وجود صورته، وإنما هو بنور الحق فيه، دليل ذلك قوله: «اتقوا فراسة المؤمن؛ فإنه ينظر بنور الله»[২৮০]

বান্দাকে স্বীয় গায়বের বিষয়ে জ্ঞান দান করাটা হলো মূলত তারই পক্ষ থেকে নূরের একটি ঝলক দান করা, কেননা হাদীসে পাকে রয়েছে 'তোমরা ঈমানদারের ফেরাসত (অন্তরদৃষ্টি)কে ভয় কর, কেননা তারা আল্লাহ্ তা'আলার প্রদত্ত নূর দ্বারাই দেখেন।' সুতরাং গায়ব বিষয়ে জানা অসম্ভবের কিছু নয়।[২৮১]

১০. ইমাম শাওকানী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন, পবিত্র ক্বোরআনের উপরোক্ত দলীল দ্বারা প্রমাণিত হলো যে, আল্লাহ্ তা'আলা তাঁর চয়নকৃত বান্দাদের নিকট তার গায়ব প্রকাশিত করেন বা জানান, এখন প্রশ্ন হলো নবী-রসূলগণের জন্য কি এটা বৈধ হবে যে, তাঁরা যে গায়ব সম্পর্কে অবগত হয়েছেন তা তাঁদের বিশেষ উম্মতদের প্রতি প্রকাশ করা? তখন উত্তরে বলল, 'হ্যাঁ, এতে কোন নিষেধ নেই, কেননা রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম নিকট থেকে এ ধরনের অনেক প্রমাণ পাওয়া যায়, যা হাদীস শরীফ সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তিদের নিকট অজানা নয়।[২৮২]

১১. ইমাম ইবনে হাজার আল আসকালানী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন,

২৭৯ -ফায়দুল ক্বাদীর, ৩/১৫০

280- رواه الترمذي في («سننه» 3127)، ورواه أبو حنيفة في («مسند» 189/1)، وأبو نعيم في («حلية الأولياء»، 94/4)، والطبراني في («المعجم الكبير»، 121/8)، والبغوي في («السنة»، 31/14)، وابن كثير في («التفسير»، 479/1 - 461/4)، والزّبيدي في («إتحاف السادة المتقين»، 544/6 - 259/7)، ورواه ابن حجر في («فتح الباري»، 388/12)، والهندي في («كنز العمال»، 30730)، وابن حجر في («لسان الميزان»، 1154/5).

২৮১ -নাসীমুর রিয়াদ, ৩/১৫০

২৮২ -ফাত্হুল কাদীর ৫/৩১২

وله صفة بها يدرك ما سيكون في الغيب ويطالع بها ما في اللوح المحفوظ كالصفة التي يفارق بها الذكي البليد ، فهذه صفات كمالات ثابتة للنبي (২৮৩)

তাঁর এমন একটি বিশেষ গুণ রয়েছে যার মাধ্যমে তিনি অবগত হন আগামীতে ঘটমান গায়বের বিষয়াদি সম্পর্কে এবং যে বিশেষ গুণ দ্বারা তিনি প্রত্যক্ষ করেন লাওহে মাহফুযে যা বিদ্যমান তাও ।"(২৮৪)

১২. ইমাম গাযালী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন:

والرابع أن له صفة بها يدرك ما سيكون في الغيب إما في اليقظة أو في المنام إذ بها يطالع اللوح المحفوظ فيرى ما فيه من الغيب فهذه كمالات وصفات يعلم ثبوتها للأنبياء

তাঁর এমন একটি বিশেষ বৈশিষ্ট্য রয়েছে যার মাধ্যমে তিনি আগামীতে যা যা ঘটবে সে সকল গায়বী বিষয়ে অবগত থাকেন, জাগ্রতাবস্থায় হোক কিংবা নিদ্রিত অবস্থায় এবং যে বৈশিষ্ট্য দ্বারা তিনি লাওহে মাহফুযে বিদ্যমান সকল অদৃশ্য বিষয়াদি সম্পর্কে সম্যক অবগত থাকেন ।(২৮৫)

১৩. ইমাম কাযী আয়ায রহমাতুল্লাহি তা'আলা আলায়হি বলেন:

الفصل الرَّابِعُ وَالعِشْرُونَ: وَمِنْ ذٰلِكَ مَا أَطْلَعَ عَلَيْهِ مِنَ الْغُيُوبِ، وَمَا يَكُونُ وَالْأَحَادِيثُ فِي هٰذَا البَابِ بَحْرٌ لَا يُدْرَكُ قَعْرُهُ، وَلَا يَنْزِفُ غَمْرُهُ. وَهٰذِهِ المُعْجِزَةُ مِنْ جُمْلَةِ مُعْجِزَاتِهِ المَعْلُومَةِ عَلَى القَطْعِ الوَاصِلِ إِلَيْنَا خَبَرُهَا عَلَى التَّوَاتُرِ لِكَثْرَةِ رُوَاتِهَا، وَاتِّفَاقِ مَعَانِيهَا عَلَى الِاطِّلَاعِ عَلَى الْغَيْبِ:

তৎমধ্যে ওই সকল অদৃশ্যের জ্ঞান যা সম্পর্কে তিনি অবগত আছেন এবং যা সম্পর্কে তিনি অবগত হবেন । এ সম্পর্কে হাদীস শরীফের এমন এক মহাসমুদ্র বিদ্যমান যার গভীরতা জানা যায় না । (২৮৬)

283- وهو يختص بأنواع من الخواص منها أنه يعرف حقاق الأمور المتعلقة بالله وصفاته وملائكته والدار الآخرة لا كما يعلمه غيره بل عنده من كثرة المعلومات وزيادة اليقين والتحقيق ما ليس عند غيره ، وله صفة تتم له بها الأفعال الخارقة للعادات كالصفة التي بها تتم لغيره الحركات الاختيارية ، وله صفة يبصر بها الملائكة ويشاهد بها الملكوت كالصفة التي يفارق بها البصير الأعمى ، وله صفة بها يدرك ما سيكون في الغيب ويطالع بها ما في اللوح المحفوظ كالصفة التي يفارق بها الذكي البليد ، فهذه صفات كمالات ثابتة للنبي يمكن انقسام كل واحد منها إلى أقسام بحيث يمكننا أن نقسمها إلى أربعين وإلى خمسين وإلى أكثر ، وكذا يمكننا أن نقسمها إلى ستة وأربعين جزءا بحيث تقع الرؤيا الصحيحة جزءا من جملتها لكن لا يرجع إلا إلى ظن وتخمين لا أنه الذي أراده النبي - صلى الله عليه وسلم - حقيقة ، انتهى ملخصا.

২৮৪ -[ফতহুল বারী ১৬/২১]

২৮৫ -[ইয়াহ্য়ুল উলূম, ৪/১৯৪]

২৮৬ -[শেফা শরীফ ১/২৮২]

বৃদ্ধাঙ্গুল চুম্বন করা

প্রশ্ন : আযানে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের নাম মুবারক শুনে বৃদ্ধাঙ্গুল চুম্বন করার হুকুম কী?

উত্তর: নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের নাম মুবারক শুনে উভয় হাতের বৃদ্ধাঙ্গুলীদ্বয় চুম্বন করা জায়েয ও মুস্তাহাব এবং এতে শরীয়তের কোন নিষেধ নেই । কেননা এটি রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের প্রতি ভালবাসার বহিঃপ্রকাশ । এটি কোন ওয়াজিব বা আবশ্যক আমল নয় বরং তা মুস্তাহাব ও পছন্দনীয় আমল ।

প্রশ্ন : এর স্বপক্ষে কোন দলীল আছে কি?

উত্তর: এর স্বপক্ষে দলীল হলো ইমাম শামী রহমাতুল্লাহি তা'আলা আলায়হির রদ্দুল মুহতার এর নিম্নোক্ত ব্যক্ত, এতে তিনি 'আযান' অধ্যায়ে লিখেন,

فى شرح النقاية" :واعلم أنه يستحبّ أن يقال عند سماع الأولى من الشهادة الثانية " صلّى الله تعالى عَلَيْكَ يا رَسُولَ اللهِ " و عند الثانية منها " قُرَّةُ عَيْنِىْ بِكَ يَارَسُوْلَ اللهِ " ثم يقال " اَللّٰهُمَّ مَتِّعْنِىْ بِالسَّمْعِ وَالْبَصَرِ " بعد وضع ظفرى الإبهامين على العينين، فإنه صلى الله تعالى عليه و سلم يكون قائدًا له إلى الجنة" كذا فى كنز العباد. (২৮৭)

আযানে 'আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বলার সময় মুস্তাহাব হলো প্রথমবারে 'সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম' এবং দ্বিতীয়বারে 'কুররাতু আইনী বিকা এয়া রাসূলাল্লাহ্ (হে আল্লাহর রসূল! আপনার নাম মুবারকের বরকতে আমার চক্ষুযুগল শীতল হয়েছে) বলা মুস্তাহাব । অতঃপর 'আল্লাহুম্মা মাত্তিনী বিস্ সাময়ী ওয়াল বাসার । (হে আল্লাহ! আমাকে শ্রবণ ও দৃষ্টিশক্তির নি'মাত দ্বারা ধন্য কর) বলে উভয় বৃদ্ধাঙ্গুলীর নখ উভয় চোখের উপর রাখবে, কেননা এ মুস্তাহাব আমলটি যে করবে তাকে ক্বিয়ামত দিবসে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি

287- يقول العلامة الشامي (قدّس سرّه السامي) بعد نقل العبارة السابقة (فى ردّ المحتار، باب الأذان): "و نحوه فى الفتاوى الصوفية" يعنى هكذا ذكره الإمام الفقيه العارف بالله سيدى فضل الله بن محمد بن أيوب السهروردي، (و هو تلميذ الإمام العلامة يوسف بن عمر صاحب جامع المضمرات شرح القدوري ، قدس سرهما) فى الفتاوى الصوفية.

ওয়াসাল্লাম তার হাত ধরে জান্নাতে নিয়ে যাবেন। কানযুল উব্বাদ এ এমনই বর্ণনা পাওয়া যায়।(২৮৮)

ইমাম দায়লামী তাঁর 'মুসনাদ আল ফেরদৌস' এ হযরত আবু বকর সিদ্দীক রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণনা করেন,

ذَكَرَهُ الدَّيْلَمِيُّ فِي الْفِرْدَوْسِ مِنْ حَدِيثِ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ أَنَّهُ لَمَّا سَمِعَ قول المؤذن أشهد أن محمد رَسُولُ اللَّه قَالَ هَذَا، وَقَبَّلَ بَاطِنَ الأُنْمُلَتَيْنِ السَّبَّابَتَيْنِ وَمَسَحَ عَيْنَيْهِ، فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ فَعَلَ مِثْلَ مَا فَعَلَ خَلِيلِي فَقَدْ حَلَّتْ عَلَيْهِ شَفَاعَتِي،(২৮৯)

তিনি মুয়াযযিনকে আযানে 'আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্লাহ্' বলতে শুনতে তিনি তাঁর দুই শাহাদত আঙ্গুলীর অভ্যন্তরভাগে চুমু খেলেন এবং তাঁর চক্ষুযুগল তা দ্বারা মাসেহ করলেন, অতঃপর তা দেখে রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করলেন, আমার অতি প্রিয় বন্ধু (আবু বকর সিদ্দীক রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু) যেরূপ করেছে যদি কেউ সেরূপ কওে, তাহলে তার জন্য আমার শাফা'আত অবধারিত হয়ে গেল।'(২৯০)

আযানের পূর্বে-পরে সালাত ও সালাম

প্রশ্ন : আযানের পূর্বে ও পরে সালাত ও সালাম প্রদান করা কি বৈধ?

উত্তর: হ্যাঁ, বৈধ, শুধু বৈধ নয় বরং তা একটি অত্যন্ত প্রিয় ও পছন্দনীয় আমল। কেননা আযান হলো, ই'লান বা ঘোষণা দেয়া, তথা মানুষকে নামাযের দিকে আহ্বানের ঘোষণা দেয়া, আর যে নামাযের ডাক দেয়া হচ্ছে সালাত ও সালাম স্বয়ং সেই নামাযের ভিতরেই বিদ্যমান, তাহলে নামাযের বাইরে নিষেধ হবে কেন? আর সালাত-সালামের জন্য নির্ধারিত কোন সময় নেই বরং রাত-দিন সার্বক্ষণিকভাবে তাঁর প্রতি সালাত-সালাম প্রদান করা বৈধ। যার নির্দেশ পবিত্র ক্বোরআনে বিদ্যমান। আল্লাহ্ তা'আলা এরশাদ করেন,

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ ۚ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا

২৮৮ -[রদ্দুল মুহতার, আযান অধ্যায়, খ-১, পৃ. ২৬৭]

289- الإمام السخاوي فى المقاصد الحسنة فى الأحاديث الدائرة على الألسنة:

২৯০ -[মাক্বায়েদ আল হাসানাহ্: ইমাম সাখাভী, দায়লামী ৩৮৪, ১০২১]

'নিশ্চয় আল্লাহ্ ও তাঁর ফেরেশতরা দুরূদ প্রেরণ করেন, ওই অদৃশ্য বক্তা (নবী)'র প্রতি, হে ঈমানদারগণ! তোমরাও তাঁর প্রতি দুরূদ ও অধিকহারে সালাম প্রেরণ করো। [আহযাব, আয়াত-৫৬]

এ আয়াতে দুরূদ ও সালামের জন্য কোন সময়কে নির্ধারিত করে দেওয়া হয়নি বরং শুধুমাত্র নিষিদ্ধ সময় ব্যতীত অন্য যে কোনও সময় সালাত ও সালাম বৈধ। তৎমধ্যে আযানের পূর্বে ও পরে। অনুরূপ এ সালাত-সালাম যদি ফরয নামাযে বৈধ হয়ে থাকে, তাহলে নামাযের বাইরে কিভাবে অবৈধ হতে পারে?

হাদীস শরীফে হযরত ওবাই ইবনে কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন:

عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ رضي الله عنه قَالَ : قُلْتُ : يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُكْثِرُ الصَّلَاةَ عَلَيْكَ فَكَمْ أَجْعَلُ لَكَ مِنْ صَلَاتِي ؟ فَقَالَ : مَا شِئْتَ . قَالَ قُلْتُ الرُّبُعَ ؟ قَالَ : مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُوَ خَيْرٌ لَكَ . قُلْتُ النِّصْفَ ؟ قَالَ : مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُوَ خَيْرٌ لَكَ . قَالَ قُلْتُ فَالثُّلُثَيْنِ ؟ قَالَ : مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُوَ خَيْرٌ لَكَ . قُلْتُ أَجْعَلُ لَكَ صَلَاتِي كُلَّهَا ؟ قَالَ : إِذًا تُكْفَى هَمَّكَ وَيُغْفَرُ لَكَ ذَنْبُكَ. (২৯১)

আমি একদা রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলাম এয়া রাসূলাল্লাহ্! আমি আপনার প্রতি অধিকহারে দুরূদ ও সালাম পাঠ করি, এয়া রাসূলাল্লাহ্! আমি (রাত-দিনের মধ্যে) কত সময় আপনার প্রতি দুরূদ-সালামের জন্য নির্ধারণ করবো? তিনি উত্তরে বললেন, তুমি যে পরিমাণ চাও, আমি বললাম, রাত-দিনের এক চতুর্থাংশ সময়? বললেন, যা চাও, যদি এর চেয়ে বেশী সময় নির্ধারণ কর তাহলে আরও ভাল হয়। আমি বললাম, যদি রাত-দিনের অর্ধেক সময়? বললেন, তুমি যা চাও, আর যদি তার চেয়েও অধিক পরিমাণে পাঠ করো তাহলে আরও ভাল হয়, আমি বললাম, যদি দুই তৃতীয়াংশ? বললেন, তুমি যা চাও, যদি তারও বেশি হয় তাহলে আরও ভাল হয়, তখন আমি বললাম, তাহলে আমি রাত-দিনের সবটুকু সময় আপনার প্রতি দুরূদ-সালাম পাঠের জন্য নির্ধারণ করে নিলাম। তখন রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম বললেন, যদি তাই করো তাহলে তোমার সকল চিন্তা-

291- قال الترمذي : حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وحسنه المنذري في (الترغيب والترهيب) ، وكذا حسنه الحافظ في "الفتح" (168/11) ، وأشار البيهقي في "الشعب" (215/2) إلى تقويته ، وصححه الألباني في "صحيح الترغيب" (1670) وغيره.

পেরেশানী দূরীভূত হয়ে যাবে এবং তোমার সকল গুনাহ্ ক্ষমা করে দেয়া হবে।(২৯২)

উপরোক্ত হাদীস শরীফ থেকে বুঝা যায়, রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এত অধিকহারে উক্ত সাহাবীকে দুরূদ পাঠ করার অনুমতি দিয়েছেন যে, তাঁর দৈনন্দিন জীবনের একমাত্র ওযীফা ছিল দুরূদ পাঠ করা, আর এতে রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম খুশী হয়ে ওই সাহাবীকে দুনিয়া ও আখিরাতের সকল প্রকার চিন্তা-পেরেশানী মুক্ত হবার এবং জীবনের সকল গুনাহ্ ক্ষমা হয়ে যাবার সুসংবাদও দিয়েছেন।

আর আযানের পূর্বের সময়টুকু উপরোক্ত সময় থেকে পৃথক সময় নয় বরং ওই সাহাবীর দুরুদ পাঠের সময়গুলোর একটি হলো আযানের পূর্ব ও পরবর্তী সময়। কেননা রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁকে আযানের পূর্বে দুরূদ পড়তে নিষেধ করেননি বরং আযানের পূর্বে ও পরেও দুরূদ পাঠের অনুমতি দিয়েছেন। অতএব, আযানের পূর্বে ও পরে দুরূদ-সালাম পাঠ করা শুধু বৈধ নয় বরং একটি মুস্তাহাব কাজ।

عن أبي هريرة رضي الله عنه قال : كان بلالٌ إذا أرادَ أنْ يُقِيمَ الصلاةَ قال السلامُ عليْكَ أيُّها النبيُّ ورحمَةُ اللهِ وبَرَكَاتُهُ الصلاةُ رَحِمَكَ اللهُ(২৯৩)

হযরত আবু হোরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, হযরত বেলাল রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু যখন ইক্বামত দেয়ার ইচ্ছাপোষন করতেন তখন তিনি বলতেন,

السلامُ عليْكَ أيُّها النبيُّ ورحمَةُ اللهِ وبَرَكَاتُهُ الصلاةُ رَحِمَكَ اللهُ

"হে প্রিয়নবী! আপনার প্রতি সালাম, আল্লাহর রহমত ও বরকত নাযিল হোক এবং আল্লাহ তাআলা আপনার প্রতি করুনা করুক।"(২৯৪)

আযানের পরে সালাত-সালাম পাঠের ক্ষেত্রে আল্লামা শামী তাঁর রদ্দুল মুহতার এ বলেন, মাগরিবের আযানের পূর্বে ও পরে দুই বার সালাত-সালাম পাঠ করা হতো, যা 'খাযায়েন' নামক কিতাবে সুস্পষ্টবাবে বর্ণনা করেছেন, এ থেকে বুঝা যায়, আযানের পর সালাত-সালাম পাঠ করার নিয়মটি তাঁর সময়েও প্রচলিত

২৯২ -[তিরমিযী, ২/৬৮]

293- (الطبراني في "المعجم الأوسط" (372/8)) (الراوي : أبو هريرة | المحدث :الهيثمي | المصدر : مجمع الزوائد. الصفحة أو الرقم | 2/78 :خلاصة حكم المحدث : فيه عبد الله بن محمد بن المغيرة وهو ضعيف

২৯৪ -তাবরানী: মু'জামুল আওসাত ৮/৩৭২

ছিল, অথবা এ দুইবার সালাত-সালাম পাঠ করার সময়টি ছিল, একটি মাগরিবের পরে আর অপরটি এশার নামাযের পূর্বে অথবা মাগরিব ও ইশার নামাযের মধ্যবর্তী সময়ে, আর তা ছিল জুমার দিন ও সোমবারের দিন, যা দামেশকে (সিরিয়ার রাজধানী) 'তাযকীর' নামে পরিচিত ছিল। একইভাবে যেটি জুমার দিনের আযানের পূর্বে প্রচলন ছিল।

وقال السخاوي في القول البديع: أحدث المؤذنون الصلاة والسلام على رسول الله صلى الله عليه وسلم عقب الاذان للفرائض الخمس جلا الصبح والجمعة فإنهم يقدمون ذلك قبل الاذان، وإلا المغرب فلا يفعلونه لضيق وقتها، وكان ابتداء حدوثه في أيام الناصر صلاح الدين يوسف بن أيوب وبأمره. وذكر بعضهم أن أمر الصلاح بن أيوب بذلك كان في أذان العشاء ليلة الجمعة، ثم إن بعض الفقراء زعم أنه رأى رسول الله صلى الله عليه وسلم وأمره أن يقول للمحتسب أن يأمر المؤذنين أن يصلوا عليه عقب كل أذان فسر المحتسب بهذه الرؤيا فأمر بذلك واستمر إلى يومنا هذا.

وقد اختلف في ذلك هل هو مستحب أو مكروه أو بدعة أو مشروع؟ واستدل للأول بقوله: * (وافعلوا الخير) * ومعلوم أن الصلاة والسلام من أجل القرب لا سيما وقد تواترت الاخبار على الحث على ذلك مع ما جاء في فضل الدعاء عقبه والثلث الأخير وقرب الفجر. والصواب أنه بدعة حسنة وفاعله بحسب نيته انتهى. (২৯৫)

মূল কিতাবের বক্তব্যের নিরিখে ব্যাখ্যাকারী বলেন, এটি বিদআতে হাসানাহ্ বা প্রচলনকৃত উত্তম কাজ। 'নাহর' নামক কিতাবে 'আল কাওলুল বাদী' নামক কিতাবের সূত্রে বর্ণনা করেন, উপরোক্ত মতামতের ভিত্তিতে বিশুদ্ধ অভিমত হলো, এটি বিদ্আতে হাসানাহ্'।(২৯৬)

الحافظ ابن حجر نقل عن بعض الحنفية أن النداء قبل الفجر لم يكن بألفاظ الأذان، وإنما كان تكبيرا أو تسبيحا كما يقع للناس اليوم. (২৯৭)

ইমাম ইবনে হাজর আল আসক্বালানী কতেক উল্লেখযোগ্য হানাফী আলিমদের সূত্রে বর্ণনা করেন, ফজরের আযানের পূর্বে মুয়াযযিনগণ আহবানের উদ্দেশ্যে যা

295- مواهب الجليل - الحطاب الرعيني - ج ٢ - الصفحة ٨١

২৯৬ -[রদ্দুল মুহতার, আযান অধ্যায়, পৃ. -২৬১]

297- مواهب الجليل - الحطاب الرعيني - ج ٢ - الصفحة ٨١

বলতেন তার শব্দগুলো মূলত আযানের শব্দ ছিলনা বরং তা ছিল তাকবীর, তাসবীহ ইত্যাদি, যার প্রচলন এখনও বিদ্যমান।"(২৯৮)

وقال شمس الدين أبو عبد الله محمد بن محمد بن عبد الرحمن الطرابلسي المغربي، المعروف بالحطاب الرُّعيني المالكي في مواهب الجليل في شرح مختصر خليل

ذكر ابن سهل عن ابن عتاب والمسيلي أنهما أجازا قيام المؤذنين بعد نصف الليل بالذكر والدعاء.

وقال صاحب مواهب الجليل في شرح مختصر خليل: الحافظ السخاوي وألف جزءا في سماه {القول المألوف في الرد على منكر المعروف} ، وقال فيه بعد كلام كثير: فعلم أن المؤذن قد أتى بسنة شريفة، وهي الدعاء في هذا الوقت المرجو الإجابة، وكونه جهر به ملتحق بالمواطن التي جاءت السنة بالجهر فيها فهو إن شاء الله سنة، ثم ذكر السخاوي عن جماعة من الشافعية وغيرهم أنهم أفتوا بجواز ذلك

'রদ্দুল মুহতার' এ বিদ্যমান আল্লামা শামী রহমাতুল্লাহি তা'আলা আলায়হির ভাষ্য থেকে প্রমাণিত হয় যে, 'দুররুল মুখতার' নামক কিতাব রচনাকালে মাগরিবের পূর্বে ও পরে অথবা মাগরিবের পরে ও ইশার আযানের পূর্বে অনুরূপভাবে জুমার আযানের পূর্বে সালাত-সালাম পাঠ করার প্রচলন ছিল। অর্থাৎ তা ব্যাপকভাবে বিশ্বের মুসলমানদের নিকট পরিচিত ও প্রচলিত ছিল যাকে ফুকহায়ে কেরাম একটি মুস্তাহাব ও উত্তম আমল হিসেবে অভিমত ব্যক্ত করেছেন।

ইমাম সাখাভী রহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর 'আল কাওলুল বাদী' নামক কিতাবে লিখেন "মুয়াযযিনগণ ফযর এবং জুমার নামায ব্যতীত অন্যান্য নামাযের আযানের পরে সালাত-সালাম পাঠ করার নিয়ম প্রচলন করেন, আবার তারা ওই সমস্ত নামাযের আযানের পূর্বেও সালাত-সালাম প্রদান করতেন।"(২৯৯)

আলিমগণের অভিমত হলো যে, প্রত্যেক আযানদাতা, ইক্বামতদাতা ও শ্রোতার জন্য সুন্নাত হলো, আযান ও ইক্বামত থেকে অবসর হওয়ার পর রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের প্রতি দুরূদ-সালাম প্রেরণ করা।(৩০০)

আল ফিক্বহ্ আলাল মাযাহিবিল আরবা'ঃ ফিক্বহ্ শাস্ত্রের প্রসিদ্ধ এ কিতাবে আযানের পূর্বে শুধু সালাত-সালামকে বৈধ হিসেবে সাব্যস্ত করা হয়নি বরং এ

২৯৮ -(মাওয়াহেবুল জলীল: আল হাত্তাব আর রায়ীনি২/৮১)

২৯৯ -[আল কাওলুল বাদী', পৃ. ১৯/১৯৪]

৩০০ -[আস্ সিরাজ আল ওয়াহ্হাজ আ'লাল মিনহাজ, পৃ. ৩৮]

বিষয়ে স্বতন্ত্র একটি বাব বা অধ্যায় স্থাপন করা হয়েছে। আর শিরোনামটি ছিল আযানের পূর্বে সালাত-সালাম বিষয়ক অধ্যায়।(৩০১)

তাফসীরে রূহুল বয়ানঃ বিশ্ববিখ্যাত তাফসীরগ্রন্থ 'রুহুল বয়ান'-এর লিখক আল্লামা ইসমাইল হক্কী রহমাতুল্লাহি তা'আলা সালাত-সালাম পাঠের মুস্তাহাব সময়গুলোর বর্ণনার এক পর্যায়ে বলেন, অর্থাৎ প্রত্যেক গুরুত্বপূর্ণ ও ফযীলতপূর্ণ কাজ করার পূর্বে দুরূদ ও সালাম পাঠ করা মুস্তাহাব।(৩০২)

আযানে একটি ইসলামী শরীয়তের গুরুত্বপূর্ণ ও ফযীলতমন্ডিত আমল তাই এর পূর্বেও সালাত-সালাম পাঠ করা মুস্তাহাব।

সহীহ্ মুসলিম শরীফঃ হাদীস শাস্ত্রের সর্বাধিক বিশুদ্ধ কিতাবদ্বয়ের একটি হলো মুসলিম শরীফ, এতে বর্ণিত আছে, রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেন:

فعن عبد الله بن عمرو بن العاص رضي الله عنهما أنه سمع النبي صلى الله عليه وسلم يقول : إِذَا سَمِعْتُمْ الْمُؤَذِّنَ فَقُولُوا مِثْلَ مَا يَقُولُ ، ثُمَّ صَلُّوا عَلَيَّ ، فَإِنَّهُ مَنْ صَلَّى عَلَيَّ صَلَاةً صَلَّى اللَّهُ عَلَيْهِ بِهَا عَشْرًا ، ثُمَّ سَلُوا اللَّهَ لِي الْوَسِيلَةَ ، فَإِنَّهَا مَنْزِلَةٌ فِي الْجَنَّةِ لا تَنْبَغِي إِلا لِعَبْدٍ مِنْ عِبَادِ اللَّهِ ، وَأَرْجُو أَنْ أَكُونَ أَنَا هُوَ ، فَمَنْ سَأَلَ لِي الْوَسِيلَةَ حَلَّتْ لَهُ الشَّفَاعَةُ (৩০৩)

যখন তোমরা আযান শুনবে তখন উত্তরে তাই বলো যা মুয়ায্যিন বলছে, অতঃপর তোমরা আমার প্রতি সালাত পাঠ কর।(৩০৪)

এ হাদীস শরীফ থেকে আযানের পর সালাত-সালাম পাঠ করা সুন্নাত প্রমাণিত হলো এবং পূর্ববর্তী বর্ণনা থেকে আযানের পূর্বে সালাত-সালাম মুস্তাহাব বা সুন্নত প্রমাণিত হলো।

ফাতাওয়ায়ে শামী :এ বিষয়ে ফাতাওয়ায়ে শামীতে উল্লেখ করা হয়েছে এভাবে-

৩০১ -[আল ফিক্বহ্ আলাল মাযাহিবিল আরবা'.১/২৫৬]

৩০২ -[রুহুল বয়ান ৭/৪০৯২]

303- صحيح مسلم « كتاب الصلاة « باب استحباب القول مثل قول المؤذن والصلاة على النبي وسؤال الوسيلة له رواه مسلم (577.) أخرجه أبو داود في " كتاب الصلاة" " بلب ما يقول إذا سمع المؤذن" " 523"، وأخرجه الترمذي في " كتاب المناقب" " باب فضل النبي صلى الله عليه وسلم " " 3614"، وأخرجه النسائي في " كتاب الأذان " " باب الصلاة على النبي صلى الله عليه وسلم بعد الأذان" " 677.".

৩০৪ -[মুসলিম, হা-১১, আবু দাউদ, হা-৫২৩, তিরমিযী, হা-৩৫১৪, নাসাঈ, হা-৬৭৮, মিশকাত, হা-৬৫৭]

مطلب نص العلماء على استحباب الصلاة على النبي صلى الله عليه وسلم في مواضع) قوله ومستحبة في كل أوقات الإمكان) أي حيث لا مانع[৩০৫]

অর্থাৎ শুধুমাত্র নিষিদ্ধ সময় ও স্থান ব্যতীত সম্ভাব্য সকল সময় ও স্থানে সালাত-সালাম মুস্তাহাব ।[৩০৬]

এ নিষিদ্ধ সময় ও স্থান সম্পর্কে তিনি আরও বলেন:

مطلب في المواضع التي تكره فيها الصلاة على النبي صلى الله عليه وسلم] تنبيه [تكره الصلاة عليه صلى الله عليه وسلم في سبعة مواضع : الجماع ، وحاجة الإنسان ، وشهرة المبيع والعثرة ، والتعجب ، والذبح ، والعطاس على خلاف في الثلاثة الأخيرة شرح الدلائل ، ونص على الثلاثة عندنا[৩০৯]

অর্থাৎ সাতটি স্থানে ও সময়ে সালাত-সালাম পাঠ করা নিষেধ। আর তা হলো- ১. স্বামী-স্ত্রী মিলনকালে ২. মল-মূত্র ত্যাগকালে, ৩. পণ্য সামগ্রী বিক্রয়কালে তার বহুল প্রচারের উদ্দেশ্যে, ৪. হোঁচট খেয়ে পড়ে গেলে বা যাবার সময়, ৫.

